ধর্মবিজয়ী অণোক

প্রবোধচন্দ্র সেন



It isn't cover

banglabooks.in

धर्मविजशी व्यत्भाक





ধর্মবিজয়ী অশোক

এই লেখকের **ছন্দোগু**রু রবীন্দ্রনাথ

বিশ্বভারতী গ্রন্থালয় ২ বন্ধিম চাটুজ্জে খ্রীট, কলিকাতা

ধর্মবিজয়ী অশোক

প্রবোধচন্দ্র সেন এম-এ
বাংলা সাহিত্যের রবীক্সনাথ-অধ্যাপক,
বিশ্বভারতী





পূর্বাশা **লিমিটেড** পি ১৩ গণেশচন্দ্র এভিম্না, কলিকাতা প্রথম প্রকাশ ১ বৈশাথ ১৩৫৪

আকাশক ও মুজাকর: সত্যপ্রসন্ন দত্ত পুর্বাণা লিঃ, পি ১৬ গণেশচন্দ্র এভিম্যু, কলিকাতা আধুনিক যুগের অহিংসাত্রত ধর্মবিজেতা মহাত্মা মোহনদাস করমটাদ গান্ধীকে শ্রদ্ধাঞ্চলি

ধর্মবিজয়ী অশোক



সারনাথ স্তত্নীর্ষ

প্রস্তাবনা

বিশ্বভারতীর কৃতী অধ্যাপক শ্রীমান্ প্রবোধচন্ত্র একদিন না একদিন ধর্মবিজ্বরী অশোক সহত্তে মননযোগ্য বই নিথবেন পূর্ব থেকেই জানতাম। সেদিন থেকে জানতাম যেদিন তিনি স্থানীর বিশ্ববিদ্যালয়ের প্রাচীন ভারতীর ইতিহাস ও সংস্কৃতি বিভাগে আমার ক্লাসে দেবানাংপ্রিয় অশোকের উৎকীর্ণ নিপিসমূহ বিচক্ষণতা ও নিষ্ঠার সহিত পড়তে আসেন। আজও বেল মনে পড়ে প্রবোধচন্ত্রের পরিপূচ্চা, জিজ্ঞাসা ও প্রতীক্ষ তর্কবিতর্কের ফলে আমার অমুলাসনের ক্লাসগুলি কেমন জমে উঠত। কলিলাধিপতি চেতকুলতিলক প্রজারঞ্জক সর্বপাযগুপুজক ও সর্বদেবায়তনসংস্কারক থারবেলের হাথিগুম্ফাপ্রশিস্তিও প্রবোধচন্ত্র আমার নিক্ট অধ্যয়ন করেন। তথন থেকে আজ পর্যন্ত আমাদের ব্যক্তিগত সম্বন্ধ আছেত্ব হয়ে আছে।

আগের থেকেই বাংলাভাষায় প্রবন্ধানি লেখা প্রবোধচক্রের অভিপ্রায় ও উচ্চাভিলাষ ছিল। এক্ষেত্রেও তিনি তাঁর পূর্ব সংকর বর্জন করেননি। বস্তুর বিশ্লেষণী ক্ষমতা, বিচারবৃদ্ধি এবং নিরূপিত সত্যকে প্রমাণ সহ পাঠকের নিকট উপস্থিত করবার সংসাহস প্রবোধক্রের রচনার বিশেষত্ব। ভাষাও যেমন সরল প্রাঞ্জল ও হৃদয়গ্রাহী, প্রকাশভঙ্গিও তেমন মনোহর ও স্কুলর। তাঁর এই কৈশোরাগত গুণগুলি ধর্মবিজয়ী অশোক' পৃস্তকেও সর্ব্রে কুটে উঠেছে। তবে এখানে বিষয়বস্তু হচ্ছে ঐতিহাসিক এবং এর গুরুস্থ নির্ভর করছে লব্ধ তথ্য ও প্রমাণের ষণায়প বিচারের উপর।

প্তকের আলোচ্য বিষয় অশোকের ধর্মবিজয় ও অহিংসানীতি,

অহিংসা ও রাজনীতি, ধর্মনীতি, এবং ধর্মনীতির পরিণাম। অশোকের ব্যক্তিগত জীবনের ইতিহাস, সাম্রাজ্যের সীমা ও রাষ্ট্রীয় শাসন প্রভৃতি মুখ্য আলোচ্য বিষয় নয়। সংক্ষিপ্ত হলেও প্রবোধচক্রের গ্রন্থ পূর্ণায়, এবং বিস্তারিত হলেও আমার Asoka and His Inscriptions অপূর্ণ। অশোকের উদার ধর্মনীতির সহিত আকবরের সাম্যনীতির তুলনা করে তিনি তাঁর আলোচনাকে পূর্ণরূপ দিতে পেরেছেন, আমি গ্রন্থের কলেবরবৃদ্ধির ভয়ে মুস্লমান আমলের ইতিহাস আলোচনা করিনি।

প্রাক্ষুসলমান যুগে, বিশেষত বৌদ্ধর্ম এবং অশোকের ধর্মবিজয় ও ধর্মনীতি সম্পর্কে, সব চেয়ে দেখবার ও ভাববার বিষয় দেবোপাসনা-ও যাগযজ্ঞ-পরায়ণ বৈদিক ব্রাহ্মণ্য ধর্ম, সংকীর্ণ রাজ্ঞনীতি ও সমাজ্ঞ-গঠনের সহিত উদারপন্থার বিভেদ, ঐ বিভেদের ফলে বিরোধিতা, বিরোধিতার ফলে সংকীর্ণতার উদ্দায়তা, ক্রমে জাতীয় জীবনের অধাগতি, দাসত্বের বহু প্রকারভেদ ও জটিলতা, অশ্বমেধ যজ্ঞের প্ররাবির্ভাব ও বাড়াবাড়ি, স্তরে স্তরে জাতিবিস্থাস, ভেদবৃদ্ধি, কুটিলতা, বিশ্বাস্থাতকতা এবং পরিণামে পরবশতা। এ বিষয়ে আমাদের প্রমাণ ও মৃত্তির ধারা অনেকাংশে অভিয় ও এক। মৃথ্যত একটি বিষয়ে আমাদের মতের মধ্যে অনৈক্য আছে।

গ্রন্থের অংশবিশেষে প্রবোধচন্দ্র অধ্যাপক দেবদন্ত রামরুঞ্চ ভাণ্ডারকর ও হেমচন্দ্র রায়চৌধুরীর অভিমত ও ধুক্তির প্রভাব এড়াতে পারেননি। সে অংশে আলোচনা করা হয়েছে অশোকের ধর্মনীতির পরিণাম। মৌর্যসামাজ্যের অবনতি ও ধ্বংসপ্রাপ্তির চারটি প্রধান কারণ সতর্কতার সহিত আলোচিত হলেও মোটের উপর গ্রন্থকারের সিদ্ধান্ত অশোকের বিরুদ্ধে।

একথা সত্য যে, অশোকের মৃত্যুর পর মৌর্যসাম্রাঞ্চ্য অর্থশতাকীর অধিক স্থায়ী হয়নি। এর অবসান ঘটেছে মগধে শুক্ষমিত্র বংশের অস্থ্যদয়ে। এর নিশ্চয় কোনো না কোনো কারণ ছিল। গ্রন্থকারের দেওয়া চারটিই যথার্থ ও মুখ্য কারণ। তবে নাগাজুনি পর্বতগুহার লিপিত্রয় থেকে জানা যায় যে, অশোকের উত্তরপুরুষ রাজা দশর্থ দেবানংপিয় ও পিয়দসি উপাধিতে ভূষিত ছিলেন, অর্থাৎ তখন পর্যস্ত মোর্যসামাজ্য অব্যাহত ছিল। তারপর স্বই প্রহেলিকাচ্ছর। পালি দীপবংস ও মহাবংস অশোকের পরবর্তী কোনো মৌর্যসম্রাটের নাম করে না। বুঝতে হবে তাঁদের কেউ সন্ধরের পৃষ্ঠপোষক ছিলেন না। দশরণও ছিলেন আজীবিক সম্প্রদায়ের উপাসক। পুরাণাদিতে একটি নামতালিকা মিলে। গার্গীসংহিতার যুগপুরাণ বিবৃত আছে যে, ইস্তাবতার শালিশুক ছিলেন ধর্মের নামে অধার্মিক (ধর্মবাদী অধার্মিক:), স্বরাষ্ট্রমর্দনের ফলে প্রজাগণ এত রুষ্ট হয় যে শেষকালে তিনি তাঁর ধার্মিক প্রথিতগুণ ও ক্লতী জ্যাষ্ঠ্রাতা বিজয়কে সিংহাসনে বসাতে বাধ্য হন। বিজয়ের রাজদ্বালে কিংবা অব্যবহিত পরে হুষ্টবিক্রম যবনগণ সাকেত, পঞ্চাল ও মধুরা জয়ের পর কুস্থপুর বা পাটলিপুত্রকে কাদায় প্রোধিত করে রাজ্যের সর্বত্র হাহাকার তুলেছিল।

ততঃ সাকেতম্ আক্রম্য পঞ্চালান্ মধুরাংগুথা।
যবনা দুইবিক্রাস্তাঃ প্রাপ্ শুস্তি কুসুমধ্যক্রম্ ॥
ততঃ পুশপুরে প্রাপ্তে কর্দ্ধমে প্রোথিতে হিতে।
আকুলা বিষয়াঃ সর্বে ভবিয়ন্তি ন সংশয়ঃ ॥

পুরাণাদির নামতালিকার শালিগুক জনৈক পরবর্তী মৌর্ব রাজা। কিন্তু যেতাবে যুগপুরাণ শালিগুকের আবির্ভাবকাল নির্দেশ করেছে তাতে শতই মনে সন্দেহ জাগে বৃগপুরাণের উক্তি জাদৌ বিশ্বাস্ত কি না। বলা হরেছে শৈশুনাগবংশীর রাজারা পাটলিপুত্রে পাঁচ হাজার পাঁচশো পঞ্চার বছর রাজন্ব করবে, তারপর আবির্ভাব হবে শালিশুকের। গর্গোক্ত যবন কারা? লক্ষণসেনের পুত্র বিশ্বরূপ-সেন ও কেশবসেনের তাম্রশাসনসমূহে গর্গযবন শব্দে ভুরকি আক্রমণকারীকেই নির্দেশ করেছে:

গৰ্মবনাম্বরপ্রশাসকালকদ্র:।

যবনের আগমন সহকে ৭২ শকাবে (১৫০ গ্রীষ্টাবে) উৎকীর্ণ প্রথম রুদ্রদামনের জুনাগড় শিলালেথে বলা হরেছে যে, অশোক মৌর্যের রাজত্ব শেষ হলে পর (অশোকত মৌর্যক্তংতে) যবনরাজ তুবাক্ষ চক্রপ্তথ্য মৌর্যের রাজত্বকালে নির্মিত জ্বদর্শন হুদের এক বাঁধ তৈরি করিয়েছিলেন। 'তুবাক্ষ' এই পারসীক নামধারী যবনরাজ সম্ভবত এদেশের উত্তরপন্দিম অঞ্চল থেকে শুজ্বরাটে এসেছিলেন। পতঞ্জলিরুত পাণিনীয় মহাভাগ্রের বর্ণনামতে পুশুমিত্রের সময়ে রাজপুতানার মধ্যমিকা অঞ্চলে যবনদের আবির্ভাব হরেছিল। কিন্তু এ পুশুমিত্র কে আমরা এখনও ঠিক জানি না। পুরাণাদিতে শুক্ত এবং কাধ্যের পরবর্তী পুশুমিত্রদের উল্লেখ আছে। পাণিনীয় মহাভাগ্রের ক্ষামধ্য গ্রন্থকার পতঞ্জলি শুক্তবংশের প্রতিষ্ঠাতা পুশুমিত্রের সমসাময়িক কি না সন্দেহ।

পতশ্বনির মতামুসারে অত্তবান্, আর্মান্ ও দীর্ঘায়্ই শব্দের স্থার দেবানংপ্রিয়ও একটি স্মানস্চক পদবী। হর্ষচরিতের টীকাকারের মতে দেবানাংপ্রিয় একটি পূজাবচন (honorific)। আমি মনে করি না যে, পাণিনির বার্তিককার কাত্যায়নের 'দেবানাংপ্রিয় ইতি চ মূর্থে' বচনটি অশোকের প্রতি বিষেষ স্বচনা করে। গ্রীক রাজদৃত মেগাস্থিনিস বলেন, তাঁর সময়ে এ দেশে দেবোপাসক প্রাহ্মণগণ ছিলেন 'dear unto the gods' অর্থাৎ দেবানাংপ্রিয়। পালি অকুতর-নিকায়ের এতদগ্গ বগ্নো দেখা যায় বুদ্ধের সমসাময়িক শিশ্ম শ্ববির পিলিন্দবৎস দেবতানংপিয়দের মধ্যে অগ্রগণ্য। পালি অপদান গ্রম্মে বর্ণিত আছে যে, পিলিন্দবৎস তাঁর পূর্বজন্মে বর্তমান ভদ্রকল্পে জনৈক মহামুভব রাজচক্রবর্তীর পদে অধিষ্ঠিত ছিলেন এবং তাঁয় ধার্মিক রাজশাসনের ফলে বছলোক দেহত্যাগের পর দেবলোকে জন্মগ্রহণ করে মর্ত্যে এসে তাঁর কাছে তাদের ক্বভক্ততা জানাত, এজছাই তাঁর উপযুক্ত খ্যাতি হয়েছিল দেবতানংপ্রিয়।

ইমিশিং ভদকে কপ্পে একো আসি জনাধিপো। নহামুভাবো রাজা সি চক্কবন্তি মহাবলো।। সো হং পঞ্চত্ম সীলেম্ম ঠপেতা জনতং বহং। পাপেত্বা প্রগতিং যেব দেবতানংপিয়ো অহং।।

'ষষ্ঠ্যা আক্রোশে' পাণিনির এই স্থেরে মানে বটাবিভজিবৃক্ত অলুক্সমাসে আক্রোশ বোঝায়। কাত্যায়ন এর উপর মন্তব্য করলেন, দেবানাংপ্রিয়ের স্থায় সন্মানস্চক পদবীও 'মূর্য' অর্থে প্রযুক্ত হয়। দেবানাংপ্রিয় যে তাঁর সময়ে একটি প্রকৃষ্ট পৃষ্ণাবচন ছিল, তাঁর মন্তব্য থেকে তাই শুধু প্রতীয়মান হয়। নচেৎ 'ইতি চ' নিপাতপূর্ব 'চ' অবায়টি নির্থিক হয়। কাত্যায়নপ্রদন্ত দেবানাংপ্রিয়ের অনুষায়ী শব্দ সংয়তে মহাব্রাহ্মণঃ, বাংলায় বড়োলোকের ছেলে, ইংরেজিতে learned।

পূর্বে বলেছি অশোকের পরবর্তী মৌর্য সমাট্ট দশরথ ছিলেন আজীবিক সম্প্রদারের উপাসক। আজীবিকেরা ছিলেন জ্যোতিবী ও ভবিশ্বদ্বক্তা। বৌদ্ধ কিংবদন্তীমতে এক্সন্তই ছিল বিশ্বসারের রাজপরিবারে জনৈক আজীবিকের বিশেষ প্রতিপত্তি। যথাপুর্বং

তথাপরং জ্যোতিষীরাই বহক্ষেত্রে রাজ্ঞা ও রাজ্যের ভাগ্যবিধাতা। যুগপুরাণের প্রমাণেও অশোকের পরবর্তী মৌর্যগণের অধঃপতনের জন্ম তাঁদের ধর্মের নামে অধ্যাচরণই দায়ী।

পালি মহাপরিনিকানভ্তত্তে ভবিশ্বদ্বাণী করা হয়েছে ভবিশ্বতে পাটলিপুত্রের তিন কারণে বিপদ্ হতে পারে, অগ্নিদাহ, জলপ্লাবন কিংবা অন্তর্জোহ। সে যে কখন ঘটেছিল তা এখনও আমরা জানিনে, অশোকের পূর্বে কিংবা পরে।

আমার মতে সাম্রাজ্যবিশেষের উপানপতন প্রাকৃতিক নিয়মসিজ। যেমন ব্যক্তিবিশেষের জীবনে যতই সাবধানতা ও সতর্কতা অবলম্বন করা হোক না কেন মৃত্যু অবশুজ্ঞাবী, তেমনি সাম্রাজ্যবিশেষেরও অবসান অবধারিত। বহু পুরাতন রাজ্বংশের পরিণাম আলোচনা করে অপ্রসিদ্ধ ঐতিহাসিক দার্শনিক ইবনা খালদূন তাঁর মকদিমা গ্রন্থে এ সিদ্ধান্তে উপনীত হন যে, যেমন ব্যক্তির পর্যায়ু ১২০ বছর, রাজ্বংশের প্রকৃত স্থায়িম্বকালও তাই। প্রথম তিন পুরুষের আমলে রাজত্ব বেশ চলে, তৃতীয় পুরুষে তা চরমে পৌছে, পঞ্চম পুরুষের পর থেকে অধংপতন ঘটতে শাকে।

অশোকের সময়ে মৌর্য সামরিক শক্তি অব্যাহত ছিল। তাঁর ত্রয়োদশ গিরিলিপিতে দেখি কলিকজ্মের পাঁচ বছর পরেও তিনি তাঁর কোষ-দণ্ড-বলজনিত প্রভাব বা প্রভূশক্তি বিষয়ে সচেতন। সাম্রাজ্যের অভ্যন্তরে উপদ্রবকারী আটবিকগণকে সমুচিত দণ্ড দিয়ে তিনি পরে তাঁর অনিচ্ছাক্ত কার্যের জন্ম অম্বতাপ জানাচ্ছেন আর নিজ্যের প্রভাব দ্বারা শাসাচ্ছেন 'ভদ্র হয়ে চল, নচেৎ হত্যা করা হবে'। তাঁর সাম্রাজ্যের উত্তরপশ্চিম সীমাজে কোনো আক্রমণের আশক্ষা হয়েছিল তা তাঁর কোনো লিপি থেকে প্রমাণিত হয় না। পূর্বপ্রান্তে আশহার কারণ হরেছিল, প্রমাণ কলিকে উৎকীর্ণ নিতীর সভর গিরিলিপি। সম্ভবত তা তাঁর অভিবেকের ওংতম কিংবা ৩৭ তম বর্ষে উৎকীর্ণ হয়েছিল। তাতে তিনি সমীপবর্তী সামস্কগণকে শাসিরেছেন এই বলে, 'আমি তোমাদের ক্ষমা করব আমার থৈর্যের সীমা অতিক্রম না করা পর্যন্ত'। কাজেই তখন পর্যন্ত তাঁর কোব-দণ্ড-বলপ্রস্ত প্রভূশক্তি অটুট ছিল। তখন তাঁর পূত্রগণ শুধু যে বয়ম্ব হয়েছিলেন তা নয়, তাঁরা প্রান্তীয় প্রদেশসমূহে স্বতম্ক মন্ত্রিপরিষদ্ সহ উপরাজার কার্যভার পেরেছিলেন। তাঁর রাজদের অবসানের পটভূমিতে আমরা এরপ একটি স্পষ্ট দৃশ্য দেখি তাঁর বিতীয় স্বতম্ব কলিক-গিরিলিপিতে।

চতুর্থ গিরিলিপিপ্রসঙ্গে 'ভেরীঘোস' শব্দে রণভেরীর নিনাদ অর্থ হতেই পারে না। 'ভেরীঘোসো অহা ধল্মঘোসো' উক্তির একমাত্র উদ্দেশ্য প্রজাহিতিষী পূর্ব পূর্ব রাজগণের অবলম্বিত ধর্মোৎসব এবং অশোকের অবলম্বিত ধর্মোপদেশ, প্রজাবর্ণের ও জনমানবের আশান্তরপ চরিত্রোন্নতি সাধনের এ ছুই উপায়ের কার্যকারিতার পার্থক্য দেখানো। নচেৎ চতুর্থ গিরিলিপি ও সপ্তম স্তম্ভলিপির তণিতা অংশের কোনো মানে যে না।

আমার বলবার উদ্দেশ্ত সাম্রাজ্ঞাবিশেষের উপানপতনের কারণ-গুলির উপরে জোর না দিয়ে ঐতিহাসিকের প্রধানত দেখা উচিত আদর্শবাদী অশোকের ধর্মনীতি ও ধর্মবিজ্ঞাপন্ধতি ভারতসভ্যতা ও মানবসভ্যতার গতি কভটা নিয়ন্ত্রণ করেছে। অথের বিষয় প্রবোধচন্ত্র এর স্মুম্পান্ত আভাস দিয়েছেন। এ বিষয়ে উপযুক্ত আলোচনা ও গবেবণা আজ অবধি হয়নি। আশা ছিল আমি নিজেই পরে এ সমস্তার সমাধানে অগ্রসর হব। আর অধিক লিখে প্রস্তাবনার সীমা অতিক্রম করা উচিত মনে করি না। তবে উপসংহারে বলা কর্তব্য বে, ছএকটি বিষয়ে কিছু কিছু মতভেদ সত্ত্বেও লেখকের ক্ষান্ত তথ্য এবং মৌলিক যুক্তি ও বিচারগুলি আমার কাছে খুবই উপাদের মনে হয়েছে। আমার বিশ্বাস গ্রন্থটি যেভাবে লেখা তাতে এট সকল শ্রেণীর পাঠকের কাছেই সমাদৃত হবে। আমি এও আশা করি যে, প্রবোধচক্র অশোক সম্বন্ধে বৃহত্তর গ্রন্থ লিখে সকলকে উপকৃত করবেন।

কলিকাতা বিশ্ববিদ্যালয়
>০ জামুয়ারী ১৯৪৭

শ্রীবেণীমাধব বড়ুয়া

ভূমিকা

প্রিয়দর্শী অশোক প্রাচীন ভারতীয় ধর্ম ও সংষ্কৃতির মূর্ত শ্বরূপ।
তাঁর চরিত্র ও বাণীতেই ভারতবর্বের সর্বোভম আত্মপ্রকাশ ঘটেছিল।
তিনি যে ধর্ম ও মৈত্রীর বাণী তৎকালীন সভ্য জগতের এক প্রান্ত
থেকে অপর প্রান্ত বছন করে নিয়েছিলেন তার ফলেই ভারতবর্ব
চিরকালের জন্ম বিশ্বমানবের হৃদয়ে প্রতিষ্ঠা লাভ করেছে। জাতিবর্ণ-ও ধর্ম-নির্বিশেষে মামুবের মধ্যে শান্তি ও মৈত্রী প্রতিষ্ঠা এবং
সর্বাঙ্গীণ কল্যাণসাধনের ভিত্তির উপরে সর্বভারতীয় ঐক্যপ্রতিষ্ঠাই ছিল
তাঁর মহৎ জীবনের সাধনা। এই মহাসাধনার শ্বৃতি আজ্পও
বিশ্বমানবের এক বৃহৎ অংশের চিত্তে উজ্জ্বলয়পে জাগয়ক আছে।
ছর্ভাগ্যের বিষয় এই যে অপেক্ষাকৃত আধুনিক কালে ভারতবর্ষের
অন্তর থেকে সে শ্বৃতি প্রায় সম্পূর্ণয়পেই বিলুপ্ত হয়ে গিয়েছিল। কিন্তু
সহজে বা শ্বরকালে সে বিলুপ্তি ঘটেনি। মহৎ জীবনের মহৎ আদর্শ
মানবন্ধদয়কে গভীরভাবে উদ্বৃদ্ধ ও শ্ব্চিরকালের জন্ম প্রেরণাদান না
করে পারে না।

অশোকের মৈত্রীসাধনাও দীর্ঘকাল ভারতবর্ষের ইতিহাসের উপরে প্রভাব বিস্তার করেছিল। তাঁর তিরোধানের অনতিকাল পরে রচিত বৌদ্ধর্মগ্রন্থ অসুভরনিকায়ে জ্বর্থগ্রের যে অধীশ্বর অদণ্ড ও অশজ্রের ধারা পৃথিবীক্ষয় এবং ধর্ম ও সাম্যের ধারা রাজ্যশাসন করেছিলেন তাঁর প্রতি গভীর শ্রদ্ধা প্রকাশ করা হয়েছে।

মৌর্বসাম্রাজ্যের প্রচণ্ড আছ্রিক শক্তির আক্রমণে কণিন্ধরাজ্য বিধ্বন্ত হবার প্রায় অব্যবহিত পরেই অশোক অস্ততগুরুদয়ে ও-রাজ্যের অধিরাসীদের কণ্যাণসাধনে ব্রতী হলেন। অন্ধবিজ্ঞত কলিকে তাঁর এই চিন্তবিজ্ঞরত যে ব্যর্থ হ্রনি তার প্রমাণ আছে ও-জনপদের প্রাচীন ইতিহাসেই। অশোকের মৃত্যুর কিছুকাল পরেই কলিক প্রায় স্বাধীনতা অর্জন করে। এই স্বাধীন কলিকের চেতবংশীয় জৈন সম্রাট্ খারবেলের (খ্রীষ্টপূর্ব দ্বিতীয় বা প্রথম শতক) আধিপত্য উত্তরে অঙ্গমগধ ও দক্ষিণে পাণ্যুরাজ্য পর্যন্ত বিস্তৃত হয়। কিন্তু এই প্রবল পরাক্রান্ত জৈন নৃপতিও তাঁর হাথিগুম্না লিপিতে 'সবপাসংভপৃত্বক' বলে বর্ণিত হয়েছেন। এই বিশেষণটি যে অশোকের 'দেবানং পিয়ে পিয়দিসি রাজ্যা সব পাসংভানি পূজ্ঞরতি' এই বাণীরই প্রতিগ্রনি তাতে সক্ষেহ নেই। অশোকের অন্তবিজ্ঞার প্রভাব থেকে মৃত্তিলাত করেও কলিক তাঁর ধর্মবিজ্যের প্রভাবকে সানক্ষেই স্বীকার করে নিয়েছিল।

অশোকের ত্রয়োদশ পর্বতিলিপি থেকে জানা যায় তাঁর সাদ্রাজ্যের অন্ধর্গত মহারাষ্ট্রয়দের মধ্যেও তিনি ধর্মের বাণী প্রচার করেছিলেন। তাঁর মৃত্যুর পরে মহারাষ্ট্রভূমিও কলিকের ছায় স্বাধীনতা লাভ করে এবং ওই প্রদেশের সাতবাহনবংশীয় সম্রাট্রগণ এক বিশাল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন। সাতবাহন-নূপতিরা শুধু যে স্বীয় প্রদেশকে যোর্থ-সাদ্রাজ্যের অধীনতা থেকে মৃক্ত করেছিলেন তা নয়, তাঁরা ছিলেন ব্রাহ্মগর্মের পরম পৃষ্ঠপোষক এবং অধ্যমধাদি যাগযজ্জের পক্ষপাতী। কিন্তু প্রিয়দর্শী অশোকের মৈত্রী ও অহিংসার আদর্শ তাঁদের চিত্তকেও জয় করে রাষ্ট্রীয় বিরোধের উধের উদ্ধীত করতে সমর্থ হয়েছিল। এই বংশের অক্সতম শ্রেষ্ঠ সম্রাট্র গোতমীপুত্রের (গ্রী ১০৬-১৩০) বর্ণনাপ্রসঙ্গে একটি খোদিত লিপিতে বলা হয়েছে যে তিনি রুতাপরাধ্র শক্রজনেরও প্রাণহিংসায় বিমুথ ছিলেন (কিতাপরাধে পি সতৃজনে অপানহিসারচি)। এই যে অপ্রাণহিংসাক্ষচিতার জয়্প গৌরববোধ,

এটা নি:সন্দেহেই অশোকের অহিংসাবাণীপ্রচারের অক্সতম শ্রেষ্ঠ ফল।

মহারাষ্ট্রের সাতবাহনবংশীর সম্রাটদের প্রতিষ্দ্রী ছিলেন মালব (রাজধানী উজ্জারনী) ও প্ররাষ্ট্রের (কাঠিয়াবাড়) শককত্রপ রাজগণ। গ্রীষ্টীয় দ্বিতীয় শতকের মধ্যভাগে এই বংশের বিখ্যাত রাজা মহাক্ষরণ প্রথম কলেমা পশ্চিম ভারতে একটি স্থবিত্ত রাজা স্থাপন করেন। ম্বরাষ্ট্রে অম্বর্গত প্রাচীন গিরিনগরের (আধুনিক গিরনার) নিকটবর্তী একটি প্রতগাত্তে অশোকের কয়েকটি অমুশাসন উৎকীর্ণ হয়েছিল। এই পর্বতটিরই আরেক অংশে উক্ত রুদ্রদামার আমলে १২ শকামে (এ) >৫০) উৎকীর্ণ একটি দিপি আছে। আধুনিক জুনাগড় সহরের নিকটে অবস্থিত বলে এই পর্বতদিপিটি জুনাগড়দিপি নামে খ্যাত এই লিপিটিতে মৌর্যসূমটি চক্সগুপ্ত ও অশোকের নাম স্বস্পষ্টভাবেই উল্লিখিত আছে। এই নিপি থেকে জানা বায় চক্ৰগুপ্ত মৌর্বের রাষ্ট্রিয় পুরাগুপ্ত গিরিনগরের অদুরে স্থদর্শন নামে একটি গৃহৎ তডাগ নির্মাণ করান। অশোকের পরে (মতান্তরে অশোকের আমলে) যবনরাজ ভুষাক্ষ একটি বাঁধ ও করেকটি প্রণালীর দ্বারা ভডাগটিকে অলংকত করেন। কিন্ধ প্রীয়ীয় ছিতীয় শতকের মধ্যভাগে ওই বাঁধটি প্রবল বটিকার বিনষ্ট হলে মহাক্ষরেপ ক্রদামার আদেশে গেট পুননিমিত হয়। দেখা যাচেছ রুপ্রদামার আমলে চক্রগুপ্ত তথা অশোকের নামই যে ওধু ভারতবাসীর মনে স্বস্পষ্টভাবে জাগরুক ছিল তা নর, তাঁদের শ্বতিবিজ্ঞড়িত কীতিও তথন পর্বন্ত অক্সভাবেই বিশ্বমান ছিল এবং সেই কীতিকে বন্ধা করবার আকাজ্ঞাও তথনকার দিনে যথেষ্ট প্রবল ছিল। মৌর্বসমাট্রদের আদর্শও তৎকাল পর্যন্ত ভারতবাসীর হাদরে প্রেরণা জোগাতে বিরত হয়নি বলেই মনে হয়।

বিদেশাগত শক্জাতীয় রাজারাও এই সময়ে ভারতীয় সংয়তিকে
বীকার করে নিয়েছিলেন। সাতবাহন সমাট্দের ন্সায় শক্কত্রপরাও
রাদ্ধণ্যর্থের পৃষ্ঠপোষক বলে গর্ববোধ করতেন। জ্নাগড়লিপিতে
মহাক্ত্রপ রুদ্ধদামা সর্ববর্গের রক্ষক এবং রাদ্ধণ্য ধর্মবিজ্ঞারের আদর্শ
অক্সারে 'ক্রয়াজপ্রতিষ্ঠাপক' বলে বণিত হয়েছেন। ক্ষত্রিয়জনোচিত
সংগ্রামদক্ষতাও তাঁর কম ছিল না। উক্ত লিপিতেই বলা
হয়েছে 'অভিমুখাগতসদৃশশক্র'র প্রতি 'প্রহরণবিতরণে' তিনি বিমুখ
ছিলেন না। এই উক্তি ভারতবর্ধের অভিমুখাগত বিজিগীয়ু সেলুকসের
প্রতিরোধকারী চক্রগুপ্রের আদর্শের কথাই ক্ষরণ করিয়ে দেয়। কিয়
এই হুর্ধর্ব শকন্পতিও সংগ্রামক্ষেত্রের বাইরে নরহত্যা থেকে বিরত
খাকার কঠিন সংকর গ্রহণ করেছিলেন, তিনি ছিলেন 'আপ্রাণোচ্ছাসাৎপ্রক্ষবর্ধনিবৃত্তিক্বতসত্যপ্রতিক্ত'। এই প্রতিজ্ঞাগ্রহণ থেকে মনে হয়
গোতমীপুত্র সাতবাহনের ভায় শক্ষহাক্ত্রপ রুজ্বদামার চিত্তেও
আনোকের অবিহিংসানীতির প্রভাব যথেষ্ঠ সক্রিয় ছিল।

তারপর গুপ্তরুগের ইতিহাসে দেখি সমাট সমুম্বগুপ্ত (আহমানিক ৩০০-৩৮০) অশোকেরই একটি ধর্মস্বজ্বের গাত্রে স্বীয় কীর্তিকাহিনী উৎকীর্ণ করিয়েছিলেন। এই লিপিটি আজকাল সমুদ্রগুপ্তরের এলহাবাদ-প্রশক্তি নামে খ্যাত হয়েছে। সমুদ্রগুপ্তের প্রপৌত্র স্থলগুপ্তরের আমলেও (৪৫৫-৪৬৭) গিরিনগরের পর্বতগাত্রে অশোকের ধর্মলিপির (তথা ক্রমদামার প্রশক্তির) অদ্রেই একটি প্রশক্তি উৎকীর্ণ হয়েছিল। এটি এখন স্থলগুপ্তরের জুনাগড়প্রশক্তি নামে পরিচিত। কিছু সেসময়ে অশোকের ধর্মলিপিগুলি জনসাবারশের বোধগম্য ছিল কি না নিঃসন্দেহে বলা যায় না। কিছু তথনও অশোকের মহৎ কীর্তির কথা জনসাধারণের স্থাতিতে অনির্বাণ দীপ্তিতেই বিভ্যমান ছিল, তার

প্রমাণ চৈনিক পরিপ্রাক্ষক কা ছিয়ানের বিবরণ। খ্রীষ্টীয় পঞ্চম শতকেও মগথে অশোকের আমলের বিশাল রাজপ্রাসাদ তথা তৎকালীন চিকিৎসালয়গুলি লেখে কা ছিয়ানের হৃদয় বিশায় ও শ্রদ্ধার পূর্ণ হয়েছিল। এই চিকিৎসালয়গুলি যে অশোকের রুয় মায়ুষ ও পণ্ডর চিকিৎসাব্যবস্থারই ঐতিহাসিক পরিণতি তাতে সন্দেহনেই।

বিশাখদন্তের মূলারাক্ষস নাটকে (আছুমানিক পঞ্চম শতক) বর্ণিত চন্ত্রপ্রয়ের্থিকভূ ক মগধাধিকারের কাহিনী থেকে অছুমান করা যায় যে, অশোকমোর্থের কথাও তৎকালে লোকসমান্ধে বিশ্বত হয়ে যায়নি। বস্তুত তৎকালীন ভারতীয় এবং সিংহলীয় বৌদ্ধ সাহিত্যে অশোকস্থতির যথেষ্ট নিদর্শন পাওয়া বায়। দিব্যাবদান (চতুর্থ শতক) নামক সংশ্বত গ্রন্থ, বিশেষত তার অশোকাবদান নামক প্রাচীন অংশ, থেকে বোঝা যায় ওপ্রসম্রাট্গণের রাজককালে অশোকের ইতিহাস অবিশ্বত না থাকলেও তাঁর মহন্তের প্রভাব নিক্রিয় ছিল না। দীপবংস (চতুর্থ শতক) এবং মহাবংস (পঞ্চম শতক) নামক পালিভাবায় রচিত সিংহলের প্রতিহাসিক কাব্যছ্টিতেও অশোকের বিভ্তত কাহিনী বর্ণিত আছে। এই কাহিনীর প্রতিহাসিক মূল্য পূব বেশি নয়। কিন্তু সে সময়েও স্থান্তর সিংহলের অধিবাসীরাও যে অশোকের আদর্শ থেকে প্রেরণা লাভ করত সে কথা এই কাহিনী থেকেই প্রমাণিত হয়।

অতঃপর প্রাভৃতিবংশীয় সমাট্ হর্ববর্ধন ও চৈনিক মনীবী হিউএছসাঙের (সপ্তম শতকের প্রথমার্ধা) কথা উদ্লেখ করাই বাছল্য। হর্ববর্ধন অশোকের আদর্শে কতথানি অঞ্প্রাণিত হয়েছিলেন এবং হিউএছসাঙ ভারতবর্ধের সর্বপ্রান্তে অশোকের শ্বতিবিঞ্জড়িত কত শুন্ত ও পূপ দেখেছিলেন আর কত কাহিনী শুনেছিলেন তা উক্ত চৈনিক পরিব্রাঞ্চকের ভারতবিবরণে বর্ণিত আছে। কিন্তু হিউএছ-সাঙের বিবরণ থেকে মনে হয় সম্ভবত তৎকালেই অশোকের ধর্মলিপিগুলি ভারতীয়গণের কাছে হুর্বোধ হয়ে গিয়েছিল। নতুবা অস্তুত কতকগুলি অশোকলিপির মর্ম উক্ত বিবরণে অবশুই পাওয়া যেত বলে মনে করা বায়। সপ্তম শতকের উত্তরাধে আরেকজন চৈনিক পরিব্রাজক ইৎসিঙ অশোকের একটি ভিক্নবেশী মূর্তি দেখেছিলেন বলে উল্লেখ করেছেন। তাতে বোঝা বায় অশোকের চরিত্র ও আদর্শ দেশের শ্বৃতিতে তথনও অম্পষ্ট হয়ে বায়নি।

গ্রীষ্টীয় দাদশ শতকেও যে অশোকের পুণাশ্বতি ভারতীর হৃদয় থেকে লুগু হয়ে যায়নি তার প্রমাণ পাওয়া যায় বারাণসী ও কাগুকুজের গাহড়বালবংশীয় নূপতি গোবিশ্বচক্রের (১১১৪-১১৫৪) সারনাথ-শিলালিপি থেকে। গোবিশ্বচক্রের ছিলেন রাজ্ঞাধর্মের নিষ্ঠাবান্ অন্থরাগ্ম। কিন্তু তিনি বৌদ্ধর্মের প্রতিও বিরূপ ছিলেন না। তাঁর রাজত্বকালে বৌদ্ধ ভিক্রুদের জন্তু একাধিক সংঘারাম ও বিহার নির্মিত হয়েছিল। কুমারদেবী ও বাসস্তদেবী নামে তাঁর ত্বইজন মহিনী ছিলেন বৌদ্ধ। উক্ত শিলালিপি থেকে জানা যায কুমারদেবী ধর্মাশোক নরাধিপের আদর্শে অন্থ্রাণিত হয়ে সারনাথে একটি নব-দির্মিত বিহারে ধর্মচক্রপ্রবর্তনরত বৃদ্ধমূর্তি পুনঃপ্রতিষ্ঠিত করেছিলেন। সম্ভবত এটিই ভারতবর্ষের ইতিহাসে অশোকশ্বতির শেষ নিদর্শন।

চতুর্দশ শতকের মধ্যভাগে স্থাপত্যশিল্পরসিক স্থশতান ফিরুজ্ব তুঘলক আমবালা জেলার অন্তর্গত তোপরা নামক স্থানে অংশাকের একটি ভাস্ক দেখে তার শিল্পসৌন্দর্বে মৃদ্ধ হন এবং ১৩২৬ সালে তিনি বছ ব্যয়ে ও বছ কর্ত্তে এটিকে ভোপরা থেকে দিলিতে স্থানাস্তরিত করেন। এখনও সোঁট ওখানে অক্চভাবেই বিশ্বমান আছে।
ফিকল শাহ পরে মীরাট পেকেও আরেকটি অশোকন্তন্ত দিরিতে
আনমন করেন। এই স্তন্ত্রটি পরবর্তী কালে গুরুতর আঘাত পেয়ে
টুকরো টুকরো হয়ে যায়। ১৮৬৭ সালে এই টুকরোগুলিকে জোড়া
দিয়ে স্তন্ত্রটিকে দিরিতে তার পূর্বের জায়গাতেই পুনঃশ্বাপন করা
হয়। এখনও সোঁট সেখানেই আছে। যাহোক, ফিরুজ শাহের
আমলে হুটি অশোকন্তন্ত দিরিতে স্থানান্তরিত হলেও তৎকালে
ভন্তগাত্রের খোদিত লিপি পাঠ করা দুরের কথা, এ হুটি যে অশোকের
নির্মিত একথাটও কেউ জানতেন না। এভাবে অশোকের শ্বতি
ভারতবর্ষ থেকে লুগু হয়ে গেল। সপ্তদশ শতকের প্রারম্ভে (১৬০৫)
বাদশাহ জাহাঙ্গীরের আমলে পূর্বোক্ত এলাহাবাদন্তন্তের গাত্রে তাঁর
পূর্বপুরুষদের নাম উৎকীর্ণ করা উপলক্ষ্যে অশোকের ছুটি লিপিকে
যেভাবে নই করা হয়েছে তাতে একান্ত নির্মিতাই প্রকাশ পেয়েছে।

এই সপ্তদশ শতক থেকেই অশোকের কীতির প্রতি মুরোপীয়গণের
দৃষ্টি আরস্ট হয়। তখন থেকে তাঁরা এবিবরে ক্রমণ অধিকতর
আগ্রহায়িত হতে থাকেন এবং তাঁদের আগ্রহেই কালক্রমে অশোকের
কীতি ও ইতিহাসের উদ্ধার হয়েছে। কিছু তাঁদেরও এ বিবয়ে দীর্ঘকাল অন্ধলারে হাতড়াতে হয়েছিল। সপ্তদশ শতকে Quaint Tom
Coryate তোপরা থেকে আনীত দিল্লির প্রস্তরম্ভাটকে পিতলের
তৈরি বলে ত্রম করেছিলেন। স্তম্ভগাত্তের আশ্বর্য মহণতা ও
চাক্চিক্যই এই প্রান্তির হেতু। উনবিংশ শতকের গোড়াতে বিশপ
হিবারও এটকে ঢালাই করা য়াতুর তৈরি বলে বর্গনা করেন।

উনবিংশ শতকেই বুরোপীয় প্রত্নতাক্ত্তিকগণ অশোকের ইতিহাস উদ্ধারে বিশেষভাবে সচেষ্ট হন। অন্তত ১৮০৪ সাল বেকে বর্তমান

সময় অবধি হিমালয়ের পাদদেশ থেকে মহিবুর এবং পেশোয়ার থেকে ভূবনেশ্বর পর্যন্ত ভারতবর্ষের বিভিন্ন অংশে প্রায় ক্রিশটি স্থানে পর্বত- বা खन्छ-গাত্তে কিংবা শিলাফলকে উৎকীর্ণ অশোকের বচ লিপি আবিষ্কৃত হরেছে। এখন পর্যস্ত অশোকের বত্তিশটি লিপির সন্ধান পাওয়া গিয়েছে। কিন্তু একই স্থানে একাধিক দিপি এবং একই লিপি বছ বিভিন্ন স্থানে উৎকীৰ্ণ হয়েছে। এদিক থেকে হিসাব করলে অশোকের লিপিদংখ্যা হয় একশো চ্য়ার। তার মধ্যে পনেরোটি আবিষ্কৃত হয়েছে ১৯২৯ সালে প্রীযুক্ত অমু ঘোষ কর্তৃক মাদ্রাজ প্রদেশের কুরমুল জেলায় য়েরাগুড়ি নামক স্থানে, এবং ঘুটি আবিষ্কৃত হয়েছে ১৯৩১ সালে শ্রীযুক্ত নারায়ণ রাও শাস্ত্রী কর্তৃ ক হায়দরাবাদ রাজ্যে তুক্তদ্রার উত্তরতীরে পাদকিওও ও গবীমঠ नामक शान। এই गमछ विश्व जिलि क्रांस क्रांस श्रीविक्रण इन वटि, किस প্রথমাবস্থায় এগুলির পাঠোদ্ধারও সহজ্বসাধ্য ছিল না। উনবিংশ শতকের প্রথম থেকেই যুরোপীয় মনীধীরা অশোকলিপির পাঠোদ্ধারে ত্রতী হন। বহু প্রয়াসের পর ১৮৩৭ সালে ইংরেজ মনস্বী জেমস প্রিনসেপ শিলাগাত্রস্থ মৃক লিপি থেকে অশোকের বাণী উদ্ধার করতে সমর্থ হন। তখন থেকে বর্তমান সময় পর্যস্ত অশোকের লিপিকে অবলম্বন করে নিরম্ভর যে অজল্র গবেষণা চলছে তার সন্ধান নিশে বিশিত হতে হয়। বস্তুত অশোক সম্বন্ধে যত গবেষণা-আলোচনা হয়েছে, ভারতীয় ইতিহাসের অন্ত কোনো ক্লেক্সেই তত আলোচনা হয়নি। বাঁদের অক্লান্ত প্রয়াসের ফলে অশোকের চরিত্র ও বাণী দীর্ঘকালের বিশ্বতি থেকে উদ্ধার লাভ করে আধুনিক মাছুবের চিতকেও মুগ্ধ করছে তাঁদের মধ্যে প্রিনসেপের পরেই সার আলেকজাঙার কানিংহাম, এমিলি সেনার, জি ব্যুলার,

ভিনদেও স্থিপ, এক ভব্ল্ছু টমাস, ই হণ্ট্শ্, দেবদন্ত রামক্রক ভাঙারকর, রাধাকুমূদ মুখোপাধ্যায়, বেণীমাধব বড়ুয়া প্রভৃতি মনস্বীদের নাম বিশেষভাবে স্বরণীয়।

এই দীর্ঘকালব্যাপী ঐতিহাসিক গবেষণার ফলে শুধু যে অশোকের বিস্থৃত জীবনকাহিনী ভারতবর্ষের জাতীয় স্থৃতিতে নব দীপ্তিতে প্নক্ষজীবিত হয়েছে তা নয়, তাঁর চরিত্রই ভারতইতিহাসের মহত্তম ও উচ্ছলতম চরিত্র বলে স্বীকৃত হয়েছে। একজন আধুনিক ঐতিহাসিক (J. M. Macphail) অশোকচরিত্রকে হিমালয়ের তুক্লুকের সঙ্গে তুলনা করে বলেছেন,

In the history of ancient India, the figure of Asoka stands out like some great Himalayan peak, clear against the sky, resplendent in the sun, while the lower and nearer ranges are hidden by the clouds.

এই উক্তির সত্যতা অবশ্ব শীকার্য। বস্তুত ভারতবর্ষের ভৌগোলিক ভূমিকার হিমালরের যে হান, তার ঐতিহাসিক ভূমিকার অশোকেরও সেই হান। তাঁর চরিত্রের উত্তুক্ত মহিমা ভারতইতিহাসের শিরোভাগে অবহান করে ওধু যে ভারতীয় ঐতিহকে চিরকালের জন্ত আশ্রম দিরেছে তা নয়, ভারতীয় গৌরবকেও জগতের কাছে প্রতিষ্ঠা দান করেছে। বস্তুত অশোকের মধ্যেই ভারতবর্ষের প্রাচীন ইতিহাস ও জাতীয় জীবন তার চরম সার্থকতা লাভ করেছিল এবং সে সার্থক্যের মহিমা আজ্বও অনতিক্রাপ্ত রয়েছে।

ভারতবর্ষের ইতিহাসে আশোকের চরিতকথাই ঐতিহাসিকদের মনোযোগ আকর্ষণ করেছে লব চেয়ে বেশি। কিছু এ বিষয়ে বত আলোচনা হয়েছে তার অধিকাংশই ইংরেজি ভাষায়। ছঃখের বিষয়
বাংলা ভাষায় অশোক সম্বন্ধে খুব কম আলোচনাই হয়েছে। দীর্ঘকাল
পূর্বে (১৮৯২ সালে) ক্লঞ্চবিহারী সেন অশোকচরিত-রচনার যে ধারা
প্রবর্তন করেছিলেন, পরবর্তী কালে তা যথোচিতভাবে অমূহত হয়ি।
এ বিষয়ে যে কয়খানি বাংলা বই আছে (গ্রন্থানের 'প্রমাণপঞ্জী'
স্তেইব্য) তার একখানিও নির্ভরযোগ্য নয় কিংবা আধুনিকতম গবেষণার
পূর্ণপরিচায়ক নয়। বাংলা ঐতিহাসিক সাহিত্যের এই দীনতা
অস্থীকার করা যায় না। এইজন্মই বর্তমান গ্রন্থখানি বাংলা ভাষাতেই
রচিত হল।

কৈছ এখনও বাংলা ভাষায় অশোকের একখানি পূর্ণাঙ্গ ইতিহাসের অভাব রইল। কেননা বর্তমান গ্রন্থে অশোকের ইতিহাস বা জীবন-কথার সমস্ত দিক্ নিয়ে আলোচনা করা হয়নি। অশোকচরিত্রের যে দিক্টি তাঁকে সব চেয়ে বেশি মহত্ব দান করেছে, এই গ্রন্থে শুধু সেই দিক্টাই বিশেষভাবে আলোচিত হয়েছে। তাঁর মহৎ ধর্মনীতির জন্তই তিনি জগতের ইতিহাসে অদ্বিতীয় ও অভূলনীয় গৌরবের অধিকারী হয়েছেন। তাঁর রাইনীতিও প্রতিষ্ঠিত ছিল ধর্মনীতির উপরে। কিছ আমাদের শিক্ষিত সম্প্রদায়েও তাঁর ধর্মনীতি সম্বন্ধে আলোচনা করার প্রয়োজনীয়তা আছে। বর্তমান সময়ে ধর্মসম্প্রদায়গত বিক্ষাতার দারা ভারতবর্ষের জাতীয় তথা রাইনৈতিক জীবন শোচনীয়ভাবে বিকৃষ্ধ হয়ে উঠেছে। অশোকের আদর্শ হয়তো এই সমস্তার সমাধানে কিছু সহায়তা করতেও পারে। ইতিহাস থেকে শিক্ষা লাভ করে তাকে জাতীয় জীবনে প্রয়োগ করা চাই। কিছে কোনো বিশেষ উদ্বেশ্র নিয়ে ঐতিহাসিক আলোচনা করলে ইতিহাসের

আশ্ররভূমিকেই বিনষ্ট করা হয়। ঐকান্তিক নিরপেক্ষতা সহকারে সত্যাত্মসন্ধানই ইভিহাসচর্চার তথা ঐতিহাসিকের একমাত্র লক্ষ্য। সেই সত্যের আলোকে বর্তমানের পথ নির্দেশ করা হচ্ছে তার ব্যাবহারিক দিক; কিন্তু সে দায়িত্ব ঐতিহাসিকের নয়, জননায়কের।

অশোকের ধর্মপ্রতিষ্ঠ রাষ্ট্রনীতির যথার্থ স্বরূপনির্ণয়ই এই গ্রন্থরচনার লক্ষ্য প্রতরাং স্বভাবতই আধুনিক গবেষণারীতির অনুসরণে পরবর্তিকালীন সমস্ত অনির্ভরযোগ্য কিংবদস্তী বর্জন করে একমাত্র অশোকলিপিগুলিকেই আলোচনার মুখ্য উপাদানক্রপে বীকার করা হবেছে। বদা নিশ্রয়োজন যে, এই গ্রন্থে পূর্বগামী গবেষকগণের মতামতের পুনক্ষজিমাত্ত করা হয়নি। নৃতন দৃষ্টিভঙ্গিতে ও নৃতন তথ্যের আলোকে অশোকামুশাসনের ব্যাখ্যা তথা ঐতিহাসিকদের মতামতের পুনবিচার করা হয়েছে। অশোকের ধর্মবিজয়নীতি সম্বন্ধে স্বাধীনভাবে পুনরালোচনা করে যেসব সিদ্ধান্তে উপনীত হয়েছি সেগুলিই এই গ্রন্থের প্রধান বিষয়বস্ত। তাছাড়া তৎকালীন ইতিহাসের এমন করেকটি দিকের উপর আলোকপাত করতে চেষ্টা করেছি যে দলকে ইতিপূৰ্বে কোনো উল্লেখযোগ্য আলোচনা হয়েছে বলে জানি না। বলা বাছলা এরকম আলোচনার পূর্বগামীদের সঙ্গে কোনো কোনো বিষয়ে মৃতভেদ ঘটা অনিবার্ষ। বিশেষজ্ঞদের অভিমৃতও বহ ক্ষেত্রেই পরস্পরবিরোধী। বর্তমান আলোচনায় স্বভাবতই কোনো কোনো বিষয়ে এসৰ অভিমতকে অন্নাধিক পরিমাণে সমর্থন বা খণ্ডন করে সত্যাম্বসন্ধানে অগ্রসর হতে হয়েছে। পারম্পরিক মতবাদের এরক্ষ বিচারের বারাই ক্রমণ মতভেদ খুচে গিয়ে সর্ববাদিসশ্বত সত্যনির্ণয়ের পথ সরল হয়ে আলে। বিভিন্ন মতবাদের অম্পষ্টতা ও কটিলতার মধ্যে সত্যের পথকে অস্তত কিছু পরিমাণে আইটাইটে

করা বর্তমান আলোচনার শক্ষা। এই গ্রন্থ যদি প্রথীরুক্ষের দৃষ্টি আকর্ষণ করতে, অনুসন্ধিৎস্থদের চিন্তে চিন্তার উদ্রেক করতে এবং সাধারণ পাঠকের মনে অশোক সম্বন্ধে আগ্রহ সঞ্চার করতে কিছুমাত্র সহারক হয় তা হলেই লেখকের উদ্ধেশ্য সিদ্ধ হবে। নৃতন দৃষ্টিতে প্রোচীন ইতিহাসের পুনবিচার সহজ্ঞসাধ্য নয়। এরকম বিচারে অনবধানতাজাত বা অক্সবিধ ক্রটি ঘটা পুবই সম্ভব। সহ্লদয় পাঠক ও সমালোচকগণ যদি এজাতীয় ভুলক্রটির প্রতি লেখকের দৃষ্টি আকর্ষণ করেন তা হলে বিশেষ উপকৃতে ও ক্বতজ্ঞ হব।

এই পুস্তকের চারটি অধ্যায়ই সাময়িক পত্রে প্রকাশিত হযেছে, প্রথমটি পূর্বাশায় (১৩৫২ আখিন) এবং বাকি তিনটি বিশ্বভারতী-পত্রিকায় (১৩৪৯ ভাদ্র এবং ১৩৫০ শ্রাবণ-আবিন ও কার্তিক-পৌব)। গ্রন্থাকারে সংকলনকালে প্রয়োজনমতো কিছু কিছু সংশোধন ও गःयाजन कत्रा इन । अल्याकहित्यात विভिन्न निरकत विहात छेशनरका যেসৰ উপাদানপুত্তক ও প্ৰবন্ধাদি ব্যবহৃত হয়েছে সেসমন্তই যথাস্থানে পাদমকারূপে উল্লিখিত হল। অপেকাকৃত সহজ্বভা যেসব প্রকে অশোকের বাণী ও ইতিহাসের আলোচনা পাওয়া যায়, গ্রন্থের অমুবক বিভাগে প্রমাণপঞ্জী অংশে সেগুলির নাম তালিকাকারে প্রকাশ করা গেল। তাছাড়া গ্রন্থের আরম্ভে অশোকের রাই্ট্রনাদ্রাজ্য ও ধর্ম-সাম্রাজ্যের একটি মানচিত্র এবং শেষে একটি বিস্তৃত নির্দেশিকাও দেওয়া আশা করি তাতে বইটি ব্যবহার করার পক্ষে কিছু সহায়তা হতে পারে। বৎসরাধিক কাল পূর্বেই বইটি যত্ত্বস্থ হয়েছিল এবং वृत वहे এর बूजनकार्य গত আখাচ মাসেই সমাপ্ত হয়েছিল। কিছ তারপরে কলকাতার যে সাম্প্রদায়িক অশান্তি দেখা দেয় তার ফলে ৰইটি যথাসময়ে প্রকাশিত হতে পারেনি।

ত্বরপ্রধারী দৃষ্টিপাত করলে দেখা খাবে ভারতইতিহাসের হুই প্রান্তে হুটি সমৃত শিখর, ধবলগিরি ও কাঞ্চনজন্মা, প্রাচীন কালের রাজভিক্ প্রিয়দর্শী অপোক এবং আধুনিক কালের ভিক্রাক্ষ মহাত্মা গান্ধী। উভরের জীবনের লক্ষ্য ও সাধনা এক, সর্বলোকহিতব্রভ তাঁদের লক্ষ্য, এবং ধর্ম ও মৈত্রীর পতাকাহন্তে বিশ্বচিন্তবিজ্ঞর তাঁদের সাধনা। উভয়ের প্ণাচরিত ও মহৎ আদর্শকে আশ্রয় করে সমগ্র ভারতবর্ষ একই কেল্রে সংহত হয়ে অপূর্ব ঐক্য লাভের ত্বর্গভ স্থযোগ পেয়েছে। বস্তুত এই ছুইজনেরই চারিত্রিক আভায় ভারতীর ঐতিহ্ন চিরকালের জন্ম উজ্জল হয়েছে, আর তাঁদেরই জীবনসাধনার ফলে ভারতবর্ষের প্রতি বিশ্বজগতের সশ্রেদ দৃষ্টি নিবদ্ধ হয়েছে। ভারতবর্ষের এই ছুই মহাব্যক্তির একজনের সমকালে বিশ্বমান থাকা একটা ত্বর্গভ সৌভাগ্যের বিষয়। শ্রদ্ধাবিনশ্রচিত্তে একথা শ্রণ করে এই সামান্ত পুক্তবর্ধানি মহাত্মা গান্ধীকেই শ্রদ্ধার্য্যরূপে উৎসর্গ করলাম।

এই গ্রন্থ রচনার বাদের কাছ খেকে সহারতা পেয়েছি তাঁদের স্কলকেই ক্তজ্ঞচিতে শ্বরণ করছি। প্রথমেই শ্রদ্ধা লানাচ্ছি কলকাতা বিশ্ববিশ্বালয়ের পালিসাহিত্যের অধ্যাপক ভক্তর বেণীমাধব বড়ুয়াকে। বিশ্ববিশ্বালয়ের তাঁর কাছেই অশোকের লিপি অবলম্বনে তৎকালীন ইতিহাসবিচারে লীক্ষালাভের সোভাগ্য হয়েছিল। তিনি বেভাবে তাঁর এই ছাত্রকে সমকক্ষরপে গণ্য করে অশোকায়্শাসনের দীর্ঘ আলোচনার প্রবৃত্ত হতেন তাতে শুধু বে জ্ঞানলাভের দিক্ থেকেই উপকৃত হয়েছি তা নয়, তাঁর উদার স্ক্রদরতায়ও মৃথ্য হয়েছি। অল কিছু দিন হল Inscriptions of Asoka এবং Asoka and His Inscriptions নামে তাঁর ছটি বৃহৎ গ্রন্থ প্রকাশিত হয়েছে। এই গ্রন্থটি প্রস্থানিক জ্ঞানের অফুরন্ত ভাগ্যার এবং অশোকের শ্লার

বিরাট্ প্রথমের যোগ্য ঐতিহাসিক অর্যা। তাঁর এছটি গ্রন্থ যে ঐতিহাসিক অগতে দীর্ঘকাল অশোকবিষয়ক গবেষণার চরম নিদর্শন ও প্রামাণিক আদর্শ বলে স্বীকৃত হবে তাতে সন্দেহ নেই। ছঃথের বিষয় 'ধর্মবিজ্ঞানী অশোক'এর মৃল অংশের মৃত্তণকার্য শেব হরে যাবার পরে তাঁর ছিতীয় গ্রন্থটি প্রকাশিত হয়। তাই এই প্রত্বেক অধ্যাপক বড়ুয়ার মৃল্যবান্ মতামতের পর্যালোচনা করার স্থযোগ পাইনি। স্থথের বিষয় তাঁর অধিকাংশ অভিমতই আমার সিদ্ধান্তের অন্ত্বকৃত্ত এবং কোনো মৃথ্য বিষয়েই তাঁর সঙ্গে শুক্তর মতপার্থক্য হয়নি। যাহোক, শ্রন্ধের অধ্যাপক মহাশরের সহায়তা থেকে আমি একেবারে বঞ্চিত হইনি। তিনি সানন্দে এই প্রত্বেটির একটি প্রক্তাবনা লিথে দিয়ে এটির মর্যাদার্গদি করেছেন এবং তাঁর এই প্রাক্তন ছাত্রের অধিকতর শ্রদ্ধা- ও ক্রতজ্ঞতা-ভাজন হয়েছেন। যে যে বিষয়ে তিনি ভিন্ন মত পোষণ করেন উক্ত প্রভাবনায় সেগুলি উল্লিখিত হয়েছে। আশা করি তাতে সত্যসন্ধিৎসার পথ স্থগম হবে।

সেহভাজন বন্ধু শ্রীসঞ্জয় ভট্টাচার্বের উৎসাহ ও আগ্রহেই বইটি
পূর্বাশা গ্রন্থনালয় থেকে প্রকাশিত হল। বইটির সর্বপ্রকার অঙ্গসেষ্ঠিবসম্পাদনের দায়িছও তিনি গ্রহণ করেছেন। বিশ্বভারতী-গ্রন্থনবিভাগের
শ্রীপ্লিনবিহারী সেনের কাছে নানা বিষয়ে অ্বদ্রুলনাচিত পরামর্শ ও
সহায়তা পেয়েছি। শিরীবন্ধু শ্রীপ্রভাতমোহন বন্দ্যোপাধ্যায় আমার
অভিপ্রায় অঞ্সারে অশোকবাণীর বান্ধীলিপি-অংশ এবং মানচিত্রখানি
এঁকে দিয়েছেন। প্রক্ষসংশোধন ও নির্দেশিকাসংকলন প্রভৃতি নানা
বিষয়ে আমার সোদরপ্রতিম ছাত্র ও সহকর্মী শ্রীমান অমিয়কুমার সেনের

সহযোগিতা পেয়েছি। আমার পুত্র শ্রীমান্ দীপংকর সেন নির্দেশিকার নামচয়ন, অশোকবাণীর ব্রান্ধী প্রতিলিপি রচনা ও অন্ত কোনো কোনো বিষয়ে যথেষ্ট সহায়তা করেছে। এঁদের সকলকেই ক্বতজ্ঞতা জ্ঞাপন করছি।

বিশ্বভারতী, শাস্তিনিকেতন ২৭ মাঘ ১৩৫৩ প্রবোধচন্দ্র সেন

অশেকের বাণী

THE STRIK Y RICK IF OF BI

খংমে সাধু। কিন্নং চু খংমে তি ? অপাসিনবে বছকরানে দরা দানে সচে সোচরে।

ধৰ্মই সাধু। কিন্তু এই ধৰ্ম কি ? অপুণাবিষ্থতা কল্যাণপরায়ণত। দয়া দান সত্য ও পৰিত্ৰতাই ধৰ্ম।

702K 794 T 2 E1980

ধংমচরণে পি ন ভবতি অসীলস।
শীলহীনের ধর্মাচরণও হয় না।

87 ·: F 81 JRY9134 JB 0K 81 JRY9134 JB

ইমানি আসিনবগামীনি নাম অথ চংভিয়ে নিঠ্লিয়ে কোখে মানে ইস্থা।

চণ্ডতা নিষ্ঠুরতা ক্রোধ মান ও ঈর্ব্যা অপ্পোর হেডু।

<u>እ</u>ለਹ+ርፊኒ '\አ8'ት ਹ ጷ፲

নান্তি হি কংমভরং সর্বলোকহিতৎপা। সর্বলোকের হিত্যাধন অপেকা মহন্তর কর্ম নাই। † र्री देन। दे अठिन र न्या है हेन। नहेंद्र कलावः छुकतः। রো আদিকরো কলাবদ সো छुकतः করোভি। কল্যাবসাধন ছুকর। বিনি আদিকল্যাবরুৎ তিনি ছংসাধ্যসাধনই করেন।

ተለሥሂ የ ክኖሓሂሂ ባ ፒባ ፲٩.፡. የ ሃሰዓ ሃ ር ኔ፤ ጥዮ ፒቒ ዮፐጸ ዲየተስሂ የ

বিপুলে ডুপি দানে রস নান্তি সরমে ভাবস্থিতা ৰ কতংঞ্জা ব দঢ়ভতিতা চ নীচা বাঢ়ং।

যার সংযম ভাবওদ্ধি ক্লতজ্ঞতা ও দৃচ্নিষ্ঠা নাই, বিপুল ধনের দাতা হলেও সে নীচপ্রকৃতি।

D.8٩↑□.Φ Չ ፲ዿ 4୪.ኒ૧. ኔፐ. ፕኒ૧. D.8೬ፐ. D.8٩٠४୨ ೪ ়

ধর্মদানের ভার দান নাই, ধর্মমিলনের ভার মিলন নাই, ধর্মসহকের ভার সম্বন্ধ নাই।

ጥ **ላ ጹ**ፓፅሃ **ՉE**ፓ ላ ኴጸዒEፓ

ইয়ং চু সোধ্যমূতে বিজয়ে এ ধংমবিজয়ে। ধর্মবিজয়ই মুখ্য বিজয়।

আংপগাসংভপূজা ব পরপাসংভগরহা ব নো ভবে অপকরণির্মা। রোহি কোচি আংপপাসংভং পূজরতি পরপাসংভং বা গরহতি সো চ পুন তথ করাতো আংপপাসংভং বাচ্তরং উপহনাতি।

অকারণে স্বসম্প্রদায়ের প্রশংসা ও পরসম্প্রদায়ের নিন্দা করা উচিত নয়। যিনিই স্বসম্প্রদায়ের প্রশংসা ও পরসম্প্রদায়ের নিন্দা করেন তিনি স্বসম্প্রদায়েরই গুরুতর ক্ষতি করেন।

পুন্দেতরা তু এব পরপাসংভা তেন তেন প্রকরণেন। এবং করুং আংপপাসংভং চ বঢ়য়তি পরপাসংভস চ উপকরোতি।

পরসম্প্রদায়কেও বিশেষ বিশেষ কারণে শ্রদ্ধা করা উচিত। যিনি তা করেন তিনি সম্প্রদায়কেও উন্নত করেন, পরসম্প্রদায়েরও উপকার করেন। P FIF . B.O PL. RUK X. J OP OP TSRP

সমবারো এব দাধু। কিংডি, অংঞ্জমংঞ্জন ধংমং ক্রণারু চ স্থানুসকলের চ।

পারম্পরিক মিশনই সাধু। কেন না, তাতে পরস্পরের ধর্মনীতি জানা যায়, জানার আগ্রহও হয়।

সারবঢ়ী অস স্বপাসংভানং। স্বপাসংভা বহুক্রতা চ অসু কলাণাগমা চ অসু।

সৰ সম্প্রদায়েরই সারবৃদ্ধি হোক। সব সম্প্রদায়ই বহংগক ও কল্যাণপরায়ণ হোক।

অশোকপ্রশস্তি

চক্কবন্তী অন্তং রাজা জন্মগণ্ডস্স ইস্সরো।
মুদ্ধাভিসিত্তো খণ্ডিয়ো মনুস্সাধিপতী অন্তং
অদণ্ডেন অস্থেন বিজেয় পঠবিং ইমং
অসাহসেন ধন্মেন সমেনমনুসাসিয়া,
খন্মেন রক্জং কারেছা অন্মিং পঠবিমণ্ডলে
মহদ্ধনে মহাভোগে অভ্টে অজারিসং কুলে
সক্ককামেহি সম্প্রের রভনেহি চ সন্তহি।

—অঙ্গুত্তরনিকাষ, অব্যাকতবগৃগ

তাৎপর্য: জব্বত্থের অধীশ্বর এক চক্রবর্তী রাজা ছিলেন। তিনি ছিলেন মুধাভিবিক্ত ক্ষত্রিয়; মহাধনী মহাভোগী সপ্তরত্ব- ও স্বকাম-সম্পন্ন আচ্যে কুলে তাঁর জন্ম। তিনি পৃথিবী জন্ম করেছিলেন অদণ্ড ও অশক্ষের হারা, আর রাজ্যশাসন করেছিলেন অপীডন ধর্ম ও সম নীতির হারা।

জগতের মধ্যে সর্বশ্রেষ্ঠ সন্ত্রাট্ অশোকের মহাবাণী কত শত বংশর মানবন্ধদয়কে আহ্বান করিয়াছে। যে পুণ্যস্থানে ভগবান্ বৃদ্ধ মানবের ছঃখনির্ভির পথ আবিষ্কার করিয়াছেন, রাজচক্রবর্তী অশোক সেইখানেই, সেই পরম্মঙ্গলের শ্বরণক্ষেত্রেই কলাসেন্দির্ধের প্রতিগ্রা করিয়াছেন। Asoka made Buddhism a world religion, not by adding to, or modifying or improving on, it, but by emphasising the elements of universality that it had always contained. He realised and acted on the truth that true religion is personal and spiritual, not a matter of ceremonial or of ritual, but of conviction and conduct. He rose above all distinctions of race. Remote as he is from us in point of time, we feel that his life has enriched ours.

J. M. Macphail

He is the only military monarch on record who abandoned warfare after victory. He made— he was the first monarch to make— an attempt to educate his people into a common view of the ends and way of life. Asoka worked sanely for the real needs of men. From the Volga to Japan his name is still honoured. More living men cherish his memory today than has ever heard the names of Constantine or Charlemagne.

H. G. Wells

A state can be based on non-violence, that is, it can offer non-violent resistance against a world combination based on armed force. Such a state was Asoka's. The example can be repeated. But the case does not become weak even if it be shown that Asoka's state was not based on non-violence.

M. K. Gandhi

সূচি

সূচনা		
অধ্যাপক বড়ুৱাক্ত প্রভাবনা	•	3
গ্ৰন্থকাবকৃত ভূমিকা	•	१७
অশেকের বাণী	•	३ २
অশোকপ্রশ ন্তি	•	34
মূলগ্ৰন্থ		
ধর্মবিজয় ও অহিংসানীতি	•	>
অহিংসা ও রাজনীতি	•	99
ধৰ্মনীতি	. •	60
ধর্মনীতির পরিণাম	•	16
অসুবয়		
সুখ্য প্ৰমাণপঞ্জী	•	>>>
নিৰ্দেশিকা	•	330
সংশোধন	•	১২৭
চিত্ৰ : সাবনাথ গুস্তুশীৰ্ব	•	স্চনাম্ থে
মানচিত্র : অশোকের রাষ্ট্র- ও ধর্ম-সা	मंद्रा .	গ্ৰন্থ

ধর্মবিজয় ও অহিংসানীতি

পৃথিবীর ইতিহাসে খ্রীষ্টপূর্ব ষষ্ঠ শতকটি একটি বিশ্বয়কর যুগ বলে গণ্য হরে থাকে। নানা দিক থেকেই এই শতকটির ঐতিহাসিক বিশিষ্টতা লক্ষণীয়। ঐতিহাসিক ভিন্সেণ্ট স্মিথ বলেছেন, The sixth century B. C. was a time when men's minds in several widely separated parts of the world were deeply stirred by the problems of religion and salvation i শতকেই চীনবৰ্ষে থংফুংসে (ইংরেজি উচ্চারণ মারদতে বাঁকে আমরা সাধারণত কনফুাসিয়াস নামে জানি) এবং লাওৎসে, ভারতবর্ষে গৌতম বৃদ্ধ এবং বর্ধমান মহাবীর, আর ইরানে জরগুষ্ট্র (এ র আবির্ভাবকাল সম্বন্ধে মতভেদ আহে) আবিভূতি হয়েছিলেন। এতগুলি মহাপুরুষের যুগণৎ আবিভাবের ঐতিহাসিক গৌরব কম নয়। কিন্ত ধর্ম চিন্তা এবং ধর্ম প্রবর্ত নই উক্ত শতকের একমাত্র গৌরব নম। রাষ্ট্রচিস্তা এবং দিগ্বিজ্ঞারের মহিমাও এই যুগকে কম বিশিষ্টতা দান করেনি। যে প্রস্লাতত্ত্বের গৌরবে মুরোণের বাষ্ট্রীর ইতিহাস গৌরবাহিত, এই শতকেই সোলোন ও ক্লাইস্থিনিতের চেষ্টার এথেনসের নগরশাসনতত্ত্বে তার প্রথম স্কুনা হয়। পৃথিবীর ইতিহাসে আর্থ-দিগ্রিজয় এবং আর্থসাত্রাজ্যপ্রতিষ্ঠার স্ফনাও হর এই সমরেই। আর্থ-ইতিহাসের এই বালবলগৌরবের কেন্দ্র ছিল ইরান। ইরানসম্রাট क्रम्य (श्री भू १६४-६७०), क्यूय (१७०-६२२) धवर मात्रवादीय (१२२-৪৮৬) স্বীয় ুবলে যে বিশাল আর্থদান্রান্দ্যের প্রতিষ্ঠা করেছিলেন

১ Oxford History of India, পৃ ঋদ।

তৎকালীন ইতিহাসে তার তুশনা নেই। শক্ষ্য করবার বিষয়, সেই যুগে আর্থসভ্যতার কেন্দ্র ছিল তিনটি—গ্রীস, ইরান ও ভারতবর্ধ। এই তিন দেশে আর্থসভ্যতার বিকাশ ঘটেছিল তিনটি বিশিষ্টরূপে—গ্রীসে রাষ্ট্রচিস্তা ও ডিমুক্রেসির প্রতিষ্ঠার, ইরানে দিগ্বিজ্ঞর ও সাম্রাজ্যস্থাপনে এবং ভারতবর্ধে তন্তচিস্তা ও ধর্মপ্রবর্তনে।

ইরানে আর্থশক্তির অভ্যাদয়ের পূর্বে ছিল অনার্থ আসিরীয় অর্থাৎ অস্তর শক্তির ছর্দান্ত প্রতাপ। তথনকার দিনে দিগ্বিজয়ী অস্তরদের সামরিক শক্তি ছিল অপ্রতিরোধ্য এবং তাদের সাত্রাজ্য ছিল দিগন্তবিস্থৃত। কিন্তু আর্থশক্তির অভ্যত্থানের ফলে ফর্ষ্ অস্তরসাত্রাজ্যের পতন ঘটল। গ্রীষ্টপূর্ব সপ্তম শতকের একেবারে শেষভাগে বিশাল অস্তরসাম্রাজ্য নবোদিত আর্থশক্তির পদানত হল। বিজয়ী ইরানী আর্থরা পরাজিত অস্তরদের কাছ থেকে যে সমরপ্রতিভা ও দিগবিজয়নীতির উত্তরাধিকারী হল তার ঐতিহাসিক প্রভাব স্থানুরপ্রসারী ও দীর্ঘস্থায়ী হয়েছিল। আর্ঘরা সমগ্র অস্তরসাম্রাজ্য অধিকার করেও ক্ষাস্ত হল না, তার পরিধিকে দিকে দিকে সম্প্রসারিত করতে উন্নত হল। হথামনিসীর (Achaemenian) বংশের প্রথম তিন জন সমাটের আমলেই আর্যসাদ্রাজ্যের চরম বিস্তার ঘটে। প্রথম সম্রাট কুরুষ (Cyrus) পশ্চিম দিকে এশিয়া মাইনরের শেষ প্রাস্তস্থিত ববনরাজ্যগুলিকে পরাভূত করেন এবং পূর্বদিকে কাবুল নদীর তীরস্থিত জনপদসমূহকে স্বীয় সাত্রাজাভুক্ত কয়েন। এইভাবে ইজিয়ান সাগরের তীর থেকে কাবুল পর্যন্ত বিশাল ভূথগু হথামনিসীয় সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়। কিন্তু তাতেও এই সাম্রাজ্যের অধিপতিদের দিগবিজয়-লালদা পরিতৃপ্ত হল না। কুরুষ পুত্র সম্রাট্ট কর্মের (Cambyses) বিজয়বাহিনী দক্ষিণদিকে অগ্রসর হয়ে প্রাচীনগৌরবমণ্ডিত মিশর এবং তার পশ্চিম পার্শস্থিত সাইরিনি দেশ জয় করে ইরানসামাজ্যের কুঞ্চিভুক্ত

করেন। অতঃপর তৃতীয় সম্রাট্ দারয়বৌষের (Darius) বিশ্ববিষয়িদিকা তাঁকে আবার পূর্বে ও পশ্চিমে রাজ্যবিস্তারে প্ররোচিত করে। পূর্ব দিকে গন্ধার (বর্তমান পেশোয়ার ও রাওলপিণ্ডি) ও সিন্ধুদেশ তাঁর অধিকার-ভূকে হয় এবং পশ্চিম দিকে তিনি এসিয়ার সীমা অতিক্রম করে গ্রীট্রসর উত্তর প্রান্তবর্তী থে স ও মাকিদন রাজ্য জয় করেন।

এইভাবে যে বিশাল ইরানীয় বা পারসীক সামাজ্যের প্রতিষ্ঠা হল, ভারতবর্ষের ইতিহাস তার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব থেকে মুক্ত থাকতে পারেনি। ভারতবর্ষে তার প্রতিক্রিয়া কিভাবে দেখা দিয়েছিল সেটা আনানের বিবেচা। প্রথনেই বলা প্রয়োজন যে, পার্মীক সাগ্রাজ্য ভারতবর্ষের প্রাস্তম্পর্ম মাত্র করেছিল, মর্ম স্পর্ম করতে পারেনি। তা ছাড়া, সমগ্রভাবে ভারতবর্ষের সঙ্গে পারসীকদের কোনো সংঘর্ষ বাধেনি। তাই ভারতবর্ষের ইতিহাসে উক্ত সাম্রাক্সপ্রতিষ্ঠার অব্যবহিত ও প্রত্যক্ষ প্রভাব খুবই কম। কিন্তু তার ব্যবহিত ও পরোক্ষ প্রভাবের গুরুত্ব কম নয়। সে কথাই আমাদের বিশেষভাবে বিবেচ্য। মনে রাথা প্রয়োজন যে, কুরুষ (খ্রী পু ৫৫৮-৫৩০) এবং দারয়বে বের (খ্রী পূ ৫২২-৪৮৬) বিজয়বাহিনী যথন ভারতবর্ষের পশ্চিম প্রান্তে কাবুল, গন্ধার ও সিদ্ধদেশ অধিকারে ব্যাপ্ত ছিল, সে সময়েই ভারতবর্ষের পূর্ব প্রান্তে মগধরাজ বিশ্বিদার (আহুমানিক খ্রী পূ ৫৪৫-৪৯৩) ও তংপুত্র অঙ্গাতশক্র (আমুনানিক খ্রী পূ ৪৯৩-৪৬১) ভাবী মগধসাম্রাজ্যের ভিত্তি প্রতিষ্ঠা করছিলেন এবং গৌতম বুদ্ধ (আহুমানিক খ্রী পূ ৫৬৫-৪৮৬) বিখমৈত্রীর বিপুল সম্ভাব্যতাপূর্ণ নবধর্মের উদ্বোধনকার্যে নিরত ছিলেন। বিশ্বিসার-অজাতশক্রর অহুস্ত বিশ্ববিশ্বরের আদর্শ এবং বুদ্ধপ্রবৃতিত বিশ্বমৈত্রীর আদর্শ, ভারতবর্ষের ইতিহাসে এই চুই বিশ্বর আদর্শের যুগপৎ আবির্ভাব একটি বিশেষভাবে স্মরণীয় ঘটনা। পরবর্তীকালে এমন এক मःक । एको पिराहिन वथन छात्र जवर्यरक এই छूटे **आपर्र**न्त अकृषि **रिट्**

নেবার প্রয়োজন হয়েছিল। সে কথা পরে বলা যাবে। এখন এইটুকু শ্বরণ রাথা প্রয়োজন বে, বে-সময়ে ভারতবর্ষে বিশ্ববিজয় ও বিশ্ববিজয়-আদর্শ প্রথমে দেখা দিল ঠিক সে সময়েই ইয়ানের পূর্ণপরিণত বিশ্ববিজয়-আদর্শ ভারতবর্ষের ছারপ্রাস্তে প্রসারিত হয়েছিল এবং এই ইয়ানীয় আদর্শ উত্তরকালে ভারতীয় ছই আদর্শের উপরেই প্রভাব বিভার করেছিল। কিছ সে প্রসঙ্গের অবতারণা করবার পূর্বে যবনদেশে অর্থাৎ গ্রীসে এই ইয়ানীয় সাম্রাজ্ঞাবিস্তারের কি প্রতিক্রিয়া হয়েছিল তার একটু সংক্ষিপ্ত পরিচয় দেওয়া দরকার।

আমরা দেখেছি দাররবোষের আমণে ইরানসাম্রাজ্য বথন পূর্বে সিক্তীর থেকে পশ্চিমে মাকিদন পর্যস্ত সম্প্রসারিত হয় ঠিক সে সময়েই গ্রীসের বিশেষত এথেন্সের জনগণ সোলোন ও ক্লাইস্থিনিসের নায়কতায় দেশপ্রীতি ও প্রজাম্বাতন্তা বা ডিমোক্রেসির আদর্শে উদবুদ্ধ হয়ে উঠেছিল। কিন্ত অচিরেই এথেনদের প্রস্তাতান্ত্রিক আদর্শ ও ইরানের সাম্রাজ্যিক আদর্শের মধ্যে প্রচণ্ড সংঘর্ষ উপস্থিত হল এবং সে সংঘর্ষ স্থায়ী হল প্রায় তু শো বছর (बी প ৫০০-৩২৫)। বস্তুত এই সংঘর্ষের কাহিনীই গ্রীসের প্রাচীন ইতিহাসের প্রধান কথা। এই সংঘর্ষের প্রথম পর্বে ইরানের সাম্রাজ্যিক অভিযান প্রতিহত ও এথেনসের প্রজাতাত্রিক আদর্শ জয়ী হয়। কিন্তু বিজয়ী প্রজাতাত্রিক এথেন্সও কালক্রমে সামাজালিপা, হয়ে উঠল এবং স্থবিখ্যাত পেরিক্লিসের অধিনায়কতায় একটি অনতিকুদ্র সাম্রাজ্যের অধিকারী হল। কিন্ত "নীচৈগক্ত ত্যুপরি চ দশা চক্রনেমিক্রমেণ"। নানা ঘটনার পাতপ্রতিঘাতের মলে গ্রীদের গৌরবকেন্দ্র এথেন্দের ভাগ্যবিপর্যয় এবং অর্ধ সভ্য বলে অবজ্ঞাত প্রজাতম্বশেশহীন মাকিদন রাজ্যের অভাদর ঘটণ। হদ স্থিপ্রভাপ ফিলিপ ও তৎপুত্র বিশ্ববিজয়লিঞা, আলেকজাগুারের পদতলে এথেন্সের গৌরবচুড়া অবলুষ্ঠিত হল। অতঃপর আলেকজাগুরি সমগ্র গ্রীদে স্বীয়

আধিপত্য স্থপ্রতিষ্টিত করে বিশাল পারসীক সাম্রাজ্যের বিরুদ্ধে বিশ্বয়াভিয়ানে অগ্রসর হলেন। পারক্তসাম্রাজ্য তথন পতনোমুখ, কাজেই আলেকজাণ্ডারের প্রচণ্ড আক্রমণকে প্রতিরোধ করা তার পক্ষে সম্ভব ছিল না। সামাক্ত আট বংসরের (খ্রী পূ ৩৩৪-৩২৬) অভিযানের ফলেই সাইরিনি-মিশর থেকে গন্ধার-সিন্ধু পর্যন্ত বিশ্বত বিশাল পারক্তসাম্রাজ্য আলেকজাণ্ডারের করতলগত হল। অতঃপর তিনি সিন্ধনদ পার হরে পঞ্জাবের কতকগুলি ক্ষুদ্র ক্লাজ্য জয় কবে বিপাশা নদীর তীরে বিশাল মগ্রসামাজ্যের বাবপ্রান্তে উপনীত হলেন। কিন্তু মগ্রসামাজ্যের সঙ্গে শক্তিপরীক্ষায় অগ্রসর না হয়ে বিপাশার তীর থেকেই প্রত্যাহৃত্ত হলেন। বাবিলনে পৌছার অত্যন্ত কাল পরেই তাঁর মৃত্যু হয়্ব (খ্রী পূ ৩২৩)।

ইরান ও গ্রীদের আদর্শগত সংঘাতের এই বে সংক্ষিপ্ত বিবরণ দেওয়া গেল তার পরিণামটিও লক্ষ্য করার বিষয়। প্রান্ন ছইশত বংশরব্যাপী সংঘাতের পরে ইরানসাম্রাক্ষ্য গ্রীকবীর আলেকজাণ্ডারের হাতে বিনাশ প্রাপ্ত হল। কিন্ত একটু তলিয়ে দেখলেই বোঝা যাবে, ইরান "মরিয়া প্রমাণ করিল সে মরে নাই"। যে প্রজাস্বাতস্ক্রেব আদর্শ নিয়ে এথেন্দের অভ্যুদর, ছই শতানীব্যাপী সংগ্রামের পরে সেআদর্শ অন্তর্হিক হয়েগেল। প্রজাতস্কেব আদর্শ ফিলিপ ও আলেকজাণ্ডারের চিত্তকে স্পর্শাক্ত করেনি। পক্ষান্তরে ইরানের যে সাম্রাজ্যিক আদর্শকে প্রতিহত করা ছিল এথেনস্ তথা শ্রীদের লক্ষ্য, কালক্রমে গ্রীম সেই আদর্শেরই উপাসক হয়ে উঠল। পেরিক্লিন, ফিলিপ, আলেকজাণ্ডার, প্রত্যেকেই তদ স্থি সাম্রাজ্যবাদী। কাজেই একথা স্বীকার না করে উপায় নেই যে, ইরান যেমন গ্রীসের বাহবলের নিকট পরাজিত হল গ্রীসক্রেও তেমনি ইরানের দিগ্রিজয় ও সাম্রাজ্যবাদের আদর্শের নিকট পরাজব বীকার করতে হল। ওধু তাই নয়, ইরানবিজ্বের পর আলেকজাণ্ডার ইয়ানেই স্বীয় রাজ্যনী স্থাপন করেন এবং বছলপরিমাণে ইরানীয় রীতিনীতি

অবশ্বদ করেন। বস্তুত একেত্রে বিজ্ঞেতাকেই বিজ্ঞিতের আমুগত্য স্বীকার করতে হয়। ঐতিহাসিকগণ আলেকজাগুরের ইরানবিজয়কে দার্মবৌষের গ্রীস আক্রমণের উলটো পরিণাম বলে বর্ণনা করেন। সঙ্গে সঙ্গে একথাও মনে রাখা দরকার যে, কুরুষ ও দার্যবৌষ যে দিগ্রিজয় ও সামাজ্যিক আদর্শের প্রবর্তক, আলেকজাণ্ডার সেই আদর্শের দ্বারাই অমুপ্রাণিত হয়েছিলেন। অর্থাৎ এ হিসাবে আলেকজান্ডার কুরুষ ও দারুরবৌষের অমুবর্তী ও শিয়স্তানীয়। কিন্তু বিজয়গৌরবের বিচারে শিয় গুরুকে অনেকথানি ছাড়িয়ে গিয়েছিলেন। দারয়বৌষের রাজ্যসীমার পূর্বে সমগ্র পঞ্জাব এবং পশ্চিমে মুমগ্র গ্রীস আলেকজাণ্ডারের সাম্রাজ্যভুক্ত ছিল। কিন্তু এই গৌরব দীর্ঘন্থায়ী হতে পারেনি। আলেকজাগুরের মৃত্যুর পরে অন্নকালের মধোই তাঁর দামাজা ভেঙে গিয়ে তাঁর তিনজন প্রধান সেনাপতির অধিকারভুক্ত হয় – সেলুকসের ভাগে এসিয়া মাইনর থেকে পঞ্জাব পর্যন্ত সমগ্র ভূভাগ, টলেমির ভাগে মিশর এবং এন্টগোনাদের ভাগে মাকিদন। তা ছাড়া মিশরের পশ্চিমে সাইরিনিতে একটি নৃতন রাজ্য প্রতিষ্ঠিত ২য় এবং মাকিদনের দক্ষিণে গ্রীস দেশ কতকগুলি কুন্ত রাজ্যে বিভক্ত হয়ে যায়।

ş

দেখা গেল প্রাক্তমার্য অন্তর রাজগণ পশ্চিম এশিয়ার যে দিগ্বিজর-আদর্শের প্রতিষ্ঠা করেন পরবর্তীকালে ইরানীয় ও গ্রীক আর্থরা সেই আদর্শের দারা অন্ত্রাণিত হয়ে ছই শতান্দীব্যাপী যুদ্ধবিগ্রহে তৎকালীন ইতিহাসকে ক্ষুদ্ধ কয়ে তুলেছিল। এই যে বহুশতবর্ষব্যাপী দিগ্বিজয়-নাট্য, তার ঐতিহাসিক রহুমঞ্চ ছিল প্রারতবর্ষের দারপ্রান্তেই। শুধ্

তাই নর। কুরুষ, দারম্বেষি, আলেকজাণ্ডার প্রমুথ দিগ্লয়ী নেতাদের কীতিকগাপ ভারতসীমার বাইরে আবন্ধ থাকেনি, অভান্তরেও প্রবেশ করেছিল। এ অবস্থার ওই যুগান্তব্যাপী দিগ্রিজয়মহিমা ভারতবর্ষের করনাকেও উদ্দীপ্ত করে ভলেছিল, এ অনুমান অসংগত নয়। বস্তুত দার্যুবৌষের প্রায় সমকালেই মগধনাথ বিশ্বিসার ও অক্সাতশক্ত অক্স ও শিক্তবিরাজা অধিকার করে যে জয়তক্র প্রবর্তন করেন সে চক্র দীর্ঘ ত্রই শতাব্দী কাল আবর্ডিত হয়ে এবং প্রায় সমগ্র ভারতবর্ষকে পরিক্রমণ কবে তবে ক্ষান্ত হয়েছিল। যে সময়ে আলেকজাণ্ডারের বিজয়াজ্ঞান সমগ্র পারস্থ সাম্রাজ্ঞাকে গ্রাস করে ভারতবর্ষের অভান্তরে বিপাশার পশ্চিম তীরে উপনীত হল দে সময়ে মগুধের বিজয়র্থও সমগ্র উত্তর ভারত অতিক্রম করে বিপাশার পূর্বতীবে এদে ক্ষণকালের জন্ম তব্ধ ছিল। মগধ ও মাকিননের এই হুই হুধ ব সাম্রাক্তা যদি বিপাশার পূর্ব বা পশ্চিম তীবে শক্তিপরীক্ষার অগ্রসর হত তাহলে পৃথিবীর ইতিহাসে কোন্ নব অধ্যায়ের স্থচনা হত বলা যায় না। কিন্তু যে কারণেই হোক আলেকজাণ্ডার মগধরাজশক্তির সঙ্গে সংঘর্ষে অগ্রসর না হয়ে বিপাশাতীয় থেকেই স্বরান্ত্রে প্রত্যায়ত্ত হলেন। কিন্তু মগধরাজশক্তি নিযুত্ত হল না। মহাবীর চক্রগুপ্ত মৌর্যের (এ পু ৩২৪-৩০) অধিনায়কতায় মগধের বিজয়সেনা বিপাশা অতিক্রম করে ও আলেকজাগুরের সেনাপতিদের পর্দত্ত করে সমগ্র পঞ্জাব ও সিদ্ধুদেশ অধিকার করে নিল। অতঃপর ত্রীস ও ভারতবর্ষের যে শক্তিপরীক্ষা বিপাশার তীরে আসন্ন হয়েও সংঘটিত হয়নি তা ঘটন সম্ভবত সিদ্ধনদের তীরে সেলুকস ও চক্রগুরের (ঞ্রী পূ ৩০৫) নায়কতায়। তার ফলাকল স্থবিদিত। কাবুল, কান্দাহার, হিরাট ও বালুচিম্বান, এই চারটি রাজ্য ধ্বনসন্ত্রাটের অধিকার থেকে মগধ্যন্ত্রাটের অধিকারভূক হল। এইভাবে মগধের ছই আঘাতের ফলে ব্বন্দাদ্রাজ্যের পশ্চিম

সীমা বিপাশার তীর থেকে হিরাটের প্রান্তে অপসারিত হল। ফলে যবনসম্রাট্ট সেলুকস মগধসম্রাট্ট চন্দ্রগুপ্তের সঙ্গে সথ্য স্থাপন করতে বাধ্য হলেন। পূর্বেই বলেছি এ সময়ে যবনসাম্রাজ্ঞার পতনদশা। স্থতরাং এ অবস্থায় চক্রগুপ্ত যদি তাঁর বিজয়বাহিনী নিয়ে আরও অগ্রসর হতেন তাহলে তাঁর অগ্রগতি কর করা কারও সাধ্য ছিল না এবং তাঁর পক্ষে মিশর-সাইরিনি ও গ্রীদ-মাকিদন পর্যন্ত অগ্রদর হয়ে পূর্বতন সমগ্র ইরানসাম্রাজ্য ও তৎস্থলবর্তী যবনসাম্রাজ্য অধিকার করা হয়তো অসম্ভব হত না। কিন্তু তথনও সমগ্র ভারতবর্ষ বিজিত হয়নি। মহিবুরের দক্ষিণে চোল, পাণ্ডা, কেরল, সত্যপুত্র ও তাম্রপর্নী (সিংহল) তথনও অবিব্বিত এবং উত্তরে মগধের অনতিদূরেই প্রবল কলিঙ্গরাজ্য তথন ও অকুরশক্তিতে বিরাজ্ঞখন ছিল। এই রাজ্যগুলিকে বশীভূত না করে এবং অচিরপ্রতিষ্ঠিত মৌর্যনামাজ্যে শাস্তি ও শৃত্যালা স্থাপন না করে চন্দ্রগুপ্তের পক্ষে বিশ্ববিশ্বরে অগ্রসর হওয়া নিরাপদ ছিল না। তাই তিনি দীর্ঘকাল সেলুকসের সঙ্গে মিত্রতা রক্ষা করে চলতে বাধ্য হয়েছিলেন। মনে রাথতে হবে স্বরাজ্যে শৃন্ধলা স্থাপন ও সমগ্র গ্রীসকে করারত্ত করতেই মাকিদনরাজ ফিলিপের জীবনকাল অতিবাহিত হয়েছিল। তৎপুত্র আলেকজাগুারও মাকিদন তথা গ্রীসকে সম্পূর্ণরূপে বশীভূত করেই তবে বিশ্ববিজয়ে অগ্রসর হতে পেরেছিলেন।

চন্দ্রগুপ্তের পর তৎপুত্র বিশ্বসারের রাজস্বকালও (ঝ্রী পৃ ৩০০-২৭৩)
সম্ভবত বিদ্রোহদমন এবং স্বস্থাজ্যে শৃঙ্খলাবিধানেই অতিবাহিত হয়েছিল।
তাই তাঁর পক্ষেও ধবনরাজাদের সঙ্গে মিত্রতা রক্ষা করে চলার প্রয়োজন
ছিল। অতঃপর তৃতীয় মৌর্যসম্রাট্ অশোক (ৠ পৃ ২৭৩-২৩২) বধন
মগধের সিংহাসনে স্কপ্রতিষ্ঠিত হলেন তথনই তাঁর পিতামহের আরক্ষ
বিশ্ববিজ্যের ত্রতকে সম্পূর্ণতা দানের প্রথম স্থোগ এল। বিশ্ববিজ্যবিশ্বস্

অশোকের দৃষ্টি কলিক-তামপ্রা থেকে মাকিদন-মিশর পর্যন্ত সমগ্র ভ্রথণ্ডের উপরে নিবন্ধ ছিল। তাঁচ প্রথম কর্তব্য হল কলিক থেকে তামপ্রী পর্যন্ত ভারতবর্ধের অবিজিত রাজ্যগুলিকে মগধসামাজ্যভূকে করা; অতঃপর পশ্চিমের গ্রীক রাজ্যগুলির পালা। স্বীয় রাজত্বের ব্রেয়ান্দ বৎসরে (প্রী পূ ২৬০) অশোক তাঁর বিজয়াভিয়ান আরম্ভ করেন। কলিক ছিল মগধের অনতিদ্রে এবং তার শক্তিও নগণ্য ছিল না। তাই স্থভাবতই অশোক কলিকের বিরুদ্ধেই সর্বপ্রথমে অভিযান চালনা করলেন এবং প্রচণ্ড সংগ্রানের পর কলিক রাজ্য পরাভূত ও অধিক্বত হল। কিন্তু ভারতবর্ধের ইতিহাসবিধাতা এখানেই যবনিকাপাত করলেন। মোর্যসম্রাট্গণের বিশ্ববিজয় নাট্যের দ্বিতীয় অঙ্কে প্রথম দৃশ্রের পরেই অকক্ষাৎ অকালেই নাট্যাভিনয় সমাপ্ত হয়ে গেল। অতঃপর যথন যবনিকা উঠল তথন ভারতবর্ধের ঐতিহাসিক রক্ষমঞ্চে যে অভিনয়ের স্থচনা দেখা গেল তা সম্পূর্ণ স্বতন্ত প্রকৃতির; সে নাট্য শাস্তরশের নাট্য, তাতে বীর্ষের মহিমা ছিল, কিন্তু রৌদ্ররসের লেশমাত্রও ছিল না।

ধাহোক, কলিক্ষবিজ্ঞরের পরেই ভারত-ইতিহাসের যে অধ্যার সমাপ্ত হল তার গুরুত্ব উপলব্ধি করা প্রয়োজন। বিশ্বিসারের জন্তরাজ্য (আধুনিক ভাগলপুর ও মুক্তের জেলা) জয়ের হারা নগথের রাজনীতিতে যে দিগ্বিজ্ঞর ও রাজচক্রবর্তিত্বের উচ্চাকাজ্ঞা হচিত হল তা ক্রমবর্ধনান গতিতে হিরাট থেকে কামরূপ এবং কাশ্মীর থেকে মহিষুর পর্যন্ত প্রায় সমগ্র ভারতবর্ষকে আত্মসাৎ করে অবশেষে অশোকের কলিক্ষবিজ্ঞরের পরেই সহসা চিরকালের জন্ম গুরু হয়ে গেল। মগথের রাজশক্তিকে কেক্র করে সমগ্র ভারতবর্ষকে রাষ্ট্রীর ঐক্যের বন্ধনে সংহত করে তোলবার যে সাধনা আরম্ভ হয়েছিল বিশ্বিসারের আমলে, অশোকের আমলে তা যে শুধু অকালে অর্ধ পথেই কান্ত হয়ে গেল তা নয়। তথন থেকেই তার বিপরীত গতিরও স্চনা হল এবং অশোকের অন্তরাল পরেই আবার 'থণ্ড ছিন্ন বিক্ষপ্ত' ভারতের ইতিহাস আত্মকলহ ও বৈদেশিক আক্রমণের কোলাহলে মুখর হয়ে উঠল। তা ছাড়া, অস্তরশক্তির কাছ্ছ থেকে উত্তরাধিকারস্ত্তে প্রাপ্ত যে বিশ্ববিজ্ঞরের মহিমা কুরুষ, দারয়বৌষ্ ও আলেকজাণ্ডারকে আশ্রম্ন করে ভারতবর্ষের কল্পনাকেও উদ্দীপ্ত করে তুলেছিল এবং সম্ভবত দিগ্বিজ্মলিক্স চন্দ্রগুপ্ত ও তৎপৌত্র অশোককেও পশ্চিমাভিয়ানে উন্মৃথ করে তুলেছিল, কলিন্ধবিজ্যের রক্তাক্ত বীভৎসতার মধ্যে সহসা তার অন্তর্ধান ঘটল। ফলে বিশ্বের সামরিক ও রাষ্ট্রীয় রন্ধনক্ষে একটি প্রধান ভূমিকায় অবতীর্ণ হবার যে স্বযোগ উপত্তিত হয়েছিল, ভারতবর্ষের দীর্ঘ ইতিহাসে তেমন স্বযোগ আর কথনও দেখা দেয়নি।

9

কলিম্ববিজয়ের পরে ভারতবর্ধের ইতিহাসে যে নবনাট্যের স্ত্রপাত হল এবার তার স্বরূপ আলোচনা করা প্রয়োজন। বিশ্বিসারের অঙ্গবিজয় থেকে অশোকের কলিম্ববিজয় পর্যন্ত প্রায় তিনশো বছর ধরে মগধের রাজশক্তি যে নীতি অনুসরণ করছিল তাকে দিগ্বিজয়নীতি নামে অভিহিত করা হয়। কৌটলোর অর্থশাম্ম অনুসারে এই নীতির অপর নাম 'অন্তর-বিজয়'।' দিগ্বিজয়ের আদর্শ মূলত অন্তররাজগণের কাছ থেকেই আর্যরা উত্তরাধিকারস্ব্রে লাভ করেছিল, তা ছাড়া এই দিগ্বিজয়ের আনুষদিক নিষ্ঠুরতাও সামাস্ত ছিল না। স্ত্তরাং অসুরবিজয় নামটি নির্থক নয়।

⁾ व्यर्थनात ऽराध

মগধের দিগ্বিজয় বস্তুত অস্তরবিজয়েরই প্রকারতেদ মাত্র এবং অশোকের কলিদ্র্র এই অস্তরবিজয়পর্বের শেষ দৃশ্য। এই যুদ্ধের আস্থরিক নিষ্ঠ্রতা আশোকের অস্তরে যে 'তীব্র অমুশোচনা' সঞ্চার করে, তার ফলেই তিনি মগধের তিন শতান্ধীব্যাপী দিগ্বিজয়নীতি চিরকালের জয়্য পরিহার করেন। এই আস্থরিক দিগ্বিজয়নীতির পরিবর্তে তিনি যে নবনীতির প্রবর্তন করেন তাকে তিনি নিজেই 'ধর্মবিজয়' নামে অভিহিত করেছেন। দিগ্বিজয়ের মূলে নিষ্ঠুরতা ও হিংসা, ধর্মবিজয়ের মূলে মৈত্রী ও অহিংসা। দিগ্বিজয়ের লক্ষ্য বিশ্বসাম্রাজ্যপ্রতিষ্ঠা, ধর্মবিজয়ের লক্ষ্য বিশ্বসাম্রাজ্যপ্রতিষ্ঠা। কলিস্বয়্রের পরে অশোক মৌর্সমান্রাজ্যকে ধর্মবিজয় ও অহিংসা নীতির সহারতায় বিশ্বইমত্রীর লক্ষ্যের দিকেই পরিচালিত করতে থাকেন। এই প্রসঙ্গ একটু পরেই প্রক্রখাপন করা যাবে।

পূর্বে বলেছি প্রীপ্রপূর্ব ষষ্ঠ শতকে ভারতবর্ষের ইতিহাসে প্রায় একই সময় ঘাট বিক্রন আদর্শের আবির্ভাব হয়, বিষিসার-অঙ্গাতশক্রর অয়ুস্থত বিশ্ববিজয়ের আদর্শ এবং গৌতমবৃত্ধপ্রবিতিত বিশ্বমৈত্রীর আদর্শ। অঙ্গরাজ্যের সময়ক্রের বিষিসারের জয়চক্রপ্রবর্তন এবং সায়য়াথের প্ণাক্ষেত্রে গৌতম বৃদ্ধের ধর্মচক্রপ্রবর্তন প্রায় একই সময়ের ঘটনা। মগথের রাজশক্তি স্বভাবতই প্রথম আদর্শের প্রতি আকুট ছিল। কলিল্ববৃদ্ধের সময় পর্যস্ত অশোক এই আদর্শেরই একনিন্ত উপাসক ছিলেন। অক্সান্ত দেশের ক্রায় ভারতবর্ষের পক্ষেও এই আদর্শের ছই অংশ—স্বদেশে রাষ্ট্রীয় বিক্রস্থাপন এবং বিদেশে আধিপত্যপ্রতিষ্ঠা। এই প্রথম অংশ সমাপ্ত হবার পূর্বেই অশোক বিষিসারপ্রবর্তিত বিশ্বসান্ত্রাজ্যের আদর্শকে পরিত্যাগ করে বৃদ্ধপ্রবর্তিত বিশ্বসান্ত্রাজ্যর আদর্শকে পরিত্যাগ করে বৃদ্ধপ্রবর্তিত বিশ্বসান্ত্রাজ্যর করে নিলেন। ভারতবর্ষের ইতিহাসের এই যে আক্ষ্মিক পট্রপরিবর্তন পৃথিবীর ইতিহাসে তার

তুলনা নেই। এই নীতিপরিবর্তনের সম্বন্ধে যথাস্থানে আলোচনা করা যাবে। তার পূর্বে এই পরিবর্তনের অরপটা বিশেষভাবে বিবেচনা করে দেখা দরকার। অশোক দিগ্বিজরের পরিবর্তে ধর্মবিজরের নীতি গ্রহণ করলেন। লক্ষ্য করার বিষয়, 'বিজয়' শব্দটিকে তিনি অস্বীকার করলেন না। উভয় নীতিরই লক্ষ্য 'বিজয়'; পরিবর্তন ঘটল শুধূ উদ্দেশ্য ও উপায়ের; সাম্রাজ্যের পরিবর্তে মামুবের চিত্ত অধিকার করা হল এই নব বিজয়নীতির উদ্দেশ্য এবং অস্তের পরিবর্তে ধর্ম হল তার সাধন।

বিশেষভাবে লক্ষণীয় বিষয় এই যে, আশোকের এই নব বিজয়নীতির প্রয়োগক্ষেত্র সম্বন্ধেও কোনো পরিবর্তন ঘটেনি। অর্থাৎ কলিমযুদ্ধের পূর্বে দিগ্বিজয়লিপা অশোকের দৃষ্টি যেসব দেশের উপরে নিবদ্ধ হিল কলিসযুদ্ধের পরেও তিনি সেস্ব দেশকেই তাঁর ধর্মবিজয়নীতি প্রয়োগের ক্ষেত্র বলে গণ্য করলেন, অন্ত কোনো দেশের প্রতি দৃষ্টিপতি করেননি। কোন কোন দেশ অশোকের ধর্মবিজয়ের লক্ষ্য ছিল তা জানা যায় তাঁর শিশালিপি (অশোক নিজে এগুলিকে অভিহিত করেছেন 'ধর্মলিপি' বলে) থেকেই। দ্বিতীয় এবং ত্রয়োদশ পর্বতলিপিতে অশোকের ধর্মবিজিত দেশসমূহের তালিক। পাওরা যায়। এই তালিকার ছুইভাগ। এক ভাগে আছে মৌর্যাম্রাক্সের দক্ষিণে অবস্থিত প্রত্যস্ত রাজ্যগুলির নাম —চোল (ত্রিচিনপন্নী ও তাঞ্জার), পাণ্ডা (মাহুরা ও তিল্লভেলি), সত্যপুত্র (উত্তর মালাবার), কেরলপুত্র (ত্রিবাস্কুর) এবং তাদ্রপর্ণী (সিংহল); অশোকের ধর্মলিপিতে এসব রাজ্যের রাজাদের নাম নেই। বিতীয় ভাগে আছে ভারতবর্ষের পশ্চিমে অবস্থিত প্রত্যম্ভ যবন্নপৃতিদের নাম-অংতিয়োক (সিরিয়ারাজ এন্টিয়োকস থিয়স, এ পৃ ২৬১-২৪৬), তুলময় (মিশররাজ টলেমি ফিলাডেলফস, গ্রী পু ২৮৫-২৪৭), অংতিকিন (মাকিদনরাজ এন্টিগোনস গোনেটস, খ্রী পূ ২৭৭-২৩৯), মগ (সাইরিনিরাজ মগস, এ পু ২৮৫-২৫৮) এবং অলিকফুদর প্রীসের অন্তর্গত করিছ বা এপিরাসের রাজা আলেকজাগুর); অশোকের ধর্ম লিপিতে এসব রাজাদের রাজ্যের নাম নেই। অশোক অত্যক্ত আত্মপ্রসাদের সঙ্গেই জানিরেছেন, এসব দেশে তিনি ধর্মবিজ্ঞর লাভ করেছিলেন অর্থাৎ তাঁর ধর্মনীতি এই সব রাজাদের রাজ্যে সাদরে স্বীক্লত হয়েছিল। উক্ত পর্বতলিপি থেকেই জ্বানা ধার, ওপ্র দেশের জনসাধারণ অশোকের ধর্মাফুশাসন সানন্দেই পালন করত এবং অশোকও ওসব দেশের জনসাধারণের কল্যাণ ও স্থাস্বাচ্ছন্য বিধানের জ্ঞা চেষ্টার ক্রটি করেননি। অশোক তাঁর ভারতীয় ও অভারতীয় প্রভাস্ক নুপতিদের রাজ্যেও মাত্র্য এবং পশুর জন্ম চিকিৎসার ব্যবস্থা করেছিলেন. মাহ্রষ ও পশুর চিকিৎসার পক্ষে প্ররোজনীয় ভেষদ্ধ লতাগুলা এবং ফনমূল যেথানে যা নেই দেখানে তা সংগ্রহ ও রোপণ করিছেছিলেন, তা ছাড়া মাহুষ এবং পশুর 'পরিভোগের' জ্বন্তে পথে পথে কুপ্থনন এবং বৃক্ষরোপণাদির ব্যবস্থাও করেছিলেন। স্বদেশে এবং বিদেশে মাহ্রপভনির্বিশেষে সর্বজ্ঞাবের কল্যাণবিধানের এই বে আকাজ্ঞা, এটাই অশোকের ধর্মবিজয়নীতির মূল প্রেরণা। এই নব বিজয়নীতি অনুসরণ করার ফলে বিশ্বব্যাপী জীবকল্যাণবিধানের স্থাযোগ পেরে অশোক বে পরম পরিতৃপ্তি ও 'প্রীতিরস' লাভ করেছিলেন সে কথা তাঁর ধর্মলিপিতে ম্পাষ্টভাষায় খোষিত হয়েছে।

দেখা গেল মহিষ্ব থেকে তাত্রপর্ণী পর্যন্ত সমগ্র দক্ষিণ ভারত এবং হিরাট থেকে নিশরের পশ্চিমে অবস্থিত সাইরিনি ও গ্রীসের পশ্চিম প্রোন্তবর্তী এপিরাস পর্যন্ত সমগ্র ভূভাগে অশোকের ধর্মামুশাসন ও কল্যাণপ্রচেষ্টা প্রচার ও প্রসার লাভ করেছিল। বস্তুত অশোক এই

উভয় ভৃথগুকেই স্বীয় ধর্মবিজিত সাম্রাজ্য বলে গণ্য করতেন এবং সে কথা ঘোষণা করে গর্ব অফুডব করতেন। হিরাট থেকে মহিযুর পর্যন্ত প্রার সমগ্র ভারতবর্ষ ছিল মৌর্যদের অন্ত্রবিন্ধিত সাম্রাজ্য, আর মহিযুর থেকে তাত্রপণী এবং হিরাট থেকে সাইরিনি-এপিরাস পর্যন্ত ভূভাগ ছিল অশোকের ধর্মবিজিত সাম্রাজ্য। অশোকের ধর্মসামাজ্যের বহির্ভারতীয় অংশের ঐতিহাসিক সংস্থৃতি ও ভৌগোলিক সংস্থান বিশেষভাবে বিবেচনার যোগ্য। আমরা দেখেছি ইরানসমাট কমুব, উত্তর আফ্রিকায় মিশর ও সাইরিনি রাজ্য অধিকার করেছিলেন এবং তৎপরে দারয়বৌষ যুরোপের অন্তর্গত গ্রাদের উত্তরসীমাবর্তী থে স এবং মাকিদন জন্ন করেন। অতঃপর দারয়বৌষপুত্র খ্বয়ার্ঘা (Xerxes, এ পু ৪৮৬-৪৬৫) সমগ্র গ্রীস ্রেশ অধিকার করতে উন্মত হন। কিন্তু তাঁর সে উন্মন ব্যর্থ হয়। পরবর্তী কালে দিগ্ৰিজয়ী বীর আলেকজাণ্ডার থে স-মাকিদন এবং মিশ্ব-সাইরিনি সহ সমগ্র ইরানসাত্রাজ্যের উপরে স্বীয় আধিপত্য স্থাপন করেন। তবে তাঁর সামাজ্য ছুইদিকে বর্ধিত হয়ে পশ্চিমে এপিরাস ও পূর্বে বিপাশা পর্যন্ত প্রসার লাভ করেছিল। অতঃপর যথন মৌর্থবীরগণের পালা এল তথন তাঁরাও স্বভাবতই এই ভূথণ্ডের উপরেই স্বকীয় মহিমা প্রতিষ্ঠিত করতে উন্মুথ হলেন। বস্তুত অশোকের কীর্তিক্ষেত্রও ভারতবর্ষের পশ্চিম সীমান্ত থেকে মিশর-সাইরিনি ও মাকিদন-এপিরাস পর্যন্তই বিস্তৃত ছিল। ইরান এবং ম।কিদনের সমাট্গণের জার মৌর্থসমাট্ অশোকও বিশ্ববিজয়লিঞা ছিলেন। তফাত এই বে, অশোক তাঁর বিশ্ববিজয়প্রচেষ্টায় অন্তের পরিবতে ধর্মকে, হিংসার পরিবতে অহিংসাকে এবং ক্রোধের বিনিময়ে অক্রোধকে আশ্রয় করণেন। এই বিষয়প্রচেষ্টায় অশোক দেশে দেশে রক্তপাতদক সশস্ত্র সৈন্তদল প্রেরণ করলেন না. প্রেরণ করলেন প্রবীণ ও সুশিক্ষিত ধর্মতভ্তর শান্তিদূতবাহিনী। বস্তুত

অশোককথিত ধর্মবিজয় হচ্ছে নৈতিক বিজয় এবং তাঁর প্রতিষ্ঠিত ধর্মসাম্রাজ্য হচ্ছে মূলত নৈতিক আধিপত্য। অশোক যে ইরান, মাকিদন ও মগধেব চিরন্তন দিগ্বিজ্ঞানীতি পরিহার করে হিরাট থেকে সাইরিনি-এপিরাস পর্যন্ত বিশাল ভূথণ্ডের উপরে রাষ্ট্র-সামাজ্যের পরিবতে ধর্মসামাজ্য প্রতিষ্ঠায় ব্রতী হলেন, তার ঐতিহাদিক গুরুষ আজও যথোচিতভাবে স্বীকৃত হয়নি। অশোক যদি কলিম্বন্ধের পরে নরশোণিতপাতে বিমুখ না হরে তাঁর বিজ্ঞাবাহিনী নিয়ে সাইরিনি-এপিরাস পর্যন্ত অগ্রসর হতেন, তাহলে হয়তো তিনি দাবয়বৌষ ও আলেকজাগুরের স্থাব ছর্দান্ত অস্করবিজয়ী বীর বলে গণ্য হতে পারতেন। কিন্তু তিনি সে খাতির প্রতি দকপাত না করে ধর্মবিজয়ী বীরের ভূমিকায় অবতীর্ণ হলেন, এ হিসাবে অশোকের কীর্তি অনক্রসাধারণ। পৃথিবীর ইতিহাসে অস্ত্রবিজয়ী মহাবীরের অভাব নেই. কিন্ত ধর্মবিজয়ী বীর একমাত্র অশোক। অশোকের এই বিশিষ্টতা ভারতবর্ষের ইতিহাসকে যে গৌরবের অধিকারী করেছে তার उनग (नहे।

আলেকজাণ্ডার ভারতবর্ষে প্রবেশ করেছিলেন ছর্নান্ত অমুরবিজয়ী রপে। এই আমুরিক আক্রমণের প্রচণ্ড নির্চূরতা পঞ্চাব ও সিন্ধুদেশের জনপদসমূহের উপরে যে ধবংস ও ছংখছর্দশার বক্তা বইয়ে দিয়েছিল, ভারতবর্ষের স্মৃতিকে তা দীর্ঘকাল ভারাক্রান্ত করে রেখেছিল সন্দেহ নেই। পরবর্তী কালে যবনদের আক্রমণে প্রায় সমগ্র উত্তর ভারতে এক বিষম উপপ্লব সংঘটিত হয়। সংস্কৃত সাহিত্যে এই যবনদের ছ্টবিক্রান্তাঃ, যুক্ত্র্মদাঃ ও মুগদোরত্রাচারাঃ বলে নিলা করা হয়েছে। ভাদের ছারা 'স্ত্রীণাং বালবধেনৈব' যে 'যুদ্ধং পরমদার্কণম্' অমুষ্ঠিত হয় তার ফলে নেশের সমস্ত জনপদ বিপর্যন্ত হয়ে গিরেছিল (আকুলা বিষয়াঃ সর্বে)।

খ্রী এবং বালহত্যাতেও যাদের দিধা নেই ভারা যে ছাইবিক্রাস্ত ও ৰুগদোষ্ট্রোচার তাতে সন্দেহ কি? আলেকজাণ্ডারের সৈম্ভরা যে **এই সৈন্তদের চেয়ে ভিন্নপ্রকৃতির ছিল তা মনে করার হেতু নেই।** বল্পত গ্রীক সাহিত্যে আলেকজাগুরের ভারতআক্রমণের যে বিবরণ পাওয়া যায় তার থেকে স্পষ্ট বোঝা যায় এই আক্রমণের নুশংসতা পরবর্তী ববনআক্রমণের থেকে কিছুমাত্র কম ছিল না। তা ছাড়া কলিক্যুদ্ধের যে নিষ্ঠরতা অশোকের অন্তরে যুগান্তকারী অনুশোচনার স্ঞার করেছিল, দিগ্বিজয়লিপা মাকিদনীয় বাহিনীর নৃশংস্তার সঙ্গে তার তুলনা হয় না। অধিকন্ত এই নৃশংসতা বৈদেশিক আক্রমণ-কারীর ছারা অনুষ্ঠিত হওয়াতে ভারতবর্ষের চিত্তকে বিশেষভাবে ব্যথিত श्रुक करत जुलिहिन। रेश्टमिक अञ्चतिक्योत धरे नृमः मजात कि প্রাত্তর ভারতবর্ষ দিয়েছিল তাও বিবেচনা করে দেখা দরকার। মোর্যবীর চলগুলা ছিলেন বলের বিরুদ্ধে বল প্রয়োগ করার এবং আঘাতের বিনিময়ে প্রত্যাঘাত দেবার পক্ষণাতী। আমরা দেখেছি তিনি চুই প্রচণ্ড আঘাতে যবনরাজ্ঞাসীমাকে বিপাশাতীর থেকে হিরাটের পশ্চিমে স্বিরে দেন এবং সম্ভব হলে মগধের বিজয়পতাকাকে মাকিদন পর্যন্ত নিয়ে যেতে অনিচ্ছুক ছিলেন না। কিন্তু অশোকের অবলম্বিত নীতি সম্পূর্ণ স্বতন্ত্রপ্রকৃতির। সে নীতি হল-

অকোধেন জিনে কোধং অসাধুং সাধুনা জিনে

—ধর্মপদ্ধ ১৭।৩

অক্রোধের ধারা ক্রোধকে এবং সাধুতার ধারা অসাধুতাকে জর করবে।
ন হি বেরেন বেরানি সম্মন্তীধ কুদাচনং।
অবেরেন চ সম্মন্তি এস ধন্যো সমস্তনো।।

--ধর্মপদ ১া৫

'বৈর ছারা বৈর কথনও প্রাশমিত হয় না, অবৈর ছারাই বৈর প্রাশমিত হয়, এই হচ্ছে সনাতন ধর্ম।' অশোকের বিশ্ববিজ্ঞয়প্রচেষ্টার মূলে ছিল এই সনাতন ধর্মের প্রেরণা। সে জক্তেই তিনি উক্ত বিজ্ঞয়কে ধর্মবিজয় নামে অভিহিত করেন। শক্তবার পরিবর্তে মৈত্রীদানই এই ধর্মবিজয়ের মূল কথা। এই দৃষ্টি নিয়ে বিচার করলে অশোকের ধর্মবিজয়ের মূল কথা। এই দৃষ্টি নিয়ে বিচার করলে অশোকের ধর্মবিজয়ের আলেকজাগুরের বিশ্ববিজয়ের, বিশেষভাবে পঞ্জাব ও সিদ্ধ অধিকারের, ভারতীয় প্রত্যুত্তর বলেই গণ্য করতে হয় এবং অশোকের ধর্মসামাজ্যকে আলেকজাগুরের রাষ্ট্রসামাজ্যের ভারতীয় প্রতিরূপ বলে স্বীকার করতে হয়। এই দিক্ থেকে বিচার করলে সহজেই বোঝা যাবে, অশোকের ধর্মবিজয়ের সীমা কেন আলেকজাগুরের দামাজ্যসীমাকে অতিক্রম করে বায়নি। মাকিনন সামাজ্যের পশ্চিমসীমা ছিল একদিকে সাইরিনি, অপরদিকে এপিরাস। অশোকের ধর্মবিজয়ও সাইরিনি-এপিরাস পর্যস্ত গিয়েই নিরস্ত হয়েছিল।

এ প্রদঙ্গে আরও একটা বিষয় বিবেচনার যোগা। তথনকার দিনে সাইরিনির পশ্চিমস্থ উত্তর আফ্রিকায় ছিল বিশাল কার্থেজ সাম্রাজ্য এবং এপিরাসের পশ্চিমে ছিল নবোদিত রোমক শক্তির সমগ্র ইতালিব্যাপী আধিপতা। অশোক যে সময়ে কলিজবিজয় (গ্রী পৃ ২৬১-৬০) সমাপ্ত করে যবনরাজ্যসমূহে ধর্মবিজয়নীতি প্রয়োগে ব্যাপৃত হন, সে সময়ে রোম ও কার্থেজ এক দীর্ঘন্থাী জীবনমরণ সংগ্রামে (গ্রী পৃ ২৬৪-৪১) লিগু ছিল। এই সংগ্রামের প্রচণ্ডতায় সাইরিনি ও এপিরাসের পশ্চিমস্থ সমগ্র ভূতাগ মৃহর্ম্থ প্রকশিত হচ্ছিল। এই অবস্থায় যুদ্ধোনাত্ত কার্থেজ ও রোমক রাজ্যে ধর্মদৃত পাঠিয়ে সাফ্র্যা লাত্তের কোনো সন্তাবনাই ছিল না। অশোকের ধর্মবিজয়প্রচেষ্টা য়ে সাইরিনি ও এপিরাসের পশ্চিমসীমা অতিক্রম করে আর অগ্রসর হয়নি, এটাও তার অক্তরম প্রধান কারণ হওয়া অসক্তর নয়।

অতঃপর আশোকের ধর্মবিজয়নীতির ফলাফল সম্বন্ধে কয়েকটি কথা বলা প্রয়োজন। পূর্বে বলেছি আশোক তাঁর প্রত্যন্ত ববনরাজাদের রাজ্যে মাত্রুষ ও পশুর চিকিৎসা এবং যেখানে যা নেই সেখানে সেসব ভেষজ লতাগুলা, ফলমূল ও বৃক্ষ রোপণের ব্যবস্থা করেছিলেন। তাঁর এই কার্যের ফলে ইরান তুর্কি সিরিয়া গ্রীস মিশর প্রভৃতি পশ্চিম দেশের উপর ভারতীয় চিকিৎসাপদ্ধতি ও ওঞ্চাবলীব কতথানি প্রভাব পড়েছিল এবং কোন কোন লতাগুল, ফলমূল ও বুক্ষ ভারতবর্ষ থেকে সেসব দেশে গিয়েছে অথবা সেসব দেশ থেকে ভারতবর্ষে এসেছে, এ বিষয়ে যথোচিত অমুসন্ধান হওয়া বাস্থনীয়। এদেশের চিকিৎসা, ওয়্ধ এবং গাছপালার নামও নিশ্চয়ই বাইরে গিয়েছিল এবং সেসব দেশের নামও এদেশে এসেছিল; এসব নামের ভাষাতাত্ত্বিক আলে।চনাও কম ঔৎস্থক্যের বিষয় নয়। ইরানসমাট কুরুষেব আমল থেকেই পাশ্চান্ত্য জগতের সঙ্গে ভারতবর্ষের যোগ স্থাপিত হয়। আলেকজাণ্ডারের দিগ্রিজয়ের ফলে সে বোগপথ আরও প্রশন্ত হয়। এই সংযোগপথে ভারতবর্ষ ও বহির্জগতের মধ্যে শুধু যে পণ্যদ্রব্যেরই আদানপ্রদান হত তা নয়, ভাবের আদানপ্রদানও চলত। অংশাকের ধর্মবিজয়প্রচেষ্টার ফলে স্বভাবতই এই আদানপ্রদানের গতি থরতর এবং পাশ্চাত্তা জগতের উপর ভারতীয় চিস্তাধারার প্রভাব গভীরতর হয়েছিল। পাশ্চান্তা দেশসমূহের নীতি ও ধর্মগত আদর্শ অশোকের বহির্ভারতীয় ধর্মাকুশাসনের ফলে কি ভাবে প্রভাবিত হয়েছিল সে বিষয়ে কিছু কিছু অমুসন্ধান হয়েছে। পণ্ডিতেরা মনে করেন এটান ধর্মের (বিশেষত এ ধর্মের Manichaean শাখার) উপর যে বৌদ্ধ প্রভাব দেখা যার তা প্রধানত অশোকের ধর্মপ্রচেষ্টারই ফল।
এ বিষয়ে অন্সন্ধান করার আরও যথেষ্ট অবকাশ আছে। কিন্তু
সে কথা আমাদের আলোচ্য বিষয় নয়। আমাদের চিন্তনীয় বিষয় হচ্ছে,
অশোক যে তাঁর প্রত্যন্ত যবনরাজ্যসমূহে অবৈর, অক্রোধ, শান্তি ও
মৈত্রীর বাণী প্রচার করলেন সেসব দেশের জনসাধারণ তা কি ভাবে
গ্রহণ করল। বলা বাহুলা এই অবৈর ও মৈত্রীর বাণী অশোকের
প্রতিবাসী যবনন্পতিদের হৃদয় স্পর্শ করেনি। গ্রীসের ইতিহাস
চিরকালই আত্মকলহের ইতিহাস। অশোকের শান্তিবাণী সে কলহকে
কিছুমাত্র প্রশমিত করতে পারেনি। শুধু তাই নয়, সে শান্তি ও
মৈত্রীর বাণী ভারতভূমির প্রতি যবনদের লুক্ক আগ্রহকেও সংযত করতে
পারেনি। অবশ্য অশোকের জীবিত্রকালে ভারতবর্ষের প্রতি হন্তপ্রসারণ
করতে কারও সাহস হয়নি। কিন্তু তাঁর মৃত্যুর অলকাল পরেই রাজধানী
পাটলিপুত্র পর্যন্ত সমস্ত উত্তরভারত যবন-আক্রমণে বিণর্যন্ত হয়ে যায়।
বস্তুত এই যবন-আক্রমণ মৌর্যসামাজ্যের পতনের অন্ততম প্রধান

অশোকের ধর্মবিজরের আদর্শ পরবর্তী কালে ভারতবর্ষে কি ভাবে গৃহীত হয়েছিল সে বিষয়েও একটু আলোচনা করা কর্তরা। এই ধর্মবিজ্ঞর-আদর্শের ছটি দিক্। অস্করবিজ্ঞর বা দিগ্বিজ্ঞর আকাজ্মার পররাজ্য আক্রমণ (অশোকের ভাষায় 'শরশকা' বিজ্ঞয়) পরিহার এবং স্বরাজ্যে ও পররাজ্যে মামুষণশুনিবিশেষে সকলের কল্যাণসাধনের নীতিগ্রহণ। অশোক যে শুধু নিজেই পররাজ্য অধিকারের ইচ্ছা ত্যাগ করেছিলেন তা নয়, উত্তরকালে তাঁর পুত্রপ্রাপ্তািবরাও নবরাজ্য বিজয়ের বাসনা না করেন এইচছা ও তিনি শিলালিপিতে প্রকাশ করে গিয়েছেন। বিজয়ের মনে রাধা

> পুত্র পপোত্র যে অহ নবং বিজয়ং ম বিজেতবিরং মঞিবু, ১৩শ পর্বতলিপি ।

উচিত যে, অশোক পররাজ্যবিজ্ঞরেরই বিরোধী ছিলেন, যুদ্ধমাত্রকেই তিনি গঠিত মনে করতেন না। স্বরাজ্যরক্ষার উদ্দেশ্যে আক্রমণকারীর বিরুদ্ধে ৰুদ্ধ কৰা তাঁর মতে অক্যায় নয়। শক্রুর আক্রমণ থেকে রাজ্যরক্ষার প্রয়োজনে তিনি ষথেষ্ট শক্তিশালী সৈম্মদল প্রস্তুত রাথতেন, এ রকম অমুমান করার হেতু আছে। অশোক তাঁর অবিজ্ঞিত প্রত্যন্তবাসীদের শক্ষ্য করে একাধিকবার জানিয়েছেন, কলিঙ্গবাসীরা তাঁর কাছ থেকে যে ছ:থবেদনা পেয়েছে তার জন্য তিনি অন্ততথ্য এবং অন্ত কোনো জনপদ্বাসীকে এর শতভাগ এমন কি সহস্রভাগ তুঃথ দিতেও তিনি পরাব্যথ। তিনি তাদের এ আখাসও দিয়েছেন যে, তারা তাঁর কাছ থেকে স্থুথ বই হঃথ পাবে না। কিন্তু সঙ্গে সঙ্গে তাদের সভর্ক কবে দিয়েছেন, তারা যদি তাঁর সামাজ্যের বা প্রজাদের কোনো 'অপকার' করে এবং তা যদি ক্ষমার অযোগ্য হয় তাহলে তিনি তা সহু করবেন না, আর কলিঙ্গ যুদ্ধের জন্ম অমুতপ্ত হলেও উক্তপ্রকার অপকারক অর্থাৎ আক্রমণকারীদের শান্তি দেবার মতো ক্ষমতা তাঁর আছে। ^২ পরবর্তী কালে ভারতবর্ষের আর কোনো রাজাই অশোকের অমুস্ত এই আত্মরকামূলক যুদ্ধের আদর্শকে স্বীকার করেছিলেন কি না সন্দেহ। কনিষ্ক এবং হর্ষবর্ধনের ন্তায় বৌদ্ধর্মামুরাগী রাজারাও পররাজ্য আক্রমণ করে সাম্রাজ্য বিস্তার করতে রিধা বোধ করতেন না। অশোক অস্তবলে পররাজ্য অধিকারের বিরোধী, কিন্ত ধর্মবলে পররাজ্যে নৈতিক আধিপত্য স্থাপনের পক্ষপাতী ছিলেন। আমরা দেখলাম আশাকের এই আদর্শের প্রথমাংশের প্রতি পরবর্তী কোনো রাজারই আগ্রহ ছিল না, বলা বাহুল্য দ্বিতীয়াংশের প্রতিও কারও আগ্রহ ছিল এমন প্রমাণ ইতিহাসে নেই। কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, পরবর্তী কালে এই হুই অংশের মধ্যে একটা সমন্বন্ন স্থাপনের প্রেরাস

২ অমুভণে পি চ প্রভাবে দেবনং প্রিয়স, ১৩শ পর্বতলিপি।

ভারতবর্ষে দেখা দিয়েছিল। কৌটলোর অর্থশাস্ত্রে (এই গ্রন্থের বর্তমান রূপ মৌগ্রণের পরবর্তী বলেই স্থীকার্য) বলা হয়েছে, যে বিজয়ী বিজিতের ভূমিদ্রবাদি সম্পদ্ গ্রহণ করেন না, তাঁর বশুতা স্থীকারেই সন্তই হন এবং তাঁর উত্তরাধিকারীকে স্বরাজ্যে প্রতিষ্ঠিত করেন, তাঁকেই বলা যায় 'ধর্মবিজয়ী' (পু ৩১২-১৩, ৩৮২)। রঘুর দিগ্বিজয় বর্ণনাপ্রসঙ্গে কালিদাস এক জারগায় বলেছেন,

গৃহীতপ্রতিমৃক্তক্ত স ধর্মবিজয়ী নৃপ:। শ্রিয়ং মহেন্দ্রনাথক্ত জহার ন তু মেদিনীম্॥

—রঘুবংশ ৪।৪৩

'ধর্মবিজয়ী' রাজা রঘু মহেল্রনাথকে প্রথমে বন্দী করে ও পরে মুক্তি দিয়ে তাঁর দ্রী অর্থাৎ বন্দই হরণ করলেন, মেদিনী অর্থাৎ ভূমি হরণ করলেন না। লক্ষ্য করবার বিষয়, রঘুকে যুগপৎ দিগ্বিজয়ী ও ধর্মবিজ্বী বলে বর্ণনা করা হয়েছে। কালিদাস দিগ্বিজয় ও ধর্মবিজ্বের মধ্যে কোনো বিরোধ কল্লনা করেননি। এই ধর্মবিজ্বয়ও দিগ্বিজয়ের মতোই শর্শক্য অর্থাৎ অস্ত্রলভ্য। অথচ অশোক শর্শক্য দিগ্বিজয়ের প্রতিকল্প হিসাবেই ধর্মবিজয়ের নব আদর্শ গ্রহণ করেছিলেন। রঘুব ধর্মবিজয়ের আদর্শকে কালিদাসের কল্পনামাত্র বলে মনে করার হেতু নেই। ইতিহাসেও এরকন ধর্মবিজয়ের দৃষ্টান্ত আছে। ঐতিহাসিকদের মতে কালিদাস গুপুসমাট চক্রপ্রথ বিক্রমাদিত্যের (৩৮০-৪১৪) সমকালীন। এই চক্রপ্রথের পিতা সমুদ্রগুপ্ত একজন পরাক্রান্ত দিগ্বিজয়ী বীর। তিনি আবাবর্তের বছ রাজাকে সমূলে উচ্ছেদ করে তাঁদের ভূমি স্বরাজ্যভুক্ত করেন এবং এজক্য তিনি 'সর্বরাজ্যভ্রে' নামে অভিহিত হয়েছেন তাঁর প্রশক্তিত। স্ত্ররাং অর্থশান্তের বিধান অনুসারে তাঁকে অস্ত্রবিজয়ী বলা বেতে পারে। কিন্তু দক্ষিণাপথে তিনি বেসব রাজাকে পরাভূত করেন তাঁদের যশ হরণ করেই

তিনি তৃষ্ট হয়েছিলেন, তাঁদের ভূমি তিনি তাঁদেরই প্রত্যর্পণ করেন। এক্ষেত্রে তাঁকে কালিদাসের রঘুর স্থায়ই ধর্মবিজয়ী বলে অভিহিত করা যায়। এপ্রসঙ্গে আলেকজাগুরকর্ত্ ক পুরুর রাজ্যপ্রত্যর্পণের কথাও স্মরণীয়। যাহোক, সমুদ্রগুপ্ত ছিলেন একাধারে অস্করবিজয়ী এবং ধর্মবিলা। অশোকের আদর্শে অস্করবিজয় বা দিগ্বিজয়ের সঙ্গে ধর্মবিজয়ের এরকম সমন্ত্র একেবারেই অসম্ভব। তাছাড়া তাঁর আদর্শের বিচারে রঘু বা সমুদ্রগুপ্তের ধর্মবিজয়, ধর্মবিজয় নামে স্থীকার্যই নয়।

¢

অশোকের ধর্মবিজন্ধ-আদর্শের এই রূপ-ও অর্থ-পরিবর্তনের হেতু কি তাও বিবেচা। একথা মনে করার হেতু আছে যে, বৌদ্ধ সম্রাট্ট অশোকের সংগ্রামবিমূথ মনোভাব ব্রাহ্মণ্য সমাজের প্রসন্ধতা অর্জন করতে পারেনি। এ বিষয়ে যথাস্থানে আলোচনা করেছি, এথানে পুনরুক্তি নিপ্তরোজন। এই ব্রাহ্মণ্য সমাজ অশোকের যুদ্ধবিমূখ মনোভাবকে স্বীকার করতে পারেনি, যুদ্ধবিরোধী মনোভাব ভারতবর্ষের চিরপ্তন রাজকীয় ও ক্ষাত্র আদর্শের বিরোধী; অথচ অশোকের ধর্মবিজ্যের মহৎ ভাবটিকে একেবারে অস্বীকার করাও চলে না। তাই ধর্মবিজ্যের উক্তপ্রকার রূপ-ও অর্থ-পরিবর্তনের প্রয়োজন অন্তত্ত হয়েছিল বলে মনে হয়। একথা মনে করার পক্ষে অন্তত্ম যুক্তি এই যে, অশোকের অহিংসার আদর্শকেও ব্রাহ্মণ্য সমাজ নিজেদের অন্তর্পুক্তে রূপাস্তরিত করে নিয়েছিল এমন প্রমাণ আছে।

অশোকের স্বীকৃত অহিংসা ও ব্রাহ্মণ্য আদর্শের অহিংসার পার্থক্য বিচার করে দেখা যাক। স্বীয় প্রজাদের প্রতি অশোকের সর্বপ্রথম অফুশাসন হচ্ছে,

हें। न कि: कि जीवः आंत्रिंडिंश अकृश्ठित्र वः।

'এথানে (অর্থাৎ আমার সাম্রাজ্যে) কোনো জীব বধ করে যজ্ঞ করবে না।' অশোক আহারের জন্তে বা অক্ত কোনো প্রয়োজনে জীবহত্যার বিরোধী ছিলেন না, তিনি শুধু অকারণ জীবহত্যারই বিরোধী ছিলেন, তার প্রমাণ আছে তাঁর অফুশাসনগুলিতেই। অবশু তিনি নিজে প্রাণিবধ নিবারণের উদ্দেশ্তে আমিষভোজন তাাগ করেছিলেন এবং তাঁর এই আদর্শে অন্তেরাও অন্তপ্রাণিত হতে পারে সম্ভবত এই আশাতেই তিনি নিজের আমিষত্যাগের কথা প্রকাশ্তে ঘোষণা করেছিলেন। তাছাড়া বৎসরের মধ্যে কতকগুলি নির্দিষ্ট দিনে জীবহত্যা অবাঞ্কনীয় বলেও ঘোষণা করেছিলেন। তিনি আহারার্থ প্রাণিবধের বিরুদ্দে সাধারণভাবে কোনো নিরেধাক্তা প্রচার করেননি। কিন্তু যজ্ঞার্থ জীবহত্যার বিরুদ্দে তাঁর অন্তশাসন স্থপ্রান্থ এই যজ্ঞবিরোধী অঞ্জাসন স্থভাবতই ব্রাহ্মণ্য সমাজের পক্ষে প্রীতিকর ছিল না।

প্রসঙ্গক্রমে বলা যায়, গৌতম বৃদ্ধ নিজেও আমিষভোজনের বিরোধী ছিলেন না তার প্রমাণ আছে বৌদ্ধ সাহিত্যেই। কিন্তু তিনি বে পশুবাতমূলক যজ্ঞবিধির বিরোধী ছিলেন, সে কথা জয়দেবের দশাবতারস্তোত্র থেকেও জানা যায়।

যা হোক, ব্রাহ্মণ্য সমাজ যে অশোকের যক্তবিরোধী অমুশাসনকে শ্রদ্ধা সহকারে গ্রহণ করেননি তার প্রমাণ আছে ইতিহাসেই। অশোকের মৃত্যুর মাত্র প্রতাল্লিশ বংসর পরে শেষ মৌর্যরাজা বৃহদ্রথের ব্রাহ্মণ সেনাপতি পুয়ানিত্র শুদ্ধ প্রভুকে নিহত করে মগধের সিংহাসন অধিকার করেন (খ্রী-পূ ১৮৭-১৫১)। নবরাজ্যাধিকার ও পশুহত্যামূলক বজ্ঞ, এই উভয় বিবরেই তিনি অশোকের নীতির প্রতি কোনো শ্রদ্ধাই প্রদর্শন করেননি। যবনবিজয় ও অফ্যান্স রাজ্যবিজ্ঞরের উৎসব হিসাবে তিনি অশোকের রাজধানী পাটলিপুত্রনগরে এবং সম্ভবত তাঁর রাজপ্রাসাদেই ঘুটি ক্ষমেধ যজ্ঞের অমুষ্ঠান করেন। এই যজ্ঞামুষ্ঠানের জন্ম তিনি ব্রাহ্মণ্য সমাজের কাছে যথেষ্ট অভিনন্দন লাভ করেছিলেন। তিনি নিজে ব্রাহ্মণ এবং এই যজ্ঞের পুরোহিত ছিলেন ব্রাহ্মণশ্রেষ্ঠ পতঞ্জলি। হরিবংশে বলা হরেছে,

> উদ্ভিজ্ঞো ভবিতা কশ্চিৎ সেনানীঃ কাশুপো দিজঃ। অশ্বমেধং কলিযুগে পুনং প্রত্যাহরিয়তি॥

> > —ভবিষাপর্ব ২।৪●

এই একটিমাত্র বাকোই তৎকালীন ব্রাহ্মণসমাজের অভিনন্দনবাণী ধ্বনিত হচ্ছে। কাশ্রপো দ্বিজঃ এবং পুনঃপ্রভাগহরিয়তি, এই কথা চুটি বিশেষভাবে লক্ষণীয়। আশোক পশুঘাতমূলক যক্তমাত্রেরই বিরোধী ছিলেন। স্থতরাং অশ্বমেধও যে তাঁর মতে নিন্দনীয় ছিল তা বলাই বাহল্য। নতুবা তিনি নিজেও ভারতীয় চিরন্তন ব্রীতি ভমুসাবে কলিঙ্গযুদ্ধের পর অখমেধ অমষ্ঠানের দ্বারা বিজয়োৎসব সম্পন্ন করতে পাবতেন এবং ব্রাহ্মণ্য সমাজ স্বভাবতই এই প্রত্যাশাই করেছিল বলে মনে করা বাব। কিন্তু তিনি নিজে তো অথমেধ করলেনই না, পবন্ধ তাব বাজ্যে (অর্থাৎ ভাবতবর্ষেই) সর্বপ্রকার জীবহত্যামূলক যজ্ঞাত্মষ্ঠান নিষিদ্ধ হল। এই নিষেধ থেকেই বোঝা যায তৎকালেও উক্তপ্রকার যজ্ঞের প্রচলন ছিল; অশোকেব আমলেই তা বন্ধ হল। স্থতরাং 'কাশ্রুপো দ্বিজঃ অশ্বনেধং পুন:প্রত্যাহরিয়তি' কথার বিশেষ সার্থকতা আছে। এই প্রসঙ্গে যদি শ্বরণ কবা যায় যে, বৌদ্ধ সাহিত্যে পুশ্বমিত্রকে বৌদ্ধর্মবিরোধী বলে মনে কবা হয়েছে, তাহলে পুষামিত্রের অশ্বমেধকে অশোকের যজ্ঞবিরোধী অমুশাসনের প্রত্যান্তব বলে গ্রহণ করতে কোনো বাধ থাকে না। ভারহতেব বৌদ্ধ শুপ শুস্বংশের রাজস্বকালেই নির্মিত হয় এবং সে কথা স্তৃপগাত্রেই লিখিত আছে। এই তথ্যের উপর নির্ভর করে কেউ কেউ বলেন, শুকরাজারা বৌদ্ধর্মবিরোধী হলে তাঁদের রাজত্বালে ভারহুতের স্থৃপ নির্মিত হতে পারত না। কিন্ত

অক্স সম্প্রদায়ের ধর্মামুষ্ঠানে প্রত্যক্ষভাবে হন্তক্ষেপ না করেও উক্ত ধর্মের নীতিবিরোধী কাথে উৎসাহ প্রকাশ করা যার, এবং এরকম উৎসাহ উক্ত সম্প্রদারের পরোক্ষ বিরোধিভা বলে গণ্য হতে পারে। অশোকের অমুশাসন থেকে জানা যার, তিনি নিজে ব্রাহ্মণদের প্রতি যথেষ্ট প্রদায়িত ছিলেন এবং সম্প্রদারনির্বিশেষে সকলকেই অমুরূপ প্রদার রাজ্যে জীবহিংসামূলক মহুজা জানিয়েছেন। কিন্তু তৎসম্বেও তিনি স্বীয় রাজ্যে জীবহিংসামূলক যজ্ঞায়ুষ্ঠান নিষেধ করেছিলেন। এই নিষেধামূশাসন স্পষ্টতই ব্রাহ্মণ্য ধর্মের পরোক্ষ বিরোধিভা বলে গণ্য হতে পারে। এই দিক্ থেকে বিচার করলে ভারছতের তুপ নির্মাণে বাধানা দেওরা সত্ত্বেও পৃশ্যমিত্রের যজ্ঞায়ুষ্ঠানকে অশোকের বজ্ঞবিরোধী অমুশাসনের প্রভাবর বলেই স্বীকার করতে হয়। বস্তুত অশোকের নীতি ছিল ব্রাহ্মণ্য সমাজের প্রতিক্লে এবং পৃশ্যমিত্রের নীতি ছিল ব্রাহ্মণ্য, এ বিষয়ে সন্দেহ করা চলে না।

পুয়মিত্রের পর অধ্যমেধ যজ্ঞের অন্তর্গাতা হিসাবে দাক্ষিণাপথের সাতবাহন
সমাট শাতকর্ণির (আন্তর্মানিক ব্রী পৃ ২৫-১) নাম উল্লেখযোগ্য। শুঙ্গদের
ত্যার সাতবাহনরাও ব্রাহ্মণ এবং শাতকর্ণি নিজে ব্রাহ্মণছের গর্বে গর্বিতও
ছিলেন। সাতবাহন বংশের অন্ততম শ্রেষ্ঠ রাজা গোতশীপুত্রও
(ব্রী ১০৬-১৩০) সমাজের চতুর্বণবিভাগের সংরক্ষক, ব্রাহ্মণের শ্রেষ্ঠত্বের
সমর্থক ও 'কত্রিরদর্পমানমর্দন' বলে খ্যাতি লাভ করেছিলেন। যাহোক, এই
গর্বিত ব্রাহ্মণবংশীর সমাটের অশ্বমেধ যজ্ঞান্থলান যে ব্রাহ্মণ্য ধর্মের
পুনরভূগোনের পরিচায়ক, একথা বোধ করি নিঃসংশয়েই বলা চলে।
অতংপর সমৃত্রগুপ্তের অশ্বমেধ বিশেষভাবে উল্লেখযোগ্য। সমৃত্রগুপ্ত ব্রাহ্মণ
ছিলেন না; কিন্তু তিনি যে ব্রাহ্মণ্য ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন এবং তাঁর উক্ত
যজ্ঞান্থলান যে সে-ধর্মের জন্ত্র ঘোষণা করেছিল, একথা ঐতিহাসিকরা
একবাক্যে শীকার করেন।

দেখা গোল অশোকের বৌদ্ধধর্মসন্মত যজ্ঞবিরোধী অফশাসন ব্রাহ্মণ্য সমাজের হানয় স্পর্শ করতে পারেনি। ফলে উত্তরকালে এই অমুশাসনের বিরুদ্ধে প্রবল প্রতিক্রিয়া দেখা দের এবং এই প্রতিক্রিয়ার নায়ক ছিলেন শুদ সাতবাহন প্রভৃতি ব্রাহ্মণবংশীয় রাজারা। শুধু যে মৌর্যোন্তর যুগের ঐতিহাসিক ঘটনা থেকেই এই প্রতিক্রিয়ার কথা অনুসতি হয় তা নয়। তংকালীন সাহিত্যেও এই প্রতিক্রিয়ার আভাস পাওয়া যায়। অশোকের অফুশাসনের সঙ্গে মহাভারতীয় ত্রাহ্মণ্য অফুশাসনের তুলনা করলেই একথার সার্থকতা বোঝা যাবে। আমরা দেখেছি অশোকের মতে নিরামিষভোক্তন প্রশংসনীয় হলেও তাঁর অনুশাসনে আমিষাহার নিষিদ্ধ হয়নি, কিন্তু অথমেধ প্রভৃতি জীবহত্যামূলক যজ্ঞের তিনি সম্পূর্ণ বিরোধী ছিলেন। তাঁর মতে যজ্ঞার্থ পশুবধই বথার্থ হিংসা এবং এরকম পশুবধ থেকে বিরত থাকাই অহিংসা, আহারার্থ পশুবধকে তিনি যজ্ঞে জীবহত্যার ক্রায় দুষণীয় মনে করতেন না। ব্রাহ্মণ্য সমাজও (ধর্মবিজয় আদর্শের স্থায়) অহিংসার আদর্শকে স্বীকার করে নিল, কিন্তু তার ব্যাথ্যা করল অন্ত মহাভারতে অহিংসার অজ্ঞ প্রশংসা আছে। এখানে একটিমাত্র উক্তি উদ্ধৃত করছি।

> অহিংসা পরমো ধর্মন্তথাহিংসা পরং তপঃ। অহিংসা পরমং সত্যং যতো ধর্ম: প্রবর্ততে॥

> > -অনুশাসন পর্ব ১১৫।২€

কিন্তু এই বছপ্রশংসিত অহিংসার স্বরূপ কি ? এই অহিংসা হচ্ছে মাংসভক্ষণবিরতি, পশুবধমূলক যজ্জবিরতি নয়

> মাসি মান্তব্যেধন যো যজেত শৃতং সমাঃ। ন থাদতি চ যো মাংসং সমমেতন্মতং মম॥

> > --অমুশাসন পর্ব ১১৫।১৬

'শত বংসর মাসে মাসে অশ্বংমধ করার যে ফল, একমাত্র মাংসাহার ত্যাগ করলেই সে ফল পাওরা যায়।' আপাতত মনে হর অশ্বমেধ প্রভৃতি হিংসামূলক যজ্ঞবিরতির পক্ষে উৎসাহদানই এই উব্জির উদ্দেশ্য। কিন্তু একটু পরেই বলা হয়েছে, অপ্রোক্ষিতং বুধামাংসং বিধিহীনং ন ভক্ষরেং— যজ্ঞার্থ মন্ত্রসংস্কৃত না করে বুথামাংস ভক্ষণ করা অবৈধ। মন্ত্রসংহিতাতেও (৫।২৭) বলা হয়েছে, প্রোক্ষিতং ভক্ষরেন্ মাংসম্। অনুশাসন পর্বে ওই

বিধিনা বেদদৃষ্টেন তদ্ভুক্তেং ন ত্বয়তি। যজার্থে পশবং স্কটা ইতাপি শ্রায়তে শ্রুতিঃ॥

-- অমুশাসনপর্ব ১১৬।১৪

শুধু তাই নয়, ক্ষত্রিযের পক্ষে মৃগয়ালক আরণা পশুর মাংস ভক্ষণের বিধান দেওয়া হয়েছে।

> বীর্ষেণোপার্জিতং মাংসং বথা ভুঞ্জন্ ন হয়তি। অতো রাজর্ষয়ঃ সর্বে মৃগন্ধাং যান্তি ভারত। ন হি লিপ্যন্তি পাপেন ন চৈতৎ পাতকং বিতঃ॥

> > - অমুশাসন পর্ব ১১৬।১৫-১৯

অশোকের অফুশাসনের সঙ্গে এই ব্রাহ্মণ্য অফুশাসনের পার্থক্য স্কুম্পাষ্ট। অংশাকের মতে মাং সভোজন প্রশংসনীয় না হলেও অবৈধ নয়, কিন্তু যজ্ঞার্থ পশুহনন অবৈধ এবং তিনি যে মৃগয়ায়ও বিরোধী ছিলেন সেকথা তাঁর শিলালিপিতেই আছে। কিন্তু ব্রাহ্মণ্য বিধান মতে অহিংসা (অর্থাৎ মাংসভক্ষণবিরতি) পরম ধর্ম, কিন্তু যজ্ঞ- বা মৃগয়া-লক্ষ মাংস ভাজনে কিছুমাত্র দোয় নেই।

ব্রাহ্মণদের এই বিধান যে শুধু পুথিগত তা নয়, সমাজ যে কার্যতও এই বিধান মেনে চলত তার ঐতিহাসিক প্রমাণ স্বাছে। গুপ্তসন্ত্রাট্ট চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের সময় চৈনিক পরিব্রাক্তক কা হিয়ান ভারত এমণ (ঝী ৪০১-১০) করে যে বিবরণ লিখে গিয়েছেন তার থেকে জানা বায় তৎকালে চণ্ডাল প্রভৃতি অস্ক্যজ্ব ব্যতীত উচ্চবর্ণের মধ্যে মাংসাহার প্রচলিত ছিল না, এ বৈশিষ্ট্য বর্তমান সমর পর্যন্ত চলে এসেছে। বলা বাহল্য অশোকের প্রেরণা এবং ব্রাহ্মণ্য বিধানে অহিংসার অজপ্র প্রশংসার ফলেই ভারতবর্ষ থেকে আমিষ ভোজনের রীতি নুপ্ত হয়েছে। কিন্তু গুপ্ত-যুগে অর্থাৎ কা হিয়ানের সময়ে যজ্ঞার্থ পশুহত্যা প্রশংসনীয়ই ছিল। তার প্রমাণ সমুদ্রপ্তপ্ত ও তাঁর পৌত্র কুমারগুপ্তের অর্থমেধ অন্তর্ভান। এর দ্বারা অশোকের অন্তর্শাসনের ব্যর্থতা এবং ব্রাহ্মণ্য অন্তর্শাসনের জর হৃতিত হছেে। মৃগ্রা সম্বন্ধেও একথা প্রযোজ্য। অশোক মৃগ্রার্থ বিহারবাত্র। ত্যাণ করে ধর্মযাত্রার রীতি গ্রহণ করেন। তাঁর এই আদর্শ যে ক্ষব্রিয়সনাঙ্গের ভিত্ত স্পর্শ করেনি তার প্রমাণ কালিদাসের রচনায় মৃগ্রার প্রশংসা এবং গুপ্ত-যুগের স্বর্ণমূল্যায় মৃগ্রাবিহাবী সমাট্রকর্ত্ ক পশুহত্যার চিত্র।

এ প্রসঙ্গে বলা কর্তব্য, বৃদ্ধ এবং অশোকের পশুবাতমূলক যক্তনিদা যে ব্রাহ্মণ্য সমাজে কারও সমর্থনই লাভ করতে পারেনি তা নব। উপনিষদের সময় থেকেই যজে পশুহত্যার নির্চূরতা অনেকের চিত্তে যজ্ঞবিরোধী মনোভাবের স্পষ্ট করছিল। ব্রাহ্মণ্য সাহিত্যে তার যথেই প্রমাণ আছে। মহাভারতেও নানাস্থানে স্পষ্টতই যজে পশুহত্যার বা পশুহত্যামূলক যজের নিন্দা করা হয়েছে। তন্মধ্যে শান্তিপবের অন্তর্গত উপ্র্বত্যাথ্যান' নামক যজ্ঞনিন্দামূলক অধ্যায়টি বিশেষভাবে উল্লেখযোগ্য। এই অধ্যায়টিতে যজ্ঞার্থ পশুহত্যা সর্বথা নিন্দনীয় বলে গণ্য হয়েছে। কোনো কোনো বিষরে অশোকের অনুশাসনের সঙ্গে এই অধ্যারের সাদৃগ্র বিশেষভাবে লক্ষ্য করার যোগ্য। অশোকের অনুশাসনে 'অহিংসা' শন্দটির প্রয়োগ নেই। শ্বীবহিংসা অর্থে 'ভূতানং বিহিৎসা' কথার প্রয়োগই দেখা যার। চতুর্থ গিরিলিপিতে 'ভ্তানং বিহিংসা'র 'সঙ্গে ভূতনাং অবিহিংসা কথারও প্রয়োগ হয়েছে। মহাভারতের এই অধ্যায়টিতেও ঠিক এই অর্থে 'সর্বভূতাবিহিংসা' কথাটির ব্যবহার হয়েছে। এই চতুর্থ গিরিলিপিতেই 'বিমানদসনা' বলে 'দিব্য রূপ'এর কথা আছে এবং কথাটির ঠিক অর্থ কি তা স্পষ্ট নয়। মহাভারতের এই অধ্যায়টিতেও দিব্য (অর্থাৎ স্বর্গায়) বিমান দর্শনের কথা আছে। এই অধ্যায়টির সাহায্যে উক্ত 'বিমানদসনা' কথার অর্থ নিরূপণ করা সহজ্ঞ হতে পারে। কিন্তু সেগ্রেমণা এন্থলে আমাদের পক্ষে অপ্রাসকিক। যাহোক, এই অধ্যায়ে হিংসাপ্রধান যজ্ঞের প্রতি যে মনোভাব প্রকাশ পেয়েছে সেটা ব্যতিক্রম মাত্র। ব্রাহ্মণ্য সাহিত্যে এরকম মনোভাবের দৃষ্টাস্ত বিরল। যজ্ঞে পশুহত্যার অন্তর্কুল মনোভাবই ব্রাহ্মণ্য সাহিত্যে প্রবল।

দেখা গেল গৌতম বৃদ্ধ ও অশোকের অমুস্ত অহিংসানীতি ব্রাহ্মণ্য সমাজে উপেক্ষিত হয়নি, কিন্তু ব্রাহ্মণরা হিংসাপ্রধান বজ্ঞের বৈধতাকে অব্যাহত রেখে শব্দটিকে নিজেদের প্রয়োজন অমুসারে ব্যাখ্যা করে নিয়েছেন। ধর্মবিজয় সম্বন্ধেও ঠিক তাই ঘটেছে। পরবর্তী রাজারা ধর্মবিজয় কথাটিকে অস্বীকার করেননি, কিন্তু অশোকের স্বীকৃত ব্যাখ্যাও গ্রহণ করেননি,; ব্রাহ্মণ শাস্ত্রকারণ যশোলিপ্সু রাজাদের অমুকৃত্রে শব্দটিকে নৃতন অর্থে উপস্থাপিত করেন। তথাপি এ কথা স্বীকার করতে হবে বে, অশোকের ধর্মবিজয় ও অবিহিংসা নীতি উত্তরকালে নৃতনভাবে ব্যাখ্যাত হলেও এই হটি নীতি ভারতবর্ষের ইতিহাসকে গভীরভাবে প্রভাবিত করেছে।

অহিংসা ও রাজনীতি

অহিংসার ভাব ও আদর্শ টি হচ্ছে বিশেবভাবে ভারতীর। অন্ত কোনো দেশের রাজনৈতিক বা সামাজিক জীবনে এই আদর্শ টির এ-রকম প্রবল প্রভাব দেখা যার না। ভারতবর্ষেও আজকাল আমাদের চিন্তাজগতে এই আদর্শটি বে-রকম প্রাথান্ত লাভ করেছে, আমাদের জাতীর ইতিহাসে আর কথনও সে-রকম হরেছে বলে মনে হর না। এই যে অহিংসার আদর্শটি আজকাল আমাদের জাতীর জীবনকে এমন গভীরভাবে প্রভাবিত করছে এটি ভারতবর্ষের ইতিহাসে যুগে যুগে কিরপে বিবর্তিত হরেছে, প্রথমে তারই একটু সংক্ষিপ্ত আলোচনা করা প্রয়োজন।

অহিংসার আদর্শটি অতি প্রাচীন কালেই ভারতবর্ধের জাতীর জীবনে দেখা দিরেছিল একটি ধর্মনীতিরূপে এবং বেদবিরোধী ধর্মআন্দোলন বা ধর্মসংস্কারের একটি প্রধান অঙ্গ হিসাবে। উপনিবদের থুগেই এই সংস্কার-আন্দোলনের প্রথম কচনা হয়। পরবর্তীকালে ভাগবত (অর্ধাৎ বৈষ্ণব), জৈন এবং বৌদ্ধ, এই তিনটি সাম্প্রদারিক ধর্মকে আশ্রম করে এই আন্দোলন প্রবল হরে ওঠে। এই আন্দোলনের অস্ততম মুখ্য উদ্দেশ্র ছিল অন্থচানবহুল বৈদিক ধর্মের, বিশেষত পশুহিংসাময় যাগবজ্জের, বিরুদ্ধে প্রতিবাদজ্ঞাপন। উপনিবদের যুগে বৈদিক বজ্জাম্ভানের বিরুদ্ধে প্রত্যক্ষ ও প্রতিবাদ্ধবনি উন্ধিত না হলেও ওই সময়েই বে আত্মন্থানিক বজ্জামর্মকে গৌণতা দান করে জ্ঞান ও চারিক্রনীতিকে প্রাধান্ত দেওরা হরেছে সে বিষয়ে সন্দেহের অবকাশ নেই। ছান্দোগ্য উপনিবদে (৩)>৭) বজ্জের বে রূপকার্থ করা হরেছে তাতেই ক্রিয়াময় বা জ্বাময় বজ্জের ব্যর্থতা অত্যক্ত নিঃসংশ্বরূপে স্বীকৃত ও বোষিত হরেছে। ওই উপনিবদে মাস্থ্যের সমগ্র জীবনটাকেই

একটি যজ্ঞার পার্রার উপদেশ দেওরা হরেছে। এই জীবনযজ্ঞা উক্ত গ্রাছে 'পূক্ষয়জ্ঞা' নামে অভিহিত হয়েছে। বাহোক, মান্নবের জীবনরূপ যজ্ঞের দক্ষিণার যে রূপকার্থ করা হয়েছে সেইটেই সবচেরে দক্ষ্য করার বিষয়। বেদবিহিত বজ্ঞের দক্ষিণা হল পুরোহিতকে অর্থনান। কিন্তু পূক্ষয়জ্ঞ বা জীবনযজ্ঞের দক্ষিণা হচ্ছে করেকটি চারিত্রনীতি: তপভা, দান,

অথ যন্তপোদানমার্জবমহিংসাসভ্যবচনমিতি তা অশু দক্ষিণা:।

—ছানোগ্য ৩৷১৭৷৪

বিশ্বরের বিষয় এই বে, আধুনিক কালে বেমন অহিংসা ও সত্যাগ্রহ পাশাপাশি চলে, ছান্দোগ্য উপনিষদেও তেমনি অহিংসা ও সত্যবচন পাশাপাশি স্থাপিত হরেছে।

এই উপনিষত্ক পুরুষযক্ষের যিনি উপদেষ্টা তাঁর নাম হচ্ছে খোর আদিরস এবং বাঁকে উপদেশ দেওরা হরেছে তাঁর নাম দেবকীপুত্র রুঞ। । আনেক ঐতিহাসিকের মতে এই দেবকীপুত্র রুঞ। । এই কেন্দ্র প্রতিহাসিকের মতে এই দেবকীপুত্র রুঞ ও ভাগবত ধর্মের প্রবর্ত ক মহাভারতখাত বাহ্মদেব রুঞ্জ অভিন্ন ব্যক্তি। ও ভাগবত সম্প্রদারের প্রধান ধর্মগ্রছ হচ্ছে ভগবদাগীতা। শ্বরণীর বিষর এই বে, পুরুষযক্ষের ব্যাখ্যাতা খোর আদিরসের উপদেশ এবং রুফ্যোক্ত গীতার উপদেশের মধ্যে অনেক সাদৃশ্য ররেছে। উপনিবদের পুরুষযক্ষের আদর্শ টিই গীতার "বং করোবি যদশাসি বক্ষ্যোধি দদাসি বং" ইত্যাদি বিখ্যাত শ্লোকটিতে (১।২৭) অতি স্কুম্পাইরূপে কুটে উঠেছে। পুরুষযক্ষের দিক্ষারূপ চারিত্রনীতিগুলিও গীতার ধণ্ডই প্রাথাক্ত লাভ করেছে।

> ছाम्लाना छननिम् ७३१७।

২ ছেষ্টক্ৰ স্বালটোধুনী-কৃত Political History of Ancient India চজুৰ্ব সং পৃ ১১৯ পাৰ্টীকা ৩।

দানং দমত বজত স্বাধ্যারস্ত্রণ স্বার্জন স্থান্ত্রন --- ১৬।১-২

উপনিষদে বে বেদ- ও বঞ্চ-বিরোধী ভাব ও অহিংসার আদর্শ হচিতমাত্র হরেছে, গীতার কিন্তু তা সুম্পন্ত হরে উঠেছে।

এই উক্তি থেকেই বোঝা বাচ্ছে গীতায় বেদকে পরমার্থলান্তের পক্ষে চরম সহার বলে স্বীকার করা হরনি, বরং তাকে স্পটতই একটু নীচু স্তরে স্থাপিত করা হরেছে। শুধু তাই নর।

> যানিমাং পুলিতাং বাচং প্রবদস্ক্যবিপশ্চিতঃ। বেদবাদরতাঃ পার্থ নাক্সদন্তীতিবাদিনঃ॥ ২।৪২

ইত্যাদি তিনটি শ্লোকে বারা বেদকেই একাস্তরপে মানেন এবং বেদাতিরিক্ত অন্ত কিছুই স্বীকার করেন না তাঁদের অতি কঠোরভাবে নিন্দা করা হরেছে, এমন কি 'অবিপশ্চিং' বা অরবৃদ্ধি বলে অভিহিত করা হরেছে। তথু ঐকাস্তিক বেদমার্গীদের অপ্রশংসা করেই গীতাকার কাস্ত হননি, বেদোক্ত দ্রব্যক্তকেও নিক্তই বলে বর্ণনা করেছেন।

শ্রেরান্ জবামরাদ্ বজ্ঞাজ ্জানবজ্ঞা পরস্তপ ॥ ৪ । ৩৩

এই জ্ঞানয়জ্ঞ পূৰ্বোক্ত জীবনযজ্ঞেরই প্রকারবিশেষ। অহিংশার আদর্শ টিও গীতাতে যথেষ্ট প্রোধান্ত লাভ করেছে। গীতার অনেক হলেই বথার্থ ধর্মসাধনার উপারম্বরূপ কতকগুলি চারিত্রনীতির উল্লেখ করা হরেছে; ওই নীতিগুলির মধ্যে অহিংশা একটি বিশিষ্ট স্থান অধিকার করেছে। গীতার চার জারগার এই অহিংসানীতির উল্লেখ পাই।

- ১ অহিংসা-সমতা-তৃষ্টিস্তপো দানং বশোহবশ:। ১০।৫
- ২ অমানিত্মদন্তিত্বমহিংসাকাতিরার্জবম্। ১৩।৭
- ৩ অহিংসাসতামক্রোধন্ত্যাগঃ শান্তিরপৈশুনম্। ১৬।২
- ৪ দেববিকণ্ডরুপ্রাজপুজনং শৌচমার্জবন্। ব্রহ্মচর্বমহিংসা চ শারীরং তপ উচ্যতে॥ ১৭।১৪

বেদ ও বৈণিক বজ্ঞবিধির বিক্রজ্ঞার সক্ষে অহিংসানীতির কি সম্পর্ক, ছান্দোগ্য উপনিষদ্ ও গীতা থেকে তা স্পাষ্ট বোঝা যার না। কিন্ত বৌজ ধর্মনীতিতে ওই সম্পর্কটি খুবই স্পাষ্ট হয়ে উঠেছে। বৈণিক বজ্ঞবিধি-অন্ত্যারে বে পশুহত্যা অবশুক্তব্য, তারই বিক্রজ্ঞতা করার উদ্দেশ্রে বৌজধর্ম অহিংসানীতিকে এতথানি প্রাধান্ত দিয়েছে। গৌতম ব্রের ধর্মপ্রচারের প্রায় তুই হাজার বছর পরেও ভারতবর্ষ বৌজধর্মের এই বিশিষ্টতার কথা বিশ্বত হয়নি। জয়নেবের দশাবতারভোত্রে বৌজধর্মের এই বজ্ঞবিরোধী অহিংসাবাদের কথা অতি স্পষ্ট ভাষার যোষিত হয়েছে।

নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং

সদয়হাদর দশিতপশুবাতম্।

কেশৰ ধৃতবুদ্ধশারীর

জয় জগদীশ হরে॥

অহিংসানীতির পরম সমর্থক মৌর্যস্রাট্ প্রিরদর্শী অশোকের অর্থাসন থেকেও এই কথা সমর্থিত হয়। তাঁর প্রথম পর্বতলিপিতেই তিনি বলেছেন,

देश न किः हि जीतः व्यात्रजिल्मा श्रास्ट्रिका तः

'এথানে কোনো জীব হংয়া করে হোম বা যক্ত করা কর্তব্য নয়'। 'এথানে' শব্দের দ্বারা কোন্ জারগা বোঝাচ্ছে এ-বিষয়ে পণ্ডিতদের মধ্যে মতভেদ আছে। কিন্ত অশোক বে জীবছিংসা করে বাগবক্ত করার বিরোধী ছিলেন এ-বিষয়ে কিছুমাত্র সংশয় নেই। ত্বতরাং দেখা গেল প্রাচীন কালে ভারতবর্ষে যজ্ঞোপদক্ষ্যে পশুহত্যা নির্বারণের উদ্দেশ্যেই অহিংসানীতির আবির্ভাব হরেছিল। সে হিসাবে এটি একটি ধর্মনীতি এবং ধর্মসংকার-আন্দোলনের একটি প্রধান অল বলেই শীকার্য। এই ধর্মনীতিটি প্রাচীন ভারতীয় রাজনীতিকে কিভাবে প্রভাবিত করেছে ভাও বিবেচ্য।

ş

প্রথমেই দেখতে পাই অহিংসার আদর্শটি চারিত্রনীতি হিসাবে গীতার প্রন্পুন উল্লিখিত হলেও ওটিকে কখনও যুক্ষবিরোধী নীতি বলে স্থীকার করা হয়নি। অর্জুনকে অহিংসার উপদেশ দেওয়া সক্ষেও তাঁকে বৃদ্ধ থেকে নিরন্ত করা হয়নি, বরং যুদ্ধ করতেই উৎসাহিত করা হয়েছে। স্বর্গ বৃদ্ধদেবের উপদেশেও কোথাও যুদ্ধের নিন্দা দেখা যার না। বরং আত্মরকাম্লক যুদ্ধকে তিনি সমর্থন করতেন এমন প্রমাণ আছে। এই প্রসদ্দে অজ্ঞাতশক্রকর্তৃক আক্রান্ত হবার প্রাক্কালে বৈশালীর বৃদ্ধিসংখ স্থামে তিনি যে মন্তব্য করেছিলেন তা বিশেষভাবে স্থারনীয়।

এবার দেখা বাক অহিংসানীতির পরম অন্তরাগী বৌদ্ধসন্ত্রাট্ অলোক ওই নীতিটিকে রাজনীতির কেন্তে কতথানি প্ররোগ করেছিলেন। এ-কথা আজ সর্বজনবিদিত যে, কলিক্যুদ্ধের পর রাজ্যালিক্যু অলোকের মনে যে অন্তলোচনা ও ধর্মকামতা দেখা দিরেছিল তার ফলে তাঁর রাজনীতিতে আমৃল পরিবর্তন ঘটেছিল। তিনি মগথের দিগ্বিজ্বনীতি বর্জন করে ন্তন নীতি প্রবর্তন করলেন। ওই ন্তন নীতির নাম হল 'ধর্মবিজ্বর'। 'শর্মকা'বিজ্ব অর্থাৎ অন্তবিজ্বেরই নাম দিগ্বিজ্ব, আর প্রেম্ব বা প্রীতির

> H. Kern-78 Manual of Indian Buddhism 7 851

সাহায্যে যে বিজয় তাকেই অশোক ধর্মবিজয় নামে অভিহিত করেছেন। কলিক্যুদ্ধের পর অশোক বৃদ্ধের হারা রাজ্যবিত্তারের আকাজ্যা সম্পূর্বরূপে পরিহাব করে ধর্মবিজরের নীতি অবলগন করলেন। তিনি তাঁর অবিজিত প্রতিবেশী রাজ্যের অধিবাসীদের আখাস দিরে জানিয়ে দেন যে, তাঁর কাছ থেকে তাদের কোনো ভর নেই, তিনি তাদের হুংথের হেতু না হরে স্থথেরই হেতু হবেন। তিনি নিজে দিগ্বিজয়নীতি পরিহার করেই কাস্ত হননি; তাঁর পুত্রপ্রপ্রেরাণ্ড যেন ভবিদ্যুতে নবরাজ্যবিজরের আকাজ্যা মনে হান না দেন, সে ইচ্ছাও তিনি তার গিরিলিপিতে চিরস্থায়ী রূপে অজিত করে গিরেছেন। এ-ভাবে অশোকের সাম্রাজ্যে রণভেরী গিরেছিল হুরু হরে এবং তার স্থান অধিকার করেছিল ধর্মযোধণা।

ভেরীদোসো অহো খংমবোসো।

--- ৪র্থ পর্বতলিপি

এইরপে রক্তপাতবিত্রণা শুধু বে অশোকের রাজনীতিকে প্রভাবিত করেছিল তা নয়, তাঁর ব্যক্তিগত জীবনও এই অহিংসানীতির দারা বিশেষভাবে নিয়ন্ধিত হয়েছিল। তৎকালে রাজাদের মধ্যে বিহারয়াত্রা করে মৃগয়া প্রভৃতি আমোদপ্রমোদের রীতি পুবই প্রচলিত ছিল। পশুশিকার স্পষ্টতই অহিংসানীতির বিরোধী; তাই অশোক বিহারয়াত্রার স্থলে ধর্ময়াত্রা অর্থাৎ তীর্থাদি দর্শন করে ধর্মপ্রচারের রীতি প্রবর্তন করেন। পূর্বে অশোকের রন্ধনশালার জল্পে প্রতিদিবস বহু প্রাণী নিহত করা হত। পরে ওই প্রাণীদের সংখ্যা বহুলপরিমাণে কমিয়ে দেওয়া হয় এবং প্রতাহ মাত্র ছটি ময়ুর ও একটি মুগা নিহত করার ব্যবস্থা হয়, জবশ্র প্রতাহ

> কেউ কেউ একখাটির অন্তর্কম অর্থ করেছেন। ভটর বেণীনাগব বড়ুরা-কৃত Inscriptions of Asoka বিভীয় খণ্ড পৃ ২৪১-৫০।

একটি করে মৃগ বধ করার রীতিতে প্রারই ব্যতিক্রম ঘটত। কিছ কালক্রেমে এই তিনটি প্রাণী বধ করাও অশোকের পক্ষে তুঃসহ হরে উঠল এবং তিনি রাজমহানসে প্রাণিহত্যা সম্পূর্ণরূপে বন্ধ করে দিরে নিরামিবাহারী হলেন। এভাবে অশোক ব্যক্তিগত জীবনে সম্পূর্ণরূপে অহিংসাপথের পথিক হলেন। তথনকার দিনে একাজ বে কত কঠিন ছিল আজকাল তা সম্যক্রপে উপলব্ধি করা সহজ নর।

ব্যক্তিগত জীবনে অবিনিশ্ররণে অহিংসাপহী হওয়া সম্ভব হলেও রাজনীতিতে তা কতথানি সম্ভব তা অশোকের ইতিহাস থেকে বিচার করে দেখা প্ররোজন। আমরা দেখেছি বুজবিগ্রহের প্রতি তিনি একেবারেই বিমুখ হরে উঠেছিলেন। কিন্তু তাঁর জন্মশাসন থেকেই প্রমাণিত হয় বে বুজের সম্ভাব্যতাকে তিনি সম্পূর্ণরূপে পরিহার করতে পারেননি। যে অস্থশাসনটিতে তিনি কলিক্ষ্ত্রের ভরাবহতার বর্ণনা দিয়ে নিজের বেদনা ও জন্মশাসনার কথা জ্ঞাপন করে বলেছেন, ওই বুজে মান্ত্রের যে হংখকট হরেছিল এখন তিনি তার শতভাগ বা সহস্রভাগ হংখকটকেও অত্যন্ত শোচনীর ও গুরুতর বলে মনে করেন, সেই অস্থশাসনটিতেই কিন্তু বলা হরেছে, 'বলি কেউ আমার অপকার করে তবে বতকল পর্যন্ত কমা করা চলে ততকলই আমি তাকে কমা করব'।

রো পি চ অপকরের তি ছমিতবিরমতে বো দেবনং প্রিরস রং শকো ছমনরে।

--- >৩শ পর্বভলিপি।

এই কথার ইঙ্গিত হচ্ছে এই— কণিগবিধারের পর আশোক বুছবিগ্রহ পরিহার করেছেন এবং ওই বুছের সহস্রাংশ ক্রংথকটও তিনি কোনো রাজ্যকে দিতে অনিজ্বক বটে, কিন্তু তা বলে কেউ বেন মনে না করেন, তবে তো আশোকের রাজ্যের অপকার করা ধুবই সহস্ক। ওই অপকারেচছুদের তিনি শাসিয়ে বলেছেন, তাঁরও ধৈর্য এবং ক্ষমার একটি সীমা আছে, ওই সীমা অতিক্রান্ত হলে তিনি অস্ত্রধারণ করে তাদের শান্তিবিধান করতে কুষ্টিত হবেন না। এই উপলক্ষ্যে ওই ত্রেরাদশ গিরিলিপিটিতেই অশোক তাঁর সাম্রাজ্যান্তর্গত অটবীরাজ্যের অধিবাসীদের জানাচ্ছেন ধে, কলিক্ষ্ডের জন্তু অন্তর্গ্ত হলেও তিনি শক্তিহীন নন, তাদের কৃতকার্ধের জন্তে তারা ধদি কজা প্রকাশ না করে তবে তাদের হনন করা হবে।

অবত্রপেয়ু ন চ হংঞেয়স্থ।

অন্তত্ত বেথানে তিনি তাঁর অবিজিত প্রতিবেশী (অংত) রাজ্যের অধিবাসীদের অফুদ্বিগ্ন হবার আখাস দিয়ে জানাচ্ছেন, "আমার কাছ থেকে সুথই লাভ করবে, গ্রংথ নয়", সেই অফুশাসনটিতেও তিনি কিন্তু তাঁর যুদ্ধবিমুথতার সীমাটুকু নির্দেশ করে দিয়ে এ-কথা বলতে ভোলেননি বে, যতটুকু পর্যন্ত কমা করা বায় ততটুকুই কমা করা হবে,

খমিসতি নে দেবানং পিয়ে অফাকং তি এ চকিয়ে খমিতবে², তার বেশি নয়।

এ-সমন্ত তথ্য থেকে এই সিদ্ধান্ত অনিবাৰ্থ হয়ে ওঠে যে, অশোক
যুদ্ধবিমুথ ছিলেন বটে, কিন্তু সে শুধু রাজ্যবিন্তারমূলক অর্থাৎ offensive
ও aggressive যুদ্ধের বিক্রন্থে । রাজ্যরক্ষামূলক বা defensive
যুদ্ধেরও তিনি বিরোধী ছিলেন এ-কথা মনে করার পক্ষে কোনো প্রমাণ
নেই। আধুনিক কালের অহিংসানীতির সমর্থকদের মতো অশোক
সর্বপ্রকার যুদ্ধেরই বিরোধী ছিলেন না এ-কথাটি শ্বরণ রাখা উচিত।
কলিক্ষ্দ্ধের পরে অশোককে আর কথনও সমরসক্ষা করতে হরেছিল
কিনা, অথবা রামক্ষকক্তিত অহিংস সর্পের মতো কোঁস করেই তিনি

> विजीत वित्नविति (शीन।

অপকারকদের নিরন্ত করতে সমর্থ হয়েছিলেন কি না, তা স্পষ্টরূপে জানা যায় না।

অশোক অনাবশুক যুদ্ধবিগ্রাহ এবং রক্তপাতের বিরোধী ছিলেন বটে. কিছু তা বলে তিনি যে সর্বপ্রকার বলপ্রয়োগ থেকেই বিরত ছিলেন তা নয়। তিনি যে এক সময়ে বৌদ্ধ সংঘে প্রবেশ করে ভিক্তবত গ্রহণ করেছিলেন যে বিষয়ে সন্দেহ নেই। কিছু আভর্বের বিষয় এই যে ভিক্ষবেশী অশোকের হলরে ভিক্ষর্য ও রাজধর্মের মধ্যে কোনো বিরোধ ঘটেনি। ভিক্তরতী হলেও রাজনীতিপালনে তিনি কিছুমাত্র শৈথিল্য বা ছুর্বল্ডা প্রকাশ করেননি। তাঁর ধর্মপ্রচারের ফলে সকলেই যে অপকার্য থেকে বিরত হয়ে ধর্মপ্রাণ হরে উঠেছিল তা মনে করা যায় না। ধর্মপ্রচার সত্ত্বেও বছ লোকই নানাপ্রকার অপরাধে লিপ্ত হত এবং অশোককেও তামের শান্তি-বিধান করতে হত। কেননা চুষ্টের দমন এবং শিষ্টের পালন, উভয়ই রাজার কর্তব্য। কুষ্টের দমন বলপ্রয়োগসাপেক এবং ওই বলপ্রয়োগে অশোক কৃষ্ঠিত ছিলেন না। তাঁকেও কারাগার রক্ষা করতে অবং অপরাধীদের কারাক্ত করতে হত। তবে বছরে একবার করে তিনি করেদিদের কারামৃত্তি ('বন্ধনমোক') দিতেন। আর, যারা গুরুতর অপরাধে অপরাধী হত তাদের প্রাণদগুবিধানেও তিনি ইতত্তত করেননি। তবে তিনি বধদগুল্লাপ্রাপ্ত অপরাধীদের তিন দিনের সময় মঞ্জুর করতেন, যেন তারা ওই সময়ের মধ্যে

> অপোকের লিপিতে উক্ত 'নর। সংযে উপারীতে' অংশটির অর্থ সথকে নতভেদ আছে। কিন্তু সনে রাখতে হবে রীটির সপ্তম পতকে চৈদিক পরিবাজক ই-ংসিং অপোকের একটি বৌশ্বভিশ্ববেশী মূর্তির কথা উল্লেখ করেছেন। পরবর্তী কালের তিবাতী চিত্রেও অপোকের ভিশ্ববেশ দেখা বার।

দান উপৰাস প্রভৃতি ধর্মাচবণের দাবা নিজেদেব পাবত্রিক কল্যাণ সাধন করতে পাবে ও প্রজাসাধাবণেব মধ্যে অধিকতর ধর্মপরায়ণতার প্রেবণা বেখে যেতে পাবে।

আলোচিত তথ্যগুলি থেকেই মান্ধবেব প্রতি প্রযোজ্য অশোকেব অহিংসানীতিব সীমা কোথায়, সে বিষয়ে কিছুমাত্র সংশ্ব থাকে না। কিন্তু ওই নীতিটি আধুনিক কালেব ক্সায় প্রাচীন কালেও মান্থব এবং পশু উভবেব প্রতিই সমভাবে প্রযোজ্য ছিল। আশোক নিজেকে মান্থব এবং পশু সকল জীবেব নিকটই ঋণী মনে কবতেন। তাই মান্থব পশু প্রভৃতি সর্বভৃতেব সেবা ও কল্যাণসাধন কবে আনুণ্য লাভ কবাই ছিল তাঁব জীবনেব অক্সতম শ্রেষ্ঠ উদ্দেশ্য।

ভূতানং আশংনং গচ্ছেষং।

— ৬ ম পর্বতলিপি

এই উদ্দেশ্যসাধনের জন্মে তিনি স্বীয় বাজ্যে তথা চোল পাণ্ড্য প্রভৃতি ভারতীয় প্রত্যস্ত দেশে এবং এন্ট্যোকস প্রভৃতি প্রতিবেশী যবন (অর্থাৎ গ্রীক) বাজাদের বাজ্যে মামুষ এবং পশু উভ্যেবই চিকিৎসাব ব্যবস্থা কবে দিয়েছিলেন।

ষে চিকীছা কতা মন্থুসচিকীছা চ পস্থচিকীছা চ।

--- ২য় পর্ব তলিপি

শুধু তাই নয়, মায়ুষ এবং পণ্ডব উপযোগী (ময়ুসোপগানি চ প্লোপগানি
চ) শুরুষের গাছগাছড়াও যেখানে যা নেই সেখানে তা আনিয়ে
রোপণের ব্যবস্থা করেছিলেন। তা-ছাড়া তিনি পথে পথে
কৃপখনন এবং বৃক্ষবোপণও করিয়েছিলেন; উদ্দেশ্ত মায়ুষ এবং পশু
উভযেবই সাক্ষকাবিধান।

পরিভোগায় পত্মমূলানং।

--- ২য় পর্বতলিপি

স্থতরাং দেখা যাচ্ছে শুধু মাস্কবের প্রতি নয়, পশু প্রভৃতি জীবের প্রতি নয়াতেও অশোকের হৃদর পরিপূর্ণ ছিল। এখন দেখা যাক এই জীবের প্রতি অহিংসানীতি সম্পর্কে অশোক কোন্ জায়গায় সীমারেখা টেনেছিলেন।

আমরা পূর্বেই দেখেছি অশোক নিজে আমিবাছার ত্যাগ করে দীয় রন্ধনালার জন্যে সর্বপ্রকার পশুহত্যা সম্পূর্ণরূপে বন্ধ করে দিয়েছিলেন। বিছার্যাক্রা বা মৃগন্নাতেও তিনি পশুবৰ খেকে বিরত হয়েছিলেন। এ-ভাবে তিনি ব্যক্তিগত জীবনে সম্পূর্ণরূপে অহিংসানীতির অন্ধুসরণ করতেন বটে, কিন্তু প্রজাসাধারণকে অহিংসানীতিপালনে তিনি কতথানি বাধ্য করেছিলেন সেইটেই জিজ্ঞান্ত।

প্রথমেই বলে রাখা ভালো যে, এ-বিষয়ে তিনি প্রজাদের ওধু উপদেশ দিয়েই নিরস্ত হয়েছিলেন; কথনও তাদের বাধ্য করেছিলেন বা শান্তির ভয় দেখিয়েছিলেন এমন প্রমাণ নেই। তিনি ওধু পুন:পুন ঘোষণা করেছেন যজ্ঞার্থে প্রাণিবধ বা অন্য কোনো উদ্দেশ্যে জীবহিংসানা করাই ভালো।

সাধু অনারংভো প্রাণানং, অবিহীসা ভূতানং।

--- ৪র্থ পর্ব তলিপি

কিন্ত এই উপদেশ পালিত না হলে কোনো শান্তিবিধানের উল্লেখ তার অন্থূলাসনে নেই। যজ্ঞার্থে প্রাণিবধ (প্রাণারত্তা) এবং মাংসাহার বা অন্থ্রপ কোনো উদ্দেশ্তে জীবহিংসা (বিহিংসা চ ভূতানং), এই কুএর মধ্যে প্রথমটিই অশোকের মতে অধিকতর অন্যায় বলে গণ্য হত। এ-রক্ম মনে করার হেন্তু এই যে, অশোক যতবার ভূতবিহিংসার কথা বলেছেন তার চেয়ে বেশি বলেছেন প্রাণারম্ভের কথা। তৃতীয় গিরিনিপিতে তিনি শুধু বনেছেন 'প্রাণানং সাধু অনারংভো', কিছ তার সঙ্গে সঙ্গে 'অবিহিংসা (অশোকের অমুশাসনে 'অহিংসা' শক্ষাত্তর প্রয়োগ দেখা যায় না) ভূতানং' বশার প্রয়োজন বোধ করেননি। প্রথম "ইধ ন কিংচি জীবং আরভিৎপা প্রজুহিতর্বং" এই উজির মংধ্য যজার্থে পশুবধের বিক্লছে যে-রক্ম স্পষ্ট মনোভাব প্রকাশ পেয়েছে. সাধারণ জীবহিংসার বিরুদ্ধে তেমন ম্পষ্টোক্তি কোণাও নেই। তা-ছাড়া যজ্ঞার্থে পশুবলির বিরুদ্ধে এই উক্তির কোনো বাতিক্রমের উল্লেখ কোথাও নেই। কিছু সাধারণ জীবহিংসাবিষয়ক বিধানটির বহু ব্যতিক্রমের কথা দেখা যায় পঞ্চ বস্তু নিপিতে। ওই নিপিতে দেখা যায় অশোক তাঁর রাজ্যাভিবেকের বড় বিংশ বংসরে কতকগুলি জীবকে অবধ্য বলে ঘোষণা করেন; এই অবধ্য প্রাণীদের তিনি একটি তালিকা দিয়েছেন। যথা—ওক, সালিক, চক্রবাক, হংস, ষাঁড়, গণ্ডার, শেতকপোত, গ্রামকপোত। তার পরেই বলেছেন. "বে-সব চতুসদ জীব মান্নুষ থায়ও না, (চামডা প্রভৃতির জন্যে মান্তবের কাজেও লাগে না"

সবে চতুপদে যে পটিভোগং নো এতি ন চ থাদিয়তি
সেগুলিও অবধ্য। স্কৃতনাং দেখা যাছে অশোক থালার্থে বা চর্ম প্রভৃতি
লাভার্থে পশুবধ নিবেধ করেননি, যদিও তিনি নিজে থালের জন্যেও
পশুহত্যা থেকে বিরত ছিলেন। ওই লিপিতেই দেখা যার বছরের মধ্যে
করেকটি নির্দিষ্ট দিনে তিনি মাছ ধরা ও বিক্রি করা এবং কতকগুলি
জন্তকে নির্মৃত্তি করা অন্তুচিত বলে জ্ঞাপন করেছিলেন। কিন্তু
বছরের অধিকাংশ সময়ে এই নিবেধবিধি প্রযোজ্য ছিল না। স্কৃতরাং

দেখা যাছে অশোক ব্যক্তিগত জীবনে জীবজন্তসম্পর্কেও সম্পূর্ণ অহিংসানীতির পক্ষপাতী হওয়া সংগত একাসাধারণের উপর নিজের ধর্মবিশাসকে চাপিরে দেওয়া সংগত এনে করেননি। এথানেও জাঁর রাজনীতিজ্ঞতার পরিচয় পাই। তথনকার দিনে মাছমাংস খাওয়া সমগ্র দেশে প্রশুচনিত ছিল। এ অবস্থায় সমগ্র দেশকে নিরামিযভোজী করে তোলা সম্ভবও ছিল না এবং সে চেষ্টা করাও যথার্থ রাজনীতির কাজ হত না। অশোকও তাই মাছমাংস খাওয়া এবং খাত্মার্থে জীবছত্যা ও নিশ্রমোজন জীবছত্যার বিক্লকেই প্রচারকার্য চালিয়েছিলেন। উপনিবদের মুগে পশুঘাতমূলক যাগ্যজের বিক্লকে যে আন্দোলনের স্বচনা হয়েছিল, অশোকের আমলেই তার পূর্ণ পরিণতি দেখতে পাই।

পূর্বে দেখেছি অশোক অহিংসানীতির সমর্থক হলেও সম্পূর্ণরূপে
বুদ্ধবিরোধী বা নরহত্যাবিরোধী ছিলেন না। রাজ্যবিস্তারের
উদ্দেশ্যে যুদ্ধবিগ্রহ এবং ভজ্জাত অকারণ নরহত্যার তিনি বিরোধী
ছিলেন। কিন্তু রাজ্যরক্ষায়ূলক যুদ্ধ এবং অপরাধীদের প্রাণদণ্ডবিধানের প্রয়োজনীয়তা তিনি স্বীকার করতেন। এখন দেখলাম
অকারণ জীবহত্যা ও যজ্ঞার্থে পশুবধের বিক্লছ্কে প্রচার করলেও
তিনি রাজ্যমধ্যে খাল্পার্থে বা অন্যবিধ প্রয়োজনে জীবহত্যার

১ অনোকের আদর্শহানীর বৃদ্ধদেবও বীর সংযক্ত তিকুগণের পক্ষেও মাছ্যাংস থাওয়া নিবিদ্ধ করার পক্ষপাতী ছিলেন না। দেবদত্ত থবন তিকুগণের পক্ষে আমিবাহার নিবিদ্ধ করার প্রতাব করেন তথনও তিনি তাতে সক্ষতি দেবনি। Manual of Indian Buddhism by H. Kern পু ৭১ ও পান্টীকা ৫, এবং Hindu Civilization by R. K. Mookerji পু ২৪৭ পান্টীকা ১ এইবা।

আবিশ্রকতা অশ্বীকার করেননি। অর্থাৎ অশোক নিজে ব্যক্তিগত-ভাবে অহিংসানীতির উপাসক হলেও তিনি তাঁর রাজনীতিকে কথনও ওই অহিংসানীতির কুক্ষিগত করে ফেলেননি। ধর্মনীতি ও রাজনীতির ক্ষেত্রগত পার্থক্য তিনি উপলব্ধি করেছিলেন।

৩

ভারতবর্ষের পরবর্তী ইতিহাস থেকে অহিংসা- ও রাজনীতি-বিষয়ক আরও কয়েকটি কথা বলে এই প্রসঙ্গ শেষ কবব। কুষাণসমাট কনিষ্ণ বৌদ্ধর্মাবলম্বী হলেও বৃদ্ধবিগ্রহ তথা নরহত্যার প্রতি তাঁর কিছুমাঞ্র অক্ষটি ছিল না। বাংলা দেশের বৌদ্ধ পালসমাট্গণের পক্ষেও এই উক্তি সমভাবে প্রযোজ্য। সম্রাট্ হর্ষবর্ধ নও তাঁর বৌদ্ধর্ম তথা অহিংসানীতির প্রতি অন্ধ্রনাগের জন্যে খ্যাতি অর্জন কবেছেন। কিছ তৎসত্ত্বেও জীবনের প্রায় শেষভাগ পর্যন্ত তিনি বৃদ্ধবিগ্রহে ব্যাপৃত ছিলেন।

ভাগবত (অর্থাৎ বৈশ্বব) সম্প্রদায়ও অহিংসাপ্রীতির জন্যে বৌদ্ধ এবং জৈন সমাজের সমশ্রেণী বলে গণ্য হবেছে। ভাগবত সম্প্রদায়ের সর্বশ্রেষ্ঠ ধর্মগ্রন্থ ভগবন্দীতাতেও পুনঃপুন অহিংসানীতিকে প্রাধান্য দেওয়া হয়েছে ভা আমরা পূর্বেই দেখেছি। তা সক্তেও গীতা বে বৃদ্ধবিরোধী নয় একথা সকলেরই জানা। এবার ভাগবতসম্প্রদায়ের ইতিহাসের নজিরে দেখা যাক অহিংসা ও রাজনীতি তথা বৃদ্ধবিগ্রহের পারস্পরিক সম্পর্ক কভথানি। বৌদ্ধ সম্প্রদায়ের ইতিহাসে অশোকের বৃগ ধেমন সর্বাপেকা প্রসিদ্ধ, ভাগবতধর্মের ইতিহাসে গুপু-সম্রাট্গণের বৃগ ভেমনি সব চেরে গৌরবময়। বিক্রমানিত্যপ্রমুখ পরমভাগবত গুপ্তসমাট্গণের আধিপত্য ভারতবর্ণের ইতিহাসকে
মৌর্যুগের চেয়ে কম গৌরবান্বিত করেনি। কিন্তু ভাগবত বা বৈশ্বব
সমাট্গণ মুদ্ধবিগ্রহ তথা রাজ্যজয়কেই সর্বশ্রেষ্ঠ রাজকীতি বলে গণ্য
করতেন। শুধু তাই নয়, যে অন্প্রচান-ও হিংসা-মূলক যাগযজকে
ভগবল্গীতায় নিয়ন্ত ও নিয় শুরে স্থাপন করা হয়েছে, পরমভাগবত
শুপ্তনরপতিয়া সেই যাগযজকেও শীয় কীর্তিপ্রতিষ্ঠার প্রধান অঙ্গয়পে
শীকার করে নিয়েছিলেন। সমুদ্রশুপ্ত পরাক্রমান্ধ এবং কুমারগুপ্ত
মহেক্রাদিত্য এই তুইজন সমাট্ই অব্যেধ্যজ্ঞের অন্প্রচান করেছিলেন।
অপচ ভাগবতধর্মশান্ত্র গীতার মতে ওই যক্ত প্রশস্ত নয়, কেননা অশ্বমেধ
দ্রব্যময়ও বটে এবং অহিংসানীতির প্রতিকৃত্যও বটে।

এবার করেকজন বিখ্যাত জৈন রাজার ইতিহাসের প্রতি লক্ষ্য করা যাক। জৈন নৃপতিদের মধ্যে কলিকের চেতবংশীয় সম্রাট্ থারবেল (ঝ্রী পূ ছিতীয় বা প্রথম শতক), দাক্ষিণাত্যের রাষ্ট্রকৃটবংশীয় সম্রাট্ অমোঘবর্ষ (৮১৫-৭৭) এবং গুজরাটের চৌলুক্যবংশীয় অধিপতি কুমারপালের (১১৪৩-৭৪) নামই বিশেষভাবে উল্লেখযোগ্য। দিগ্বিজয়লিক্যু খাববেলের বিজয়বাহিনী উত্তরে মগধ থেকে দক্ষিণে পাণ্ডাভূমি পর্যন্ত তারতবর্ষের বহু স্থানেই কলিজরাজবংশের পরাক্রম বিস্তার করেছিল। জৈন ধর্মের অহিংসানীতি এই দিগ্বিজয়ের বিরোধী বলে গণ্যই হয়নি। রাষ্ট্রকৃটরাজ অমোঘবর্ষ ছিলেন জৈরধ্যার পরম অস্থরাগী এবং অ্প্রসিদ্ধ জৈনকবি জিনসেনাচার্য ছিলেন তার ধর্মগুরু। এই পরম উৎসাহী জৈন সমাটের পূর্চপোবকতায় নবম শতানীতে দাক্ষিণাত্যে জৈন ধর্মের অতি ক্রত অভ্যুদ্ম ঘটেছিল। অথচ ইতিহাস সাক্ষ্য দের যে অযোঘবর্ষ তার সমগ্র রাজস্বকালটাই বৃষ্ঠ হরবিশ্রহে কাটিয়েছিলেন। চৌলুক্যরাজ কুমারপাল জৈনাচার্য

হেমচন্দ্র স্থরীর প্রভাবে জৈনধর্ম গ্রহণ করেছিলেন। কিন্তু তাঁর এই নবগৃহীত ধর্মের প্রতি অত্যধিক অন্ধরাগও তাঁকে রাজ্ঞালিক্সা ও সংগ্রাম থেকে নিরস্ত করতে পারেনি। অথচ অহিংসানীতির প্রতি তাঁর অন্ধরাগ এতই প্রবল ছিল যে, কথিত আছে পশুপক্ষী বা কীট-পতলের প্রাণনাশের অপরাধে তিনি মান্ধ্রের প্রাণনগুবিধানেও বিধাবোধ করতেন না। অহিংসানীতির আতিশয় ও বিকার ঘটলে তা যে কতথানি স্ববিরোধী ও মারাজ্মক হয়ে উঠতে পারে, কুমারপালের এই আচরণ থেকেই তার প্রমাণ পাওয়া যায়।

আমরা দেখেছি বৌদ্ধধর্মের প্রতি গভীর অমুরাগ থাকা সত্ত্বেও সমাট হর্ষবর্ধন রাজ্যজয় ও বৃদ্ধবিগ্রহে কথনও বিরত হননি। তাঁরও অহিংসাপ্রীতির আতিশ্যোর প্রমাণ পাই হিউএছসাঙ্এর গ্রন্থ। উক্ত চৈনিক লেখকের মতে হর্ষবর্ধন স্বীয় রাজ্যে সর্বপ্রকার জীবহত্যা ও আমিষভোজন নিবেধ করে দিয়েছিলেন এবং এই নিবেধাজ্ঞা অপালনের শান্তি ছিল মৃত্যুদণ্ড। চৈনিক পণ্ডিতের এই উক্তিটি কতখানি সত্য তা বলা যায় না; আর সত্য হলেও আপাতদৃষ্টিতে এটিকে যত গুরুতব মনে হয় বস্তুত তা ছিল না। কেননা হর্ষবর্ষনেব পূর্ববর্তী গুপ্তযুগেই দেখা যায় অহিংসানীতি ব্যক্তিগত ও সামাঞ্চিক জীবনে একটি সর্বজনগ্রাহ্ম নীতি হিসাবে স্বীকৃত হয়েছিল। চক্রগুপ্ত বিক্রমাদিত্যের (৩৮০-৪১৩) রাজ্য সম্বন্ধে চৈনিক ভিকু ফা হিয়ান পিখেছেন, Throughout the country no one kills any living thing...they do not keep pigs or fowls, there are no dealings in cattle, no butchers' shops or distilleries in their market-places. এর থেকে বোঝা যায় দিগ্বিজয়নীতির অমুসরণের ফলে গুপ্তৰূগে বুন্ধবিগ্ৰছ এবং অখনেধ ৰথেষ্ট লোকপ্ৰিয় ছওয়া সত্ত্বেও

জনসাধারণ দৈনন্দিন জীবনে অহিংসাপন্থী ও নিরামিবভোজী হয়ে উঠেছিল। আজও ভারতবর্ধের অধিকাংশ প্রদেশের হিন্দুসমাজ্প সম্বন্ধে এই উক্তি সমভাবে প্রযোজ্য। এটি যে অশোকের প্রচারিত 'অবধা'নীতির একটি বিম্মরকর ফল এ-বিষয়ে সন্দেহ করা চলে না। যাহোক হর্ষবর্ধনের আমলে সমাজের সাধারণ অবস্থা যে গুপুষ্ণ থেকে ভিন্নরূপ ছিল এ-কথা মনে করবার কোনো কারণ নেই। যদি তাই হয় তবে হিউএছ্সাঙ্এর পূর্বোদ্ধৃত উক্তির গুরুত্ব যে অনেক কমে যায় সে-বিষয়ে সন্দেহ নেই। তথাপি চৈনিক পরিব্রাজ্ঞকের উক্তি সত্য হলে বলতে হবে হর্ষবর্ধনের অহিংসানীতি বিকারগ্রস্ত হয়ে বাড়াবাড়ির দিকে ঝুঁকেছিল।

আশা করি এই সংক্ষিপ্ত ঐতিহাসিক আলোচনা থেকে প্রতীয়মান হবে যে, ভারতবর্ষীয় অহিংসানীতি আসলে ছিল ধর্মসংস্কারমূলক, মুখ্যত যজ্ঞার্থে পশুবলিবিরোধী। পরে ওই নীতি আহারার্থে বা অন্য কোনো প্রয়োজনে পশুহত্যার বিক্ষতার রূপও ধারণ করে। কিন্তু ওই নীতি কখনও যুদ্ধ বা মৃত্যুদগুবিধানের বিরোধী বলে শীক্ত হয়নি।

ধর্মনীতি

এ-কথা বলা বান্তল্য যে আধুনিক ভারতবর্ষের সব চেয়ে কঠিন
সমস্তা হচ্ছে ধর্মসম্প্রদারগত। এই সমস্তার শৈলশিখরে আহত হয়ে
অথগু ভারতবর্ষের জাতীয় জীবনতরী শতধা খণ্ডিত হবার আশঙ্কা
দেখা দিয়েছে। এই বিষম সমস্তার সমাধান করতে হলে ভারতবর্ষের
বিভিন্ন যুগের ধর্মবিষয়ক অবস্থার ঐতিহাসিক আলোচনা করা বিশেষ
প্রেয়েজন। ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ সম্রাট্ প্রিয়দর্শী অশোকের
অবলম্বিত ধর্মনীতির আদর্শ এ-বিষয়ে আমাদের কতথানি সাহায্য
করতে পারে এখন সে সম্বন্ধে কিছু আলোচনা করব।

শুধু ভারতবর্ষের নয়, পরস্ক সমস্ত পৃথিবীর ইতিহাসের শ্রেষ্ঠ নরপতি হচ্ছেন অশোক, এ-কথা আজ সর্ববাদিশীরত। প্রাগাধুনিক যুগে গৌতম বৃদ্ধ বাদে একমাত্র অশোকই ভারতবর্ষকে পৃথিবীর কাছে পরিচিত করেছেন এবং গৌতম বৃদ্ধকেও অশোকই বাইরের জগতে প্রতিষ্ঠা দান করেছেন এ-কথা বললে বোধ করি অভ্যুক্তি হবে না। বৌদ্ধদের বিশ্বাস বৌদ্ধর্মের মহত্তই অশোককে শ্রেষ্ঠতা দান করেছে। কিন্তু ইতিহাসের সাক্ষ্য এ বিশ্বাসের অমুকৃল নয়। বরং অশোকই শ্রীয় মহত্ত্বের দারা বৌদ্ধর্মের বিশ্বব্যাপী প্রতিষ্ঠার স্চনা করেন। যে মহাপ্রাণতার প্রেরণায় দিগ্রিজয়লিপ্স্ অশোক কলিন্ব্যুদ্ধে জয়লাভের পর চিরকালের জন্য অন্ত্রত্যাগ করলেন সে মহাপ্রাণতা তিনি বৌদ্ধর্মের কাছে পাননি। কেননা সে ঘটনা হচ্ছে তাঁর বৌদ্ধর্মগ্রহণের পূর্ববর্তী। বরং এ-কথাই সত্য যে ওই মহামুভবতার আরেগে অশোক যেদিন বৌদ্ধর্ম অবলম্বন করলেন সেদিন থেকেই

উক্ত ধর্ম নৃতন প্রাণে সঞ্জীবিত হয়ে উঠল। অশোকের পূর্বে ও-ধর্ম ক্রমবিস্তারের দিকে অগ্রসর হচ্ছিল এমন কোনো ঐতিহাসিক প্রমাণ নেই। স্থতরাং এই হিসাবে অশোককে যদি ভারতবর্ষের ঐতিহাসিক ব্যক্তিদের মধ্যে সর্বশ্রেষ্ঠ স্থান দেওয়া যায় তাহলে বোধকরি কিছুমাত্র অন্যায় হয় না। কিন্তু বৌদ্ধর্থর্মকে উপলক্ষ্য কবে ভারতবর্ষের গৌরবকে জগতের কাছে প্রতিষ্ঠিত করেছেন এইটেই যে অশোকের শ্রেষ্ঠতাস্বীক্ষতির একমাত্র কারণ, তা নয়। বস্তুত অশোকের মহত্ব ছিল বছমুখী এবং তাঁর প্রতিভার এই বছমুখীনতাও আজ একবাক্যে স্বীকৃত। এ-সব কারণে আধুনিক কালে বিভিন্ন দেশেব পণ্ডিতমহলে অশোক সম্বন্ধে যত বিস্তৃত ও বিচিত্র রক্ম আলোচনা ও গবেষণা হয়েছে, ভারতবর্ষের আর কোনো ঐতিহাসিক ব্যক্তি সম্বন্ধে তা হয়নি। কিন্তু তথাপি অশোকের চরিত্র তথা রাজনীতি সম্বন্ধে গবেষণার বহু অবকাশ এখনও রয়েছে। এই আশ্চর্য মামুষটির চরিত্র, নীতি ও কার্যকলাপের মর্মার্থ এখনও সমাক্রপে উপলব্ধ হয়নি এ-কথা মনে করার হেতু আছে। আমার মনে হয় তাঁর অবলম্বিত ধর্মনীতি (religious policy) সম্বন্ধে এই উক্তিটি বিশেষভাবে প্রযোজা।

বলা নিপ্রয়োজন যে অশোকের ইতিহাস সম্বন্ধে ব্রাহ্মণাসাহিত্য যেমন নীরব বৌদ্ধসাহিত্য তেমনি মুথর। এক পক্ষের অতিনীরবতা এবং অপর পক্ষের অতিমুখরতা, কোনটাই নিরপেক্ষ সত্যামুসন্ধানের সহারক নয়। সৌভাগ্যবশত অশোক নিজেই আমাদের জন্য অনেকগুলি শিলালিপি রেখে গিয়েছেন। এই লিপিগুলির অভিপ্রায় ও মর্যাদা অতি স্কুলরভাবে ব্যক্ত হয়েছ রবীক্রনাথের অতুলনীয় ভাষায়। "জগতের মধ্যে সর্বশ্রেষ্ঠ সমাট্ অশোক আপনার যে কথাগুলিকে চিরকালের প্রতিগোচর করিতে চাহিয়াছিলেন তাহাদিগকে তিনি পাহাড়ের গায়ে খুদিয়া দিয়াছিলেন। তাহাদিগকে ফেই মহাবাণী কত শত বৎসর মানব-হৃদয়কে বোবার মত কেবল ইশারায় আহ্বান করিয়াছে। তাল্মপ্রপারের যে কুল্র দ্বীপের কথা অশোক কখনও কয়নাই করেন নাই, বহু সহত্র বৎসর পরে সেই দ্বীপ হইতে একটি বিদেশী আসিয়া কালান্তরের সেই মৃক ইন্সিভপাশ হইতে তাহার ভাষাকে উদ্ধার করিয়া লইলেন। তালিন উক্ত বিদেশী এই লিপিগুলির পাঠোদ্ধার করলেন সেদিনই তারতবর্ষের চরম গৌরবের অধ্যায় জগতের আছে প্রথম উন্থাটিত হল, পৃথিবীর শ্রেষ্ঠ সমাটের কীতিকাহিনী বর্তমান কালের কাছে প্রত্যক্ষ হয়ে উঠল। বস্তুত এই নিলালিপিগুলিকে এক হিসাবে আশোকের আত্মজীবনী বলে মনে করা যেতে পারে এবং অশোকের আধুনিক জীবনীকারদেরও প্রধান অবলম্বন হছে ওই লিপিগুলি। এগুলি থেকে অশোকের ধর্মনীতির আদর্শ সম্বন্ধে কি জানা যায়, তাই হছে এম্বনে আমাদের আলোচ্য বিষয়।

২

আমরা ইস্কুলপাঠ্য ইতিহাস পড়েই শিখে থাকি (এবং কলেজেও এ-শিক্ষার পুনরাবৃত্তি ঘটে) যে, অশোক ছিলেন নিষ্ঠাবান বৌদ্ধ, বৌদ্ধর্ম প্রচারই ছিল তাঁর জীবনের একমাত্র বা মুখ্য উদ্দেশ্য, স্বদেশে এবং

১ এই বিদেশী হচ্ছেন বিখ্যাত মনখী জেমদ প্রিনসেপ (১৭৯৯-১৮৪০)। ১৮৩৭ দালে তিনি অশোকের শিলালিপির প্রথম পাঠোদ্ধার করেন।

২ ''সাহিত্য'' গ্ৰন্থে ''সাহিত্যের সামগ্রী'' প্রবন্ধ জষ্টব্য ।

বিদেশে উক্ত ধর্মের প্রচারকার্যেই তিনি তাঁর সমস্ত রাজ্ঞশক্তি ও রাজকোষকে নিযুক্ত করেছিলেন ইত্যাদি। সঙ্গে সঙ্গে তাঁকে আবার আদর্শ রাজা বলেও বর্ণনা করা হয়ে থাকে। কিন্তু এই চুটি উক্তি य পরম্পরবিরোধী এ-কথা একবারও আমাদের মনে হয় না। আদর্শ রাজার কর্তব্য হল সমস্ত সম্প্রদায়ের প্রতি সমবাবহার করা। কেননা এ বিষয়ে সম্পূর্ণ অপক্ষপাত ন্যায়পরতার অত্যাজ্য অঙ্গ। আর, কোনো বিশেষ ধর্মের পূর্চপোষকতা পক্ষপাতিত্বেরই নামান্তর। অশোক যদি বৌদ্ধর্মকে রাজকীয় ধর্মে অর্থাৎ রাষ্ট্রধর্মে পরিণত করতে চেষ্টিত হয়ে থাকেন তাহলে বলতে হবে তিনি ভারতীয় ন্যায়পরায়ণ ताकात जामर्ग (शत्क विष्ठाण स्टाइहिलन। देखेटतारभत देखिशास ক্যাথলিকপ্রোটেস্ট্যাণ্ট ছন্দের যুগে বিভিন্ন রাজ্যের রাজারা কোনো না কোনো সম্প্রদায়ের পক্ষাবদম্বন করেছিলেন বলেই এত অশান্তির ষ্ষ্টি হয়েছিল। অবশেষে বহু রক্তপাত এবং হু:খকষ্টের পর রাষ্ট্র যথন স্বস্ত্রদায়ের প্রতি অপক্ষপাতে সমভাব অবলম্বন করল তথনই ইউরোপে ধর্মধন্দের অবসান হল। প্রাচীন ভারতীয় ইতিহাসের একটি প্রধান বৈশিষ্ট্য হচ্ছে ক্রুসেড বা জেহাদ অর্থাৎ ধর্মযুদ্ধের একাস্ত অভাব। গাজী, শহীদ বা martyrএর আদর্শহারা ভারতবর্ষ কথনও অমুপ্রাণিত হয়নি। বিভিন্ন ধর্মসম্প্রদায়ের প্রতি সম্পূর্ণ নিরপেক সমব্যবহারই ছিল ভারতীয় রাজার আদর্শ। সমুক্তগুণ-চক্তগুণ-প্রমুখ গুপ্তসম্রাট্রগণ ব্যক্তিগতভাবে ছিলেন ভাগবভ (অর্থাৎ বৈষ্ণব) धर्मादलही: किन्ह जाएनत जामरल উक्त धर्म कथन । ताककीय धर्म वा রাষ্ট্রধর্ম (state religion) রূপে গণ্য হয়ে বিশেষ প্রাধান্য বা পৃষ্ঠপোষকতা লাভ করেনি। ফলে শৈব, সৌর, বৌদ্ধ প্রভৃতি ধর্মসম্প্রদায়গুলি রাজকীয় রক্ষণাবেক্ষণ তথা বদান্যতা থেকে ৰঞ্চিত হয়নি। হর্ষবর্ধনের পিতা প্রভকরবর্ধন ছিলেন সৌর, তাঁর প্রাতা রাজ্যবর্ধন ও ভগিনী রাজ্যশ্রী ছিলেন বৌদ্ধ, আর হর্ষবর্ধন নিজে ছিলেন শৈব অথচ বৃদ্ধ- এবং স্থা-উপাসনাও করতেন। বাংলাদেশের বৌদ্ধ পালরাজ্ঞারা নারায়ণ, শিব প্রস্তৃতি দেবোপাসনার এবং এমন কি বৈদিক যাগযজ্ঞের পৃষ্ঠপোষকতা করতেও কুঠাবোধ করতেন না। তথু তাই নয়, বৌদ্ধসাহিত্যে অশোকের পরেই বার নাম সেই কুবাণস্মাট্ কনিকের মুলা থেকে প্রমাণিত হয় যে তিনিও বৃদ্ধ, শিব, চক্র, স্থা প্রত্তি বহু দেশী এবং বিদেশী দেবতাগণের প্রতি অপক্ষপাতে সমান সম্মান দেখাতেন। এ ক্ষেত্রে একমাত্র আশোকই ভারতবর্ষীয় রাজ্ঞাদের অপক্ষপাতের চিরন্তন আদর্শ থেকে বিচ্যুত হয়ে বৌদ্ধর্মের প্রতি একান্তভাবে মুঁকে পড়লেন এবং উক্ত ধর্মের প্রচার ও প্রসারকেই জীবনের ব্রুত্ব করে তুললেন, এ-কথা বিশ্বাস করতে ব্রুভাবতই অনিচ্ছা হয়। অতএব অশোকের বৌদ্ধর্মপ্রচারের কাহিনীতে কতখানি সত্য আছে বিচার করে দেখা প্রয়োজন।

٩

অশোক বদি সত্যসত্যই বৌদ্ধর্মের পৃষ্ঠপোষকতা করাকেই তাঁর রাজকীয় কর্তব্যের মধ্যে প্রধান স্থান দিয়ে থাকেন তাহলে বহুনিলিত মোগলসম্রাট্ উরক্ষজীবের সঙ্গে তাঁর প্রভেদ থাকে কোথার ? ইসলাম-ধর্মের প্রতি ঐকান্তিক অন্ধরাগবশত উরক্ষজীব সম্প্রদায়নির্বিশেষে সমস্ত প্রজ্ঞার প্রতি সমসৃষ্টির আদর্শকে উপেক্ষা করেছিলেন, প্রধানত এইজন্যই তো তিনি ঐতিহাসিকদের কাছে নিদ্যাভাজন হয়েছেন।

ওরকজীব ভারতবর্ষকে সম্পূর্ণরূপে ইসলামরাজ্য ("দারু-ল-ইসলাম") বলেই গণ্য করতেন এবং সে-রাজ্যে অন্য ধর্মের কোনো স্থান আছে বলে তিনি মনে করতেন না। সেইজনোই তিনি 'অবিশ্বাসী'দের উপর নানাপ্রকার নিষেধবিধি আরোপ করতে কুট্টিত হননি। এ-সব কারণে মুসল্মান হিসাবে ওরক্তমীবের স্থান যত উচ্চেই হোক না কেন রাজা হিসাবে তাঁর ব্যর্থতা ঐতিহাসিকগণ একবাক্যে স্বীকার করেছেন। আমাদের ইস্কল-ও কলেজ-পাঠ্য ইতিহাসগ্রন্থ পডলে मत्न इत्र . जार्माक्छ छेत्रक्रकीत्वत्र मत्ना धर्मश्राहत्क्वे कीवत्वत्र সর্বপ্রধান ব্রত বলে গ্রহণ করেছিলেন ৷ কিন্তু সতাই যদি বৌদ্ধর্মের প্রচার ও প্রসার (অর্থাৎ স্বদেশ ও বিদেশের জনগণকে বৌদ্ধর্মে দীক্ষিত করাই) অশোকের সর্বশ্রেষ্ঠ কীর্তি হয় তাহলে রাজা হিসাবে তাঁর ব্যর্থতা অবশ্রস্থীকার্য। এ-কথা বলা যেতে পারে যে, অশোক জনগণকে বৌদ্ধর্ম গ্রহণে প্রারোচিত ও উৎসাহিত করতেন বটে কিন্তু এজন্য তিনি ওরঙ্গজীবের মতে। অন্য সম্প্রদায়ের উপর পীডন করতেন না। এ-কথা যদি সত্য হয় তাহলেও ভারতীয় আদর্শের বিচারে অশোককে একজন বিচক্ষণ ও মহানু রাজা বলে মেনে নেওয়া याय ना ।

আসল কথা এই যে, প্রাচীন বৌদ্ধ প্রচারসাহিত্যে এবং আধুনিক ছাত্রপাঠ্য ইতিহাসপুস্তকে যাই থাকুক না কেন অশোক স্বদেশে বা বিদেশে বৌদ্ধর্ম প্রচার করেছিলেন কিংবা জনগণকে উক্ত ধর্ম গ্রহণ করতে প্ররোচিত বা উৎসাহিত করেছিলেন এ-কথা মনে করার পক্ষে বিশ্বাসযোগ্য কোনো প্রমাণ নেই। অশোকের ইতিহাসের একমাত্র নির্ভরযোগ্য উপাদান হচ্ছে তাঁর শিলালিপিগুলি। এগুলির সংখ্যাও নিতান্ত কম নয়। আজ পর্বন্ত অন্তত প্রত্রিশটি লিপি আবিষ্ণত হয়েছে। ' কিন্তু এতগুলি নিপির কোণাও বৌদ্ধর্মের গোরব কীর্তিত হয়নি। এজনোই ভক্টর হেমচক্স রায়চৌধুরী বলেছেন, "Though himself convinced of the truth of Buddha's teaching... Asoka probably never sought to impose his purely sectarian belief on others."। তিনি তাঁর প্রজাগণকে ধর্মাচরণে উৎসাহিত করতেন বটে, কিন্তু তিনি কথনও তাদের বৃদ্ধ, ধর্ম ও সংঘের প্রতি শ্রদ্ধাবান্ হতে কিংবা 'নির্বাণ' প্রাপ্তির পথ অমুসরণ করতে উৎসাহিত করেননি।

8

মৌর্যরাজাদের আমলে ভারতবর্ষে অনেকগুলি সাম্প্রদায়িক ধর্ম বিশ্বমান ছিল। তার মধ্যে অশোকের লিপিতেই চারটের উল্লেখ আছে। যথা, দেবোপাসনা-ও যাগযক্ত-পরায়ণ বৈদিক ব্রাহ্মণ্য ধর্ম, মংখলিপুত্ত গোসাল-প্রবৃত্তিত আজীবিক ধর্ম, মহাবীর বর্ধমান-প্রবৃত্তিত নিগ্রন্থ বা জৈন ধর্ম এবং গৌতম বৃদ্ধ-প্রবৃত্তিত সদ্ধর্ম বা বৌদ্ধর্ম। তাছাডা দেবকীপুত্র বাস্কদেব কৃষ্ণ-প্রবৃত্তিত ভাগবত ধর্মের কথা অশোক-লিপিতে না থাকলেও এটি যে তৎকালে প্রচলিত ছিল সে-বিবয়ে সন্দেহ নেই। কেননা গ্রীষ্টপূর্ব ৩০২ অন্দের পরে লিখিত মেগাস্থিনিসের 'ইণ্ডিকা' গ্রন্থই যমুনাতীরবর্তী মধুরা প্রভৃতি স্থানে উক্তধর্মাবলম্বীদের কথা পাওয়া যায়। এই ধর্মের সর্বপ্রাচীন ও সর্বপ্রধান গ্রন্থ

Political History of Ancient India वर्ष भा शृ राज्य ।

'ভগবদ্গীতা'ও অশোকের রাজত্বের (ঝী পূ২৭৩-৩২) কাছাকাছি সময়েই রচিত হয়েছিল বলে অমুমতি হয়।

যাহোক আজীবিক, জৈন ও বৌদ্ধ এই তিনটি অবৈদিক ও ও অবান্ধণ্য ধর্ম স্বভাবতই বৈদিক ব্রাহ্মণ্য ধর্মের বিরোধী ছিল। কিছ এদের নিজেদের মধ্যেও যে পারম্পরিক প্রতিদ্বন্ধিতার কিছুমাত্র অভাব ছিল না তার প্রচুর প্রমাণ রয়েছে তৎকালীন বৌদ্ধ ও জৈন সাহিত্যে। ক্ত্রিয়প্রবর্তিত ভাগবত ধর্মও যে মূলত বেদ-ও ব্রাহ্মণ-विरताशी ष्टिम **এ-विवरा**त किছूमाज সংশव्य त्ने । পরবর্তীকালে বৈদিক বান্ধাণ্য ধর্মের সঙ্গে আপস হয়ে গেলেও অন্য ধর্মগুলির সঙ্গে এর যথেষ্ট বিরোধ ছিল বলেই মনে হয়। অন্তত বৌদ্ধ ধর্মের সঙ্গে ভাগবত ধর্মের প্রতিষ্ক্রিতা ছিল বলে ঐতিহাসিকগণও অমুমান করেন। বেষন, ভক্টর রায়চৌধুরীর মতে "The earlier Brahmanical attitude towards the faith (Bhagavatism) was one of hostility, but later on there was a combination between Brahmanism and Bhagavatism probably owing to the Buddhist propaganda of the Mauryas' াই বৈদিক ব্ৰাশ্বণ্য ধর্মেও এ-সময়ে কর্ম, জ্ঞান, ভক্তি প্রভৃতি নানা মার্গ এবং সাংখ্য. যোগ প্রভৃতি নানা মতবাদ দেখা দিয়েছিল। আর গীতার সামঞ্জ স্থাপনের প্রয়াস থেকেও বোঝা যায় বৈদিক ধর্মমতগুলির মধ্যেও ं यरबंड मध्योजि विद्यमान हिन ना। এ ममन्त माध्यमाप्रिक धर्म ও মতবাদগুলির পারস্পরিক বিরোধ ও বিবাদের প্রমাণ যে তথু তৎকালীন

> ডক্টর রাজচৌধুরী-প্রশীত Early History of the Vaishnava Sect ২য় সং পু ৮৭।

२ डिक अञ्च १ ६-७।

সাহিত্যেই পাওরা যায় তা নয়, অশোকের শিলালিপিতেও তার যথেষ্ট পরিচয় রয়েছে।

বস্তুত যে-সমরে ভারতবর্ধ এই সমস্ত পরম্পরবিবদমান ধর্ম ও মতবাদের কলহে মুখরিত হয়ে উঠেছিল ঠিক সে সময়েই ধর্মপ্রাণ অশোকের আবির্জাব। তিনি এই কলহপরারণ ধর্মত ও সম্প্রদায়গুলির প্রতি কি মনোভাব অবলম্বন করলেন তা জ্বানতে স্বভাবতই খুব ওৎস্ক্র হয়। সৌভাগ্যবশত অশোক তাঁর বাদশসংখ্যক পর্বতলিপিতে এ-বিষয়ে তাঁর অবলম্বিত নীতির অতি স্ক্রম্পষ্ট পরিচয় রেখে গিয়েছেন। এ স্থলে সমগ্রভাবেই ওই লিপিটির মর্মামুবাদ দেওয়া গেল।

"দেবতাদের প্রিয় প্রিয়দর্শী রাজা (অশোক) সকল সম্প্রদায়('পাষণ্ড'-) ছক্ত পরিরাজক ও গৃহস্থ সকলকেই দান এবং অন্যান্য
বিবিধ উপায়ে সন্মান ('পূজা') করে থাকেন। কিন্তু দেবতাদের প্রিয়
(রাজা অশোকের) মতে সকল সম্প্রদারের 'সারবৃদ্ধি'-সাধনের
মতো দান বা সন্মান আর কিছুই নেই। সারবৃদ্ধিও বছবিধ। কিন্তু
তার মূল হচ্ছে বাক্সংযম ('বচগুপ্তি')। আর, বাক্সংযম মানে
হচ্ছে অকারণেই আপন সম্প্রদারের প্রশংসা ('আত্মপাবওপূজা')
ও পরসম্প্রদারের নিন্দা ('পরপাষণ্ডগর্হা') না করা। বিশেষ
কারণে যদি তা করতেই হয় আহলেও লঘু (বা মৃত্ব) ভাবেই করা
উচিত। কোনো কোনো ক্রেরে অন্য সম্প্রদারের প্রশংসা (অর্থাৎ
গুণস্বীকার) করাও কর্তব্য। এ-রক্ম করলে স্বসম্প্রদারেরও
ত্বন্ধীকার) হয় এবং পরসম্প্রদারেরও উপকার হয়। অন্যথা স্বসম্প্রদারেরও
ক্রতি হয়, পরসম্প্রদারেরও অপকার হয়। যে কেউ (ওপু) আত্মসম্প্রদারীতি-('ভক্তি'-) বশত, অর্থাৎ তার গৌরববৃদ্ধির উদ্দেশ্তে,

স্বীয় সম্প্রদায়ের প্রশংসা ও অন্য সম্প্রদায়ের নিদা করেন তিনি তত্ত্বারা স্বীয় সম্প্রদায়ের ক্ষতিই করেন।

"অতএব (সকল সম্প্রদায়স্থক্ত ব্যক্তিদের) একত্র সমবেত হওয়াই ভালো ('সমবায়ো এব সাধু')। তাতে সকলেই পরস্পরের ধর্ম (-তব) শুনতে পারে এবং শুনতে ইচ্ছুক হয়। দেবতাদের প্রিয় (রাজা আশোকর) ইচ্ছাও এই যে, সর্বসম্প্রদায়ই বহুশ্রুত (অর্থাৎ সকল ধর্ম সম্বন্ধে জ্ঞানসম্পন্ন) এবং কল্যাণগামী হোক।

"স্থতরাং বারা যে ধর্মের প্রতিই অন্থরক্ত থাকুন না কেন, তাঁদের সকলের কাছেই এ-কথা বক্তব্য যে, দেবতাদের প্রিয় (রাজা অশোকের) মতে কোনো দান বা সম্মানই সর্বসম্প্রদায়ের সারবৃদ্ধির মতো নয়। এতদর্থেই (অর্থাৎ উক্তপ্রকার সারবৃদ্ধির উদ্দেশ্যেই) ধর্মমহামাত্র, স্ত্রাপ্রক্রমহামাত্র, বচভূমিক ও অন্যান্য রাজপুরুষণণ ব্যাপৃত আছেন। এর ফল হচ্ছে সকল সম্প্রদায়ের বৃদ্ধি ও ধর্মের বিকাশ ('ধংমস দীপনা')।"

এই লিপিটি থেকে স্পষ্ট প্রতিপন্ন হচ্ছে যে অশোকের সময়ে বিভিন্ন সম্প্রদায়স্থক উৎসাহী ব্যক্তিরা নিছক স্বধর্মপ্রীতিবশত স্বসম্প্রদায়ের গুণকীর্তন ও অন্য সম্প্রদায়ের নিন্দা করতে কুট্টিত হতেন না এবং এ-কার্যে অনেক সময়েই বাক্সংযমের অভাবও লক্ষিত হত। এই ধর্ম কলহের বুগে অশোক যদি রাজাসন থেকে বৌদ্ধধর্মের মহিমাকীর্তনে ব্রতী হতেন তাহলে উক্ত ধর্ম কলহ প্রবলতের হয়ে ভারতবর্ষের অবস্থাকে শোচনীয় করে তুল্ত।

কিন্ত ওই দিপিটিতেই দেখা যাছে আশোক সুকলকেই স্বধন-প্রেশংসায় ও পরধন সমালোচনায় বিরত হতে কিংবা বাক্সংযম অবলম্বন করতে উপদেশ দিয়েছেন। শুধু তাই নয়, তিনি প্রধর্মের গুণস্বীকার করতে এবং তৎপ্রতি শ্রদ্ধা দেখাতেও উপদেশ দিয়েছেন। এ অবস্থায় তাঁর পক্ষে কোনো সাম্প্রদায়িক ধর্মের পৃষ্ঠপোষকতা ও প্রচার করা সম্ভবপর ছিল না। কেননা ধর্মপ্রচার করার মানেই হচ্ছে অন্যন্য ধর্মের তুলনায় কোনো বিশেষ ধর্মের শ্রেষ্ঠতা প্রচার করা এবং তাতে আত্মপাৰগুপুকা ও পরপাৰগুগর্হা তথা বাকৃদংযমের শীমালক্ষনও অনিবার্য। বস্তুত উক্ত লিপিটির গোডাতেই অনোক জানাচ্ছেন যে তিনি দানাদি কার্যমারা সকল সম্প্রদায়ত্বক পরিব্রাক্তক ও গৃহস্থ সকলের প্রতিই সমভাবে শ্রদ্ধা প্রদর্শন করতেন। অন্যান্য লিপিতেও তিনি পুন:পুন ব্রাহ্মণ ও শ্রমণকে সমভাবে সন্মান ও দান করার কথা উল্লেখ করেছেন। তাঁর এ-সমস্ত উক্তি যে নেহাত মুখের কথা মাত্র নয়, ঐতিহাসিকগণ তা স্বীকার করেছেন। গয়ার নিকটে 'বরাবর' পর্বতে তিনি আজীবিক সন্ন্যাসীদের জন্যে যে তিন্ট চমংকার গুছা তৈরি কবে দিয়েছিলেন, তাতেই তাঁর উক্তির আন্তরিকতা ও হৃদয়ের উদারতা প্রমাণিত হয়। স্থতরাং অশোকের বৌদ্ধর্মপ্রচারের কাহিনীকে নিতান্ত অমূলক বলেই স্বীকার করতে হয় |

Ċ

আমরা দেখেছি পূর্বোক্ত ছাদশসংখ্যক পর্বতলিপিটিতে আশোক একাধিকবার সূর্বধর্মের সারবৃদ্ধির উপর থূব জ্বোর দিয়েছেন এবং স্বশেষে বলেছেন যে, তাতেই 'ধর্মে'র বিকাশ ('ধংমুস দীপনা') হয়। তাছাড়া উক্ত প্রতলিপিটিতে যাকে বলেছেন 'সারবৃদ্ধি',

পঞ্চম পর্বতলিপিতে তাকে তিনি 'ধর্মবৃদ্ধি' বলে অভিহিত করেছেন। এর ধেকেই প্রমাণিত হয়, সর্বধর্মের অন্তর্নিহিত যে সাধারণ সারবন্ত তাকেই তিনি বলতেন 'ধর্ম' এবং যে-ধর্মের প্রচার তিনি করেছিলেন সে হচ্ছে ওই সর্বধর্মসার। এক স্থানে (২র ক্ষুদ্র পর্বতলিপি) তিনি এই সারধর্মকে 'পোরাণা পকিতী' অর্থাৎ চিরাগত প্রাচীন নীতি রাম বর্ণনা করেছেন। ভিনসেণ্ট শ্মিণও স্বীকার করেছেন বে. "The morality inculcated (by Asoka) was, on the whole, common to all the Indian religions"। ভক্তর রায়চৌধরীও অশোকপ্রচারিত ধর্মকে "the common heritage of Indians of all denominations" বলেই বর্ণনা করেছেন। যাহোক এই যে চিরাগত নীতিরূপ সার্থর্ম, অশোকের নিপিওনিতে বহুস্থলেই তার পরিচয় দেওয়া হয়েছে। তার থেকে স্পষ্ঠই প্রতীয়মান হয় যে আশোকপ্রশংসিত এই সার্ধর্ম আস্থে কতকগুলি চিরন্তন ও সর্বজ্ঞনীন চারিত্রনীতির উপরে প্রতিষ্ঠিত। তিনি আত্মা, ঈশ্বর (বা ব্রহ্ম). পুনর্জন্ম, নির্বাণ (বা মোক্ষ), জ্ঞান, কর্ম, ভক্তি বা অন্য কোনো দার্শনিক তত্ত্ব বা মতবাদের কথা বলেননি। পক্ষান্তরে তিনি তাঁর প্রজাগণকে পিতামাতা প্রভৃতি গুরুজনের প্রতি শ্রদ্ধা, আত্মীয়ম্বজন বন্ধবান্ধব ও দাসভৃত্যাদির প্রতি সদ্যবহার, প্রাণীর প্রতি অবিহিংসা, পরধর্মহিষ্ণুতা, সংযম, ভাবগুদ্ধি, রুতজ্ঞতা, দান, দয়া, অনালম্ব, সত্যবচন ইত্যাদি চারিত্রনীতি অমুসরণ করতে পুন:পুন উপদেশ দিয়েছেন এবং এগুলিকেই তিনি 'ধর্ম' নামে অভিহিত করেছেন। এইজনাই ডক্টর রমেশচক্র মজুমদার বলেছেন, "The aspect of dharma, which he emphasised, was a code of morality rather than a system of religion"

ত্মতরাং এ-বিষয়ে কিছুমাত্র সংশয় থাকতে পারে না বে অশোক কোনো সাম্প্রদায়িক ধর্ম প্রচার করেননি। কিছ তথাপি জাঁর त्राकचकारम त्रोद्धधर्म नवत्थारम अञ्चल्लानिष्ठ हरत्र काममगरासत्र কুদ্র গণ্ডি লক্ষ্মন করে সর্বত্ত ছড়িয়ে পড়তে উন্নত হয়ে উঠেছিল এ-কথা অন্থুমান করার বিক্লছে কোনো যুক্তি নেই। ব্যক্তিগতভাবে অশোক পরমনিষ্ঠাবান বৌদ্ধ ছিলেন এবং খুব সম্ভবত তিনি ভিক্সবেশও ধারণ করেছিলেন। ^১ স্থতরাং জনসাধারণ যদি অশোকের প্রচারিত অসাম্প্রদায়িক সর্বজ্বনীন ধর্মকে স্বীকার করে নিয়েও তাঁর ব্যক্তিগত আদর্শ ও আচরণের ধারাই বেশি অমুপ্রাণিত হয়ে থাকে তাতে বিশ্বিত হবার কোনো কারণ নেই, বরং উক্তপ্রকার রাজকীয় আদর্শের প্রভাব এডিয়ে চলাই কঠিন। তাছাড়া স্বয়ং রাজা ও ধর্মহামাত্রাদি রাজপুরুষগণের উদ্যোগে আহুত 'সমবার' বা ধর্মসন্মেলনগুলিতে বৌদ্ধর্ম সম্বন্ধে জ্ঞানলাভের এবং তৎসংস্পর্ণে আসার বহু স্কবোগও জনসাধারণ নিশ্ব পেরেছিল। হিউএন্তসাঙ্জে অভ্যর্থনা করা উপলক্ষ্যে হর্ষবর্ধনকত কি অমুষ্ঠিত ধর্মসম্পায়ের কথা শ্বরণ করলেই এ-কথার সার্থকতা বোঝা যাবে। এ-রকম সমবার অনুষ্ঠিত হ্বার পূর্বে বৌদ্ধধর্মের পক্ষে ওভাবে স্বস্থকে প্রকাশিত হ্বার স্থযোগ ছিল না। স্থতরাং অশোকের রাজ্যকালে বৌদ্ধর্মের প্রচার ও প্রসারের পথ অনেকটা গৃহজ্ব হয়ে এসেছিল এ-কথা মনে করা অকংগত নয়।

যা হোক উক্তপ্ৰকার ধর্মসম্বায় উপলক্ষ্যে জনসাধারণকে বৌদ্ধ ধর্মের সজে পরিচিত হ্বার স্থবোগ দিলেও অশোক বৌদ্ধর্মের গৌরব তথা প্রসার বর্ধনার্থ ও-ধর্মের অয়ধা প্রশংসা ও অন্য ধর্মের নিক্ষার

५ णु ०३---नाग्डीका ५ उद्देश ।

প্রশ্রম দেননি। তার কারণ এই যে, তিনি যে রাজা এবং রাজা হিসাবে কোনো বিশেষ ধর্মের (ব্যক্তিগত ভাবে সে-ধর্ম জার যত প্রিয়ই হোক না কেন) পূর্চপোবকতা করা তাঁর পক্ষে অম্প্রচিত (অর্থাৎ রাজধর্মবিরোধী) এ-কথা তিনি কখনও বিশ্বত হননি। 'দেবানং প্রিয়ো পিয়দিস রাজা এবম আহ', তাঁর লিপিওলির এই সাধারণ মুখবন্ধ এবং 'সবে মুনিলে পজা মমা' (সব প্রজারাই আমার পুত্রস্থানীয়) এই বিখ্যাত উক্তিটি থেকেও বোঝা যায়, তিনি তাঁর 'রাঞ্চ'পদ তথা 'রাজ'কর্তব্য সম্বন্ধে সর্বদাই সচেতন ছিলেন। কোনো শক্তিশালী রাজার পক্ষে তাঁর অতান্ত প্রিয় ধর্মমতকে প্রজাদের দ্বারা ব্যাপকভাবে শ্বীকার করিয়ে নেওয়া কম প্রলোভনের বিষয় নয়। অশোক সেই श्रामाजनारक मःयठ करत्रिक्तिन वर्णाष्ट्रे मान इस धवः धोर्ह जात অন্যতম শ্রেষ্ঠ কৃতিত্বের বিষয়। শুধু তাই নয়, ব্যক্তিগত ধর্মমতকে অম্বরালে রেখে এবং তৎকালপ্রচলিত বহু মতবাদের কোনোটিরই দিকে কিছুমাত্র না ঝুঁকে তিনি যে সর্বধর্মের সাধারণ সারবস্তুরূপ চারিত্রিক দীতির উন্নতিসাধনেই ব্রতী হয়েছিলেন এবং 'সমবায়'-নীতি আ<u>শ্র</u>য় করে সর্বসম্প্রদায়ের মধ্যে সম্প্রীতিস্থাপনে প্রয়াসী হয়েছিলেন, এখানেই অশোকের যথার্থ শ্রেষ্ঠতা এবং আদর্শরাজোচিত বিচক্ষণতার পরিচয় भारे।

b

এ-স্থান অশোকের ধর্মনীতির সঙ্গে ওরক্ষজীব ও আকবর, ভারতবর্ষের এই ছুইজন অন্যতম শ্রেষ্ঠ নরপতির অবলম্বিত নীতির তুলনামূলক আলোচনা করা অসংগত হবে না। তাতে আমাদের প্লালোচ্য বিষয়ট স্পাইতর হবে বলেই মনে করি। প্রসক্ষরে এঁদের চরিত্রগত বৈশিষ্ট্য সম্বন্ধেও সাধারণভাবে কিছু আনোচনা করা বাবে। প্লাশা করি তাতে ঔংস্করাহানি ঘটবে না।

মোটামুটভাবে বলা যায় যে, প্রাগাধুনিক যুগে প্রায় সমগ্র ভারতব্যাপী মহাসাম্রাজ্যের প্রথম অধীশ্বর হচ্ছেন অশোক এবং শেষ অধীশ্বর হচ্ছেন ওরক্তীব। আশ্রের বিষয় এই যে, ভারতবর্ষের এই চুইজন মহাসম্রাটের ব্যক্তিগত চরিত্রে অম্ভত সাদৃশ্র দেখা যায়। সিংহাসনলাতের জন্য দুজনকেই গৃহযুদ্ধে ও প্রাতৃনিধনে শিপ্ত হতে হয়েছিল এবং উভয়েরই রাজ্যাভিষেক হয় সিংহাসনপ্রাপ্তির কিছুকাল পরে। উভয়েরই চরিত্রগত প্রধান বৈশিষ্ট্য হচ্ছে স্বধর্মামুরাগ। উভয়েই নিজ নিজ ধর্মশাল্পে গভীরভাবে ব্যুৎপন্ন ছিলেন। ঐকান্তিক ধর্মপ্রাণতা এবং সরল অনাড়ম্বর জীবন-যাত্রার জন্যে উভয়েই সমকাশীন জনগণের শ্রদ্ধা আকর্ষণ করেছিলেন। खेतककी वरक ७९कामीन मूगममानगच्छमात्र 'किमाभीत' রাজবেশধারী 'দরবেশ' বলে সন্মান করত। অশোক সভ্যসভাই বৌদ্ধসংঘে যোগ দিয়ে ভিক্সবেশ ধারণ করেছিলেন এ-কথা মনে করার হেড় আছে। স্থতরাং একজন ছিলেন রাজবেশী দরবেশ, আরেকজন ছিলেন ভিকুবেশী রাজা। অনালগু ছিল এদের চরিত্তের चारतक रेविनिष्ठा. श्रीय कर्डनाशानान धवः तामकार्य शतिपर्नान अंत्रत কেউ বধাসাধ্য চেষ্টার ক্রটি করেননি। কিন্তু তাঁদের চরিত্রগত বৈবম্যও কম গুরুতর নয়। ঔরক্ষীব স্বীয় রাজ্যে ইতিহাস রচনা সম্পূর্ণরূপে নিবিদ্ধ করে দিয়েছিলেন। কিন্তু অশোক শীদ্ধ শাসনকালের ইতিহাস না হোক ঐতিহাসিক উপাদানসমূহকে রাজ্যের সর্বত্ত পর্বতগাত্তে ও শিলাভতে চিরস্থায়ীরূপে লিপিবর করে গিয়েছেন।

একজন ছিলেন সর্বপ্রকার শিল্পন্তির প্রতি সম্পূর্ণ বীতরাগ, আরেরজন ভারতবর্বের শিল্পইতিহাসের অন্যতম শ্রেষ্ঠ যুগের প্রবর্তক। বিকলন স্থীয় ধর্মের মহিমাপ্রতিষ্ঠার উদ্দেশ্তে সারাজীবন বৃদ্ধবিপ্রহে লিগু থেকে আকবরের বৃদ্ধি ও বীর্ষবলে ভ্রপ্রতিষ্ঠিত মোগলসাম্রাজ্যের ভিন্তিতে ফাটল ধরিয়ে দিলেন, আরেবজন ঐকান্তিক ধর্মান্থবিক্তিবশত সর্বপ্রকার হিংসা তথা বৃদ্ধবিপ্রহ সম্পূর্ণরূপে পরিহার করে চক্রপ্রথের স্থবীর্যাজিত ও ভ্রনীতিশাসিত বিশাল মৌর্বসাম্রাজ্যের বিনাশের স্চনা করলেন।

কিন্তু উরক্ষণীব ও অশোকের সবচেরে গুরুতর পার্থক্য হচ্ছে তাঁদের ধর্মনীতিগত। উরক্ষণীব ইসলামধর্মকে রাজধর্মের উপরে প্রাধান্য দিয়েছিলেন। অর্থাৎ তাঁর আদর্শ অমুসারে মুস্লমান হিসাবে তাঁর যা কর্তব্য তাই ছিল মুখ্য এবং রাজকর্তব্য ছিল গোণ। স্থতরাং তাঁর জীবনে যখন ইসলামধর্মও রাজধর্মের মধ্যে বিরোধ উপস্থিত হল তথন তিনি স্বধর্মনিষ্ঠার কাছে প্রজাবাৎসল্যকে বলি দিতে কিছুমাত্র দিধা বোধ করেননি। তিনি যদি এদেশে নিছক ধর্মপ্রচারক দরবেশরূপে জীবনযাপন করতেন তাহলে সম্ভবত তাঁর ঐকান্তিক নিষ্ঠা, আদর্শ চরিত্র এবং গভীর শাক্তজ্ঞান নিয়ে অসামান্য সাফল্য ও কীর্তি অর্জন করতে পারতেন। কিংবা তিনি যদি কোনো ইসলামধর্মবল্মী দেশে

১ উরঙ্গনীবের ধর্মের আদর্শ ছিল শিল্পরচনার বিরোধী, পকান্তরে অপোকের ধর্মবোধই তার সমত্ত শিল্পরচনার মূল প্রেরণা কুলিরেছে। এই প্রদক্ষে রবীক্রনাধের একটি উদ্ধি বিশেষভাবে অর্থীর। "অপোকের রচিত তুপ ও অন্ত বুছগরার বোধিবটন্তের কাছে গাঁড়াইলা আছে। ভারার শিল্পকলাও সামান্ত নহে। বে পুণায়ানে ভগবান বুছ মানবের জ্বংখনিস্ভির পথ আবিহার করিলাছেন, রাল্ডক্রবর্তী অপোক সেইখানেই, সেই পরমনলনের অর্থনিস্ভির, কলাসৌন্দর্বের প্রভিত্তী করিলাছেন" (সাহিত্য, সৌন্দর্যবেধ)।

রাজত্ব করতেন তাহলে হয়তো আদর্শ রাজা বলে গণ্য হতেন। কিছ ভারতবর্ধের ন্যায় অমুসলমানপ্রধান দেশের রাজমুক্ট শিরে ধারণ করাতেই তাঁর জীবনটা ব্যর্থতার পর্ববসিত হয়েছে। এইখানেই উরল্জীবের তথা মোগলসাদ্রাজ্যের ও ভারতীয় ইতিহালের ই্যাক্ষেডি।

অশোক অত্যন্ত নিষ্ঠাবান্ বৌদ্ধ ছিলেন সন্দেহ নেই, কিন্ধ তিনি উরক্ষীবের স্থার ব্যক্তিগত ধর্মকে রাষ্ট্রীর ধর্মে (state religionএ) পরিণত করতে কথনও প্রয়াসী হননি। স্থতরাং জাঁর জীবনে ব্যক্তিগত ধর্মবিশ্বাসের সঙ্গে রাজধর্মের বিরোধঘটিত ট্র্যাক্ষেডি দেখা দেয়নি। তিনি ব্যক্তিগত ধর্মবিশ্বাস অর্থাৎ বৌদ্ধর্মকে রাষ্ট্রনীতি থেকে পৃথক্ রেখে তাঁর রাজকীয় কর্তব্যতালিকায় প্রজাবাৎসল্যকেই সর্বপ্রধান স্থান দিয়েছিলেন এ-কথা পূর্বেই বলা হরেছে। তা বন্ধি না হত তাহলে তৎকালীন অবৌদ্ধপ্রধান ভারতবর্ষে প্রচারলিক্ষ বৌদ্ধরাট্র অশোকের জীবনও ব্যর্কতার মধ্যে অবস্থিত হত।

পরধর্মসহিক্ষ্তার আদর্শ ধরে বিচার করলে শের শাহ, শিবাজী, কাশ্মীররাজ জৈছ-ল্ আবিদিন ১(১৪১৭-৬৭) এবং বিশেবভাবে আকবরের সঙ্গেই অশোকের তুলনা করা সমীচীন। জৈছ-ল্ আবিদিনের রুতিছ বিশেবভাবে প্রশংসনীয়। আকবরের পূর্ববর্তী হলেও ধর্মনীতিগত উদারতা ও বিচক্ষণতার তিনি আকবরের চেরে কিছুমাত্র হীন ছিলেন না। যা হোক এছলে আমরা পূর্বোজ্ঞ তিনজনের প্রসক্ষ উত্থাপন না করে আকবরের সঙ্গে অশোকের তুলনার কর্মাই বিশেবভাবে আলোচনা করব। কেননা আমাদের প্রক্ষে সেইটাই অধিকতর ওৎস্ক্রের বিষয় ও শিক্ষাপ্রদ।

नक्छ चर्धमिक छेत्रक्कीत्वत क्रांत गर्दधमिक काक्वरत्व गरकर

অশোকের সায়গ্র অনেক বেশি। সমরনিপুণ সাদ্রাজ্যপ্রতিষ্ঠাতা ও অশৃথল শাসনব্যবস্থার উদ্ভাবক হিসাবে চক্রগুপ্ত মৌর্যই আকবরের সঙ্গে অধিকতর তুলনীর। কিন্তু ব্যক্তিগত অনাশশু বা শ্রমশীলতা, ইতিহাসরচনা ও শিল্পষ্টির আগ্রহ, আন্তরিক প্রজাবাৎসন্য এবং বিশেষভানে ধর্মনীতিগত উদারতার হিসাবে অশোক ও আক্ররের সাদুখ্য বিশেষভাবে শক্ষ্য করার যোগ্য। অশোকের পূর্ববর্ণিত 'আত্মপাৰগুপূজা'- ও 'পরপাবগুগর্হা'-বিষয়ক নীতি এবং আকবরের অমুন্থত 'হল্ছ্-ই-কুল্' (universal toleration, স্বধ্নসহিষ্ণুতা) नीि वृत्र अरु । छेत्रक्रकीरवत 'माक्र-न्-रेगमाय' (वर्धाए रेममाय-রাজ) নীতি অশোক ও আকবর উভয়েরই আদর্শবিরোধী। অশোকের 'সমবারো এব সাধু' এই গুরুত্বময় উক্তিটি আকবরের 'ইবাদংখানা'র কথা শ্বরণ করিয়ে দেয়। আকবরের ইবাদংখানায় (উপাসনাগৃহে) হিন্দু, মুস্লমান, জৈন ও এপ্রিটান সম্প্রদাযের নেভৃষানীয় পণ্ডিতগণ একত্র সমবেত হয়ে ধর্মানোচনা করতেন। তাতে প্রত্যেক ধর্মের লোকের পক্ষেই 'বছশ্রুত' হয়ে অপরাপর ধর্মের প্রতি শ্রন্ধার ভাব পোষণ করা সহজ হবে, এই ছিল, আকবরের অস্ততম অভিপ্রায়। অশোককণিত সমবায়ের উদেশ্রও ছিল ঠিক এইরূপেই সকল সম্প্রদায়ের মধ্যে ঐক্য ও পারস্পরিক শ্রদ্ধার ভাব হৃষ্টি করা। বহু ধর্মের সংস্পর্শে এলে আকবরের মনে সমস্ত ধর্মের সার সংগ্রহ করে এবং তারই উপর জোর দিয়ে সর্বসম্প্রদায়ের যথ্যে আন্তরিক ঐক্যন্থাপন করার ইচ্ছা দেখা দিয়েছিল। তার ফলেই 'দীন ইলাহী' नामक नवशर्मत পतिकल्लना इत्र। जालाक श्नःश्न गर्वशर्मत সারবৃদ্ধির উপর জোর দিরেছেন। কিছ আকবরের স্থায় তিনি এই সারধর্মকে কোনো নবধর্মের আকার দিতে প্রবাসী হননি।

পক্ষান্তরে তিনি তাকে স্পষ্টতেই 'পোরাণা পকিতী' অর্থাৎ চিরন্থন ধর্মনীতি বলেই অতিহিত করেছেন। তাছাড়া আকবরের দীন ইলাইী অশোকপ্রশংসিত ধর্মের জার নিছক চারিত্রনীতির উপরে প্রতিষ্ঠিত ছিল না এবং তাতে অন্ধর্ঠানাদিরও স্থান ছিল। কিছ অশোকের ধর্মে আন্ধর্ঠানিকতার স্থান নেই; বরং তিনি নির্ব্ধক অন্ধর্ঠানের ('মল্লণ') অপ্রশংসাই করেছেন। সর্বশেষ কথা এই বে, ধর্মসমবায়নীতির সাহায্যে সর্বসম্প্রদার তথা সাম্রাজ্যের মধ্যে ক্রিক্সপ্রতিষ্ঠার এই যে অপূর্ব সাধনা, তা অশোক এবং আকবর উতরের ক্লেত্রেই তাঁদের জীবনাবসানের সঙ্গে সঙ্গেই ব্যর্থতার মধ্যে বিলীন হয়ে গেল। সে ব্যর্থতা শুধু অশোক এবং আকবরের পক্ষেন পরস্ক সমগ্র ভারতবর্ধের পক্ষেই এক মর্মান্ত্রিক ট্র্যাজ্যেডি। ভারতইতিহাসের এই করণতম ট্র্যাজ্যেডির কথা পরের অধ্যারে আলোচিত হল।

ধর্মনীতির পরিণাম

ভারতবর্ষের ইতিহাসে মৌর্যসাম্রাজ্যের গুরুত্ব অবিসংবাদিত। वाहवरण ७ भागमरेनभूरभः, धर्मविखारत ७ श्रकातव्यस्न, धेयर्प ७ শিল্পে, এবং দর্বোপরি বছির্জগতের দক্ষে যোগস্থাপনে ও বৈদেশিক শক্তির শ্রদ্ধাত্মর্জনে মোর্যসামাজ্যের গৌরব ভারতবর্ষের ইতিহাসে অতুলনীয়। বৈদিক বুগ থেকে যে আর্ঘ্যসভতা ক্রমবিস্তার লাভ করতে করতে ভারতীয় সভ্যতার ব্লপ ধারণ করছিল, তার পূর্ণ পরিণতি ঘটে মৌর্যুগে। আর, এদেশের ক্রমবর্ধ মান রাষ্ট্রগঠনপ্রচেষ্টাও এই যুগেই পূর্ণ দাফল্য লাভ করে প্রায় দমগ্র ভারতবর্ষে পরিব্যাপ্ত হয়ে পড়েছিল। বন্ধত সংস্কৃতির বিস্তার ও রাষ্ট্রগৌরব, এই উতর निक् निरम्रहे धरे यूग इल्ल जात्रजनत्रत्व अजिशामिक अञ्चानसम সর্বোচ্চ সীমা। এই অস্থাদয়ের চরম পরিণতি ঘটেছিল প্রৈরদর্শী অশোকের রাজহকালে। আর, অশোক হচ্ছেন ভধু ভারতবর্ষের নয় পরত্ত সমগ্র পৃথিবীরই অন্ততম শ্রেষ্ঠ সমাট। অথচ এই অশোকের রাজত্বের অত্যন্তকাল পরেই যৌর্বসাদ্রাজ্যের বিনাশের হুচনা হয়। মৌর্যুগের পর ভারতবর্ষের ইতিহাস আর কথনও অন্তর্ম সর্বাদীণ গৌরবের অধিকারী হয়নি। শ্বতরাং অশোকের রাজন্বকালের পর এত শীঘ্র মৌর্যসাম্রান্ধ্যের পতন ঘটল কেন, এইটে স্বভাৰতই ঐতিহাসিকগণের বিশেষ অস্কুসন্ধানের বিষয় এবং আমাদের পক্ষেও वित्यव निकाक्षत ।

মৌর্বসাদ্রাজ্যের অবনতি ও ধ্বংসপ্রাপ্তির কতকগুলি কারণ অতি ত্মুস্পান্ত। এত্বলে সেগুলির বিস্তৃত আলোচনা নিপ্রয়োজন। সে সম্বন্ধে অতি সংক্রেপে কয়েকটি কথা বলেই নিরম্ভ হব।

প্রথমত, উক্ত সাদ্রাজ্যের অতিবিশালতাই তার পতনের অন্ততম কারণ। তথনকার দিনে অত বড়ো প্রকাণ্ড সাদ্রাজ্যকে এক কোরণ। তথনকার দিনে অত বড়ো প্রকাণ্ড সাদ্রাজ্যকে এক কেন্দ্রের আয়তে রাখা ও তার সমস্ত প্রান্তে স্থান্সন প্রতিষ্ঠা করা সহজ্ঞসাধ্য ছিল না। সে খুগে রাজপণের যথেষ্ট উরতি হয়েছিল বটে, কিন্তু যথেষ্টসংখ্যক রাজপণ্ডের রক্ত্রজনে সাদ্রাজ্যের সমস্ত প্রান্ত রাজধানী পাটলিপুত্রের সঙ্গে দৃঢ়ভাবে বাঁধা পড়েছিল কিনা সন্দেহ। 'All roads lead to Rome' এর অন্থর্মপ উক্তি পাটলিপুত্র সম্বন্ধেও প্রযোজ্য বলে মনে হয় না। আর, বহুসংখ্যক রাজপণ্ড থাকলেও আধুনিক কালের জার ক্রতগতি যানবাহনের অভাবে তৎকালে অত বড়ো সাদ্রাজ্যকে যথোচিতরূপে কেক্সান্থগত করে রাখা সন্তব ছিল না। রাজধানী পাটলিপুত্রের ভৌগোলিক অবন্থিতিও সাদ্রাজ্যের সর্বাংশের আন্থ্যগত্য বজায় রাখার পক্ষে অন্থ্যক ছিল বলে বোধ হয় না। রাজধানী যদি সাদ্রাজ্যের কেক্স্থলে কিংবা আশক্ষিত বিপৎস্থলের সরিকটে অবন্থিত হত তাহলে হরতো উক্ত

ছিতীরত, রাজকুমারগণের ব্যক্তিগত স্বাতদ্প্র- ও রাজত্ব-লিকা। অনোকের মৃত্যুর অনতিকাল পরেই জলোক নামক তাঁর এক পুত্র কাশ্মীরে এক স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠা করেন। বীরসেন নামক অপর এক পুত্রও সন্ধারে স্বাতন্ত্র্য অবলম্বন করেন। একথা নিশ্চিত বে খ্রী পৃ ২০৬ অব্দের পূর্বেই স্থতাগদেন নামক এক শক্তিশালী রাজা (সম্ভবত উক্ত বীরদেনের বংশবর) ভারতবর্বের উন্তরপদ্দিম প্রান্তে স্বাধীনভাবে রাজন্ব করছিলেন। রাজকুমারগণের এরকম স্বাভদ্র্যপ্রতিষ্ঠার ইতিহাস থেকে অশোকের উত্তরাধিকারীদের মধ্যে আত্মকলহের কথাও অমুমান করা যায়। অশোক নিজেও শ্রাভূ- কলহে জন্মলাভ করে সিংহাসনের অধিকারী হ্যেছিলেন, বৌশ্ধ সাহিত্যে একথার উল্লেখ আছে।

তৃতীয়ত, অশোকের পরবর্তী মৌর্থ রাজাদের অনেকেই যে হুর্বল, রাজপদের অযোগ্য ও প্রজাপীড়ক ছিলেন সে বিষয়ে সম্বেছ নেই। বাহ্মণ্য, বৌদ্ধ বা জৈন সাছিত্যে তাঁদের গৌরবকাছিনী প্রায় নেই বললেই হয়, যা আছে তাও অতি নগণ্য। তাঁদের রাজত্বকালের কোনো শিল্পনিদর্শন বা শিলালিপি পাওয়া যারনি। নাগার্জুনি পর্বতে অশোকের পৌত্র দশরপের যে তিনখানি কিপি পাওয়া গিয়েছে তার অসৌর্চব কক্ষ্য করার বিষয়। এসব কারণে মনে হয় এঁদের রাজত্বকালে অশোকের আমলের ঐশ্বর্য ও শিল্পগৌরব অন্তর্হিত হয়ে গিয়েছিল। অশোকের অভ্যতম বংশধর (সম্ভবত প্রপৌত্র) শালিঙক সম্বন্ধে গার্গীসংহিতায় বলা হয়েছে শ্বরাব্রং মর্গতে ঘোরং ধর্মবাদী অধার্মিকঃ । শেব মৌর্বরাজ বৃহত্রপও নিতান্ত অকর্মণ্য ছিলেন এবং সৈন্তপরিচালনার তার সেনাপ্তির হত্তে ভক্ত করেই শিক্তিক ছিলেন। এই স্থ্যোগে সেনাপ্তি পৃশ্বমিত্র সৈন্তদের সম্বন্ধেই তাঁকে নিহত করে সিংহাসন অধিকার করেন।

চতুর্থত, প্রান্তবর্তী অচিরবিজিত প্রদেশগুলির প্রংখাতদ্রালাভের খাতাবিক ইচ্ছাও সাত্রাজ্যের ডিডিন্সে ভাঙন ধরার অন্ততম কারণ সন্দেহ নেই। কাশ্মীর, গন্ধার, বিষ্ঠ্য, ক্লিক প্রভৃতি জনগদ অশোকের অত্যন্ন কাল পরেই স্বাধীন রাজ্যে পরিণত হয়। অনেক ক্ষেত্রেই রাজপুরবগণের উৎপীড়ন ও তজ্জনিত বিদ্রোহের ফলেই এই প্রাদেশিক
স্নাতন্ত্র্য প্রতিষ্ঠিত হয়েছিল একথা মনে করার হেডু আছে।
দিব্যাবদান প্রছে দেখা যায়, একবার বিশ্বসারের আমলে এবং
আরেকবার অশোকের আমলেই তক্ষশিলা নগরে হুইামাত্যগণের
উৎপীড়ন ('পরিভব') ও অপমানের ফলে প্রজাবিদ্রোহ ঘটেছিল।
অশোকের শিলালিপিতেও তোসলী (কলিকে), উজ্জারিনী এবং
তক্ষশিলার মহামাত্রগণের অত্যাচারের উল্লেখ আছে। অশোক
অবশ্র এই অত্যাচার নিবারণের জন্ম যথাসাধ্য চেঠা করেছিলেন
এবং হয়তো অনেকটা সাফল্য লাভও করেছিলেন। কিন্তু তাঁর
হুর্বল উত্তরাধিকারীরা অত্যাচারী অমাত্যগণকে দমন করতে সমর্থ
হননি বলেই মনে হয়।

যথন এই সমস্ত অকর্মণ্য রাজাদের শিথিল মৃষ্টি থেকে চক্রগুপ্ত ও অশোকের পরিচালিত রাজদণ্ড শ্বলিতপ্রায় হয়ে এসেছিল তথন একদিকে রাজ্যলিক্স সেনাপতি প্যামিত্র এবং অপরদিকে বিজয়কামী 'হুইবিক্রাস্ত' ও 'মুদ্ধ্র্মন' যবনগণের আক্রমণে মৌর্যসাম্রাজ্য ছিন্নবিচ্ছিন্ন হয়ে গেল। সাম্রাজ্যের শক্তিকেক্সপ্রস্থান রাজধানী যদি বৈদেশিক আক্রমণকারীদের প্রবেশপথের নিকটে অবস্থিত হত তাহলে হয়তো ভারতবর্ষে যবনবিজয় এত সহজ্ঞসাধ্য হত না।

0

অশোকের অবলম্বিত শাসননীতিও মৌর্বসাফ্রাজ্যের অবনতির কৃতকটা সহায়তা করেছে বলে অমুমিত হয়েছে। তাঁর মৃত্যুর প্রায় সকে সকেই সামাজ্যে ভাঙন ধরেছিল, এর থেকে স্বভাবতই মনে হয় এ বিষয়ে তাঁর দারিছও সম্ভবত কম নয়। 'রাজুক' নামক একশ্রেণীর প্রচুর ক্ষতাশালী রাজপুরুষকে অনেকথানি স্বাতন্ত্রা ও বছশতসহস্র প্রজার শাসনভার অর্পণ করেছিলেন। একপ্রেণীর বিশিষ্ট কর্মচারীকে এতথানি ক্ষমতা, স্বাতস্থা এবং এত বেশি লোকের উপর আধিপত্য করার স্থযোগ দান রাজ্যের সংহতি রক্ষার পক্ষে খুব সম্ভব অমুকুল হয়নি এবং অশোকের পরবর্তী ভূর্বল রাজাদের পক্ষে ওই রাজ্কগণকে সংযত রাখা প্রার অসম্ভব ছিল, এমন অমুমান করা থেতে পারে। দ্বিতীয়ত, অশোক ছিলেন দানে মুক্তহন্ত। তাঁর শিলা-দিপিতেও প্ন:পুন দানের মহিমা বীতিত হরেছে। দরিদ্রকে जिकामान, बाञ्चनधारक व्यथमान, इतित्रमिशरक हित्रगामान, गर्दश्य-मञ्जामायात्क माहायामान, जाकीविकामत जेत्कत खहामान, बुरक्कत জন্মভূমির সন্মানার্থে লুম্বিনী গ্রামকে রাজস্ব ('বলি' ও 'ভাগ') থেকে মৃক্তিদান প্রভৃতি কার্ষে অশোক নিশ্চয়ই বিস্তর অর্থবায় করেছিলেন। এই প্রসঙ্গে হর্ষবর্ধ নের অতিদানপরায়ণতার কথাও শ্বরণীর। তাছাড়া দেশে ও বিদেশে মাক্স্ব ও পত্তর চিকিৎসাব্যবস্থা এবং ভেষজ সংগ্রহ ও রোপণ, রাজপথে কুকরোপণ, কুপখনন প্রভৃতি জনহিতকর কার্য, সর্বধর্মের সারবধনার্থ ধর্মমহামাত্রাদি নিয়োগ, নানা দেশে দৃতপ্রেরণ, রান্ধোর সর্বত্র পর্বতে স্বস্তে ও ফলকে धर्मिणि छेरकित्रण अतः नानानिश निज्ञक्षारुष्ठीत्र हक्षान्छ ও विमुनादङ्ग मिक्क वर्ष निकार जातकथानि कीन राम अलिक्षिण अवः जात्क সাম্রাজ্যের আর্থিক শক্তির অনেকথানি ক্ষতি হয়েছিল, এমন অন্তুমান করা অসংগত নয়। কিন্ধ অশোকের বিরুদ্ধে স্বচেয়ে বড়ো অভিযোগ এই যে, কলিকবিক্ষয়ের পরে তিনি বে সংগ্রামবিষ্থতার নীতি

অবলম্বন করলেন তার ফলে সামাজ্যের সামরিক শক্তি বিশেষভাবে বাহিত হয়েছিল। তাতে আভান্ধরীণ বিজ্ঞাহ এবং বৈদেশিক প্লাক্রমণ, ছটোই সহজ্ঞসাধ্য হয়েছিল। পূর্বেদেখিয়েছি যে অশোক স্ক্রপ্রকার যুদ্ধেরই বিরোধী ছিলেন না। তিনি রাজ্যবিভারমূলক বুদ্ধেরই বিরোধী ছিলেন, কিন্তু রাজ্যরক্ষামূলক বুদ্ধের প্রয়োজনীয়তা छिनि चौकांत कताएन। ^२ छिनि छांत रामांमगरक अरकवारत एउट দিরেছিলেন একথা মনে করার কোনো কারণ নেই: শেষ মৌর্যরাজ বৃহত্রথের সেনাদলের কথা স্থবিদিত। কিছু একথা স্ত্য বে কলিকব্ৰের পরে তাঁর মন বুদ্ধবিগ্রহের প্রতি একান্তরূপেই বিমুখ হয়ে উঠেছিল এবং নিজে দিগ্বিজয়নীতি পবিহার করেই তিনি ক্ষান্ত হননি; তাঁর পুত্রপ্রপোত্রেবাও যেন ভবিষ্যতে নবরাজ্যবিজ্বের আকাজ্বা মনে স্থান না দেন সে ইচ্ছাও তিনি প্রাকাশ করে গিয়েছেন। ত্মতরাং যে সামরিক শক্তির সাহায্যে চক্রগুপ্ত বিশাল মৌর্যসামাজ্যের প্রতিষ্ঠা করেছিলেন অশোক সেই সামরিক শক্তিকে অবছেলা করে সাম্রাজ্যের বিনাশের পথ প্রশস্ত করে দিয়েছিলেন একথা অস্বীকার করবার উপায় নেই।

8

কিন্ত এগুলি হচ্ছে বাফ কারণ। এর চেরে গভীরতর কোনো কারণ আছে কিনা এবং মৌর্ঘসাদ্রাজ্যের পতনের সঙ্গে অন্যোকের অফুস্ত ধর্মনীতির কার্যকারণ সম্বন্ধ আছে কিনা তাও অফুসন্ধান করা প্রয়োজন। বহুকাল পূর্বে মহামহোপাধ্যায় হুরপ্রসাদ শাল্পী এই

১ পু ३० জটব্য।

অভিমত প্রকাশ করেছিলেন যে অশোকের ধর্মনীতির বিরুদ্ধে ব্রাহ্মণগণের প্রবল প্রতিক্রিয়া ও বিজ্ঞোহের ফলেই মোর্যসাম্রাজ্ঞার পতন ঘটে। তিনি এই পতনকে একটি বিরাট রাষ্ট্রবিপ্লব-(great revolution-)এর ফল বলে বর্ণনা করেছেন এবং তাঁর মতে ওই বিপ্লবের নায়ক ছিলেন ব্রাহ্মণসাপতি পৃথামিত্র ওক। ভক্তর হেমচন্দ্র রায়চৌধুরী এই অভিমতের বিরুদ্ধে অনেক বৃক্তি দেখিয়ে বলেছেন, The theory which ascribes the decline and dismemberment of the Maurya Empire to a Brahmanical revolution led by Pushyamitra does not bear scrutiny.

অশোকের ধর্মনীতিব বিক্লকে বিদ্রোহী হয়ে ব্রাহ্মণগণ এক বিপ্লব বাধিয়েছিলেন এবং তারই ফলে নৌর্থসাদ্রাজ্যের অবসান ঘটে একথা মনে করার কোনো কারণ নেই বটে, কিন্তু একথাও বোধকরি অস্বীকার করা যায় না যে তৎকালীন বেদমাগী ব্রাহ্মণগণ মৌর্থসাদ্রাট্গণের (বিশেষত অশোকের)প্রতি প্রসন্ন ছিলেন না এবং তাঁদের ওই অপ্রসন্নতা উক্ত সাদ্রাজ্যের পতনের পক্ষে আহ্বকার।
করেছিল। কথাটা বিশেষভাবে বিশ্লেষণ করে দেখা দরকার।

আধুনিক কালের দেশী এবং বিদেশী সমস্ত ঐতিহাসিকই অশোকের শ্রেষ্ঠন্ধ ও মহন্দের কথা মুক্তকণ্ঠে ঘোষণা করে থাকেন। তাঁদের মতে সমস্ত পৃথিবীর ইতিহাসেই অশোকের মতো আদর্শ রাজার দৃষ্টান্ত বিরদ। স্থবিখ্যাত 'Outline of History'-রচয়িতা এইচ. জি. ওয়েল্স্এর মতে অশোক ছিলেন 'one of the greatest monarchs of history'। অশোকের কৃতিত্ব সম্বন্ধে ওয়েল্স্ বলেছেন, He is the only military monarch on record who

১ Political History of Ancient India \$ (ম পু ৫০১)

abandoned warfare after victory...He made—he was the first monarch to make— an attempt to educate his people into a common view of the ends and way of life...Asoka worked sanely for the real needs of men. অতঃপর পৃথিবীর ইতিহাসে অশোকের স্থাননিগ্র উপদক্ষ্যে তিনি বলেছেন, Amidst the tens of thousands of names of monarchs that crowd the columns of history...the name of Asoka shines, and shines almost alone, a star. From the Volga to Japan his name is still honoured. China, Tibet ...preserve the tradition of his greatness. More living men cherish his memory today than have ever heard the names of Constantine or Charlemagne. ওয়েন্দ্ সাহেবের এই উত্তির স্তাতা অস্থীকার করার কোনো কারণ নেই!

বেসব রাজারা সমকালীন জনসাধারণের চিত্তে গভীর প্রভাব বিস্তার করেন এবং পরবর্তী কালেও যুগে যুগে বহুসংখ্যক নরনারীর স্থতিতে উজ্জল হয়ে বেঁচে থাকেন তাঁদেরই আমরা শ্রেষ্ঠত্বের মর্যাদা দিয়ে থাকি। এঁদের ঐতিহাসিক স্বরূপ কালে কালে বিরুত হলেও দেশের সাহিত্যে, কাহিনীতে ও কিংবদন্তীতে এঁদের মহন্ত চিরজীবী হয়ে থাকে। যুরোপের শার্লেমাঁ, আরবের হাক্রন-অল রসিদ এবং ভারতবর্ষের বিক্রমাদিত্যের কালজন্ত্রী মহন্ত উক্তপ্রকার জনপ্রসিদ্ধির ভিতর দিয়েই আমাদের কাছে পৌছেছে। রাজোচিত মহন্তের বিচারে সম্রাট্ অশোকের গৌরব এঁদের কারও চেয়ে কম নয়। ভারতবর্ষের ইতিহাসে তাঁর রাজমহিমা সত্যই অভুলনীয়। স্প্তরাং জনপ্রসিদ্ধিতে অশোকের স্থান বিক্রমাদিত্যের চেয়ে কম হবে না

এটাই শ্বভাবত মনে হয়। কিন্তু একণা শ্ববিদিত যে অশোকের স্থৃতি ভারতবর্বের জনশ্রুতি থেকে প্রায় সম্পূর্ণ মুপ্ত হয়ে গিয়েছে। অপচ জনমেজয় পরীক্ষিৎ বা জনকের খ্যাতি আজও এমেশের জনশ্বতিতে অক্ষয় হয়ে বিরাজ করছে। এই উক্তিটিকে একটু সংশোধন করে বলা উচিত যে বৌদ্ধ জগতে অর্থাৎ চীনে তিকাতে এক্ষে সিংহলে অশোকের শ্বতি জনচিত্তে এখনও জীবস্ত রয়েছে এবং সে শ্বতি নিছক শ্বতিমাত্র নয়, পরম প্রদ্ধাপৃণি শ্বতি; কিন্তু ভারতবর্ষের আহ্বাস্থ্য সমাজ্ব থেকে সে শ্বতি একেবারেই বিল্পু হয়ে গিয়েছে। এর থেকে মনে হয় উক্ত আহ্বাস্থ্য সমাজ সম্ভবত কোনো কালেই অশোক সম্বন্ধে প্রদার ভাব পোষণ করেনি।

¢

এবিষয়ে প্রাচীন সাহিত্যে কি পাওয়া যায় বিচার করে দেখা যাক।
প্রথমেই দেখি দীপবংস, মহাবংস, দিব্যাবদান প্রভৃতি বৌদ্ধগ্রছে
আশোকের কীর্তিকাহিনী সবিস্তারে বর্ণিত বা অতিরক্সিত হয়েছে।
কিন্তু ব্রাহ্মণ্য সাহিত্য অশোক সম্বন্ধে প্রায় সম্পূর্ণয়পেই নীরব।
প্রাণের বংশতালিকায় অবক্স অশোকের নাম আছে, কিন্তু সে উল্লেখ
শুর্ধ নামমাত্রই। প্রাণে তার চেয়ে বেশি আশাও করা যায় না।
অন্তত্র মৌর্যবংশ তথা অশোক সম্বন্ধে যে সমস্ত প্রত্যক্ষ বা পরোক্ষ
উল্লেখ পাওয়া যায় তাতে গভীর অশ্রন্ধাই প্রকাশ পেয়েছে।
মহাপরিনিক্ষানম্বন্ধ, মহাবংস, দিব্যাবদান প্রভৃতি বৌদ্ধগ্রছে মৌর্যদের
ক্ষত্রিয় বলেই বর্ণনা করা হয়েছে। কিন্তু ব্রাহ্মণ্য প্রাণ্যাহিত্যে
বৌর্যদিগকে কোনো কোনো স্থলে 'শুক্রবোনি' এবং অন্তর্জ 'শুক্রপ্রায়

অধামিকি' বলে কলম্বিত করা হয়েছে। 'শৃজপ্রায়' কথার স্বারা লাইই বোঝা যার মোর্যরা বস্তুতই শৃদ্ধ ছিলেন না; রাহ্মণদের বিচারে 'অধামিকি' বলেই তাঁদের শৃদ্ধশ্রেণীস্থক্ত করা হয়েছে। মুদ্রারাক্ষণ নাটকে চক্রপ্রথ মোর্যকে 'বৃষক' আখ্যা দেওয়া হয়েছে। মন্থুসংহিতার (১০।৪৩) মতে শাস্ত্রনির্দিষ্ট 'ক্রিয়ালোপ'- এবং 'রাহ্মণাদর্শন'-বশত ধর্মদ্রষ্ট ক্ষরিয়কে বৃষক বলে অভিহিত করা যায়। মহাভারতে পাইই বলা হয়েছে—

যশ্মিন্ ধর্মো বিরাজেত তং রাজানং প্রচক্ষতে।
যশ্মিন্ বিদীয়তে ধর্মস্তং দেবা বৃষদং বিছ: ॥
বৃষদাহ ভগবান্ ধর্মো যন্তক্ত কুক্ষতে হলম্।
বৃষদং তং বিছ: · · · ।

---শান্তিপর্ব ৯০।১৪-১৫

অর্থাৎ যে রাজাতে ধর্ম বিরাজমান থাকে তাঁকেই যথার্থ রাজা বলা হয়, আর বাঁর থেকে ধর্ম বিল্পু হয় তিনি র্যল নামে বিদিত। ভগবান্ ধর্মই রয়, যিনি সেই ধর্মকে ত্যাগ বা ব্যর্থ (অলম্) করেন তাঁকে রয়ল বলা হয়। এই উক্তির শেবাংশটি ময়সংহিতাতেও (৮।১৬) গত হয়েছে। অতএব এবিষয়ে কোনো সম্পেহ নেই যে ব্রাহ্মণস্থীয়ত ধর্মকে বাঁরা মানতেন না ব্রাহ্মণদের মতে তাঁরাই রয়ল। বৌদ্ধসাহিত্যে (সংযুত্তনিকায় ১।১৬২) দেখা যায় সমসাময়িক ব্রাহ্মণরা বৃদ্ধকেও 'রয়ণ' বলে নিলা করতেন। চন্ত্রপ্রথের রয়ল অভিধা থেকে অল্পমিত হয় যে তিনি ক্রিয় হয়েও ব্রাহ্মণোপদিষ্ট ধর্মকে শীকার করেননি। এই প্রসঙ্গে ভক্তর রায়চৌধুরী বলেছেন, The Mauryas by their Greek connection and Jain and

Buddhist leanings certainly deviated from the *Dharma* as understood by the great Brahmana lawgivers.

জৈনসাহিত্যে চন্দ্রগুপ্তকে নিষ্ঠাবান্ জৈন বলে বর্ণনা করা হয় ; তাছাড়া যবনরাজ্ঞ দেলুকলের সঙ্গে তাঁর বৈবাহিক সম্পর্কের কথাও স্থবিদিত। আর অশোকের বৌদ্ধর্ম অবশয়নের কথা তো বলাই বাহল্য। স্থতরাং ব্রাহ্মণরা বে তাঁদের 'বৃবল' এবং 'শৃত্যপ্রায় স্থবামিক' বলে নিন্দা করবেন এটা কিছুই আশ্তর্বের বিষর নয়।

একটু পূর্বেই বলেছি গৌতম বৃদ্ধকেও তৎকালীন ব্রাক্সণরা বৃষণ বলে অপভাষণ করতেন। কিন্তু বৈদিক ধর্মত্যাগী বৃদ্ধকে শুধু বৃষণ বলেই ব্রাহ্মণদের আফ্রোশ মেটেনি। তাঁকে 'চোর' বলে গালাগালি করতেও তাঁরা কুষ্টিত হননি। রামায়ণে বলা হয়েছে—

বথা হি চৌর: স তথাহি বৃদ্ধ তথাগতং নাত্তিকদত্র বিদ্ধি। তত্মাদ্ধি বং শক্যতম: প্রজ্ঞানাম্ স নাত্তিকে নাভিনুখো বৃধং ভাং॥

-- वार्याधाकां ७ २०२।०८

ভাগবত পুরাণেও এই বিষেষপরায়ণ মনোভাব প্রকাশ পেয়েছে—
ভতঃ কলৌ সংপ্রবৃত্তে সম্মোহায় স্থর্ঘিবান্।
বৃদ্ধনায়ান্তনহুতঃ কীকটেযু ভবিশ্বতি ॥

--ভাগবত সালহঃ

এর থেকে স্পষ্ট বোঝা বাজে ব্রাহ্মণদের মতে স্পরংহবীদের মোহ বটাবার জন্মেই বুদ্ধ জ্বাবিভূতি হংছিলেন। স্থ্যবিষ্ মানে দেবতাদের শত্রু জ্বাবি

১ Political History চতুৰ্ সং পৃ ২>৫ ৷

অমুর। উদ্ধৃত শ্লোকটিতে বৌদরা মুর্ছিষ্ বা অমুর বলে নিশিত हरप्रदृष्ट । युक्त ७ वोक्तामन थिंछ खान्नाभागन थेरे व विषय छ। वृद्धत আবির্ভাবকাল থেকে শুরু করে এদেশ থেকে বৌদ্ধর্ম উৎথাত না হওয়া পর্যন্ত কগনও নিরম্ভ হরনি। এই বিছেবের সংস্কার আমাদের সামাজিক মন থেকে এখনও সম্পূর্ণ বিলুগু হয়নি। আধুনিক কালে ব্রাহ্মদের বিরুদ্ধে গোড়া হিন্দুদের মধ্যে যে কঠোর মনোভাব দেখা দিরেছিল, তৎকালে বৌদ্ধদেরও অঞ্দ্রপ মনোভাবের সম্মুখীন হতে হরেছিল। এই বিশ্বেষময় কঠোর মনোভাবের অবিশ্রান্ত আঘাতে পরাভূত হরেই বৌদ্ধর্য অবশেষে এদেশ থেকে তিরম্বত হরেছে। আমাদের দেশে যুরোপের স্থায় রক্তপাতময় ধর্মসংগ্রাম হয়নি এবং রাজা তথা রাষ্ট্রশক্তি সাধারণত কোনো প্রকার ধর্মন্বন্দে হস্তক্ষেপ করতেন না একথা সত্য। কিন্তু পরধর্মসহিষ্ণুতা আমাদের সামাজিক চিত্তে বা সাহিত্যে কথনও সম্পূর্ণ প্রাধান্ত পায়নি। ধর্মত্যাগীদের সংশ্রব বর্জন ও তাদেব একখরে করাব মনোবৃত্তিই আমাদের সমাজকে পরিচালিত করেছে। সমগ্র ব্রাহ্মণ্যসাহিত্যে বৌদ্ধ বা জৈন ধর্মের গুণগ্রাহিতার দৃষ্টান্ত একান্তই বিরল, পক্ষান্তরে বৌদ্ধবিরোধী মনোভাবের দৃষ্টান্ত ও-সাহিত্যে প্রচুরপরিমাণেই পাওয়া বার। প্রাচীন বৌদ্ধ, জৈন ও ব্রাহ্মণ্য সাহিত্যে উক্ত ধর্মগুলির পারম্পরিক কলহের কথা ইতিহাদ:জ্ঞর অবিদিত নয়। পরবর্তী কালের বৈষ্ণব, শাক্ত ও শৈব ধর্মের কলহও সর্বজনবিদিত, আঞ্চও তার সম্পূর্ণ অবসান ঘটেনি। তাই বলছিলাম প্রথমস্থিকুতা আমাদের সামাজিক মনের বিশিষ্ট শব্দণ নয় এবং ব্রাহ্মণা অসহিষ্ণুতাই বৌদ্ধর্মকে অবশেবে বেশছাড়া করে ছেড়েছে।

তিক্ষত্রতী বৃদ্ধ বধন ভিক্ষাপ্রার্থী হরে ব্রান্ধণের ছারস্থ হলেন তথন ব্রাহ্মণ গৃহস্থ তাঁকে ভিক্ষা তো দিলেনই না, অধিকন্ত গালাগালি করে বিদার

করলেন, এমন ঘটনা সেই প্রাচীনকালেও বিরুষ ছিল না। বজের প্রতিহন্দী দেবদত্ত বৃদ্ধকে নিহত করার বড়বন্ধ করে রাজা অজাতশফের সহায়তা প্রার্থনা করেছিলেন এবং রাজাও তাতে সম্মত হয়েছিলেন, এ ইতিহাস আমাদের কাছে এসে পৌছেছে। ২ মহাবস্ত-অবদান প্রভৃতি পরবর্তী কালের বৌদ্ধএম্বেও ব্রাহ্মপদের বৌদ্ধনির্বাতনের কাহিনী আছে। তথ্য হিসাবে এসব কাহিনী সত্য না হলেও এগুলির মূলে কিছু সত্য আছে একথা সম্বীকার করা বার না।^৩ বছ পরবর্তী কালেও বে এ মনোভাবের অবসান ঘটেনি তার প্রমাণ আছে। রাজ্ঞ। হর্ষবর্ধন বৌদ্ধর্মের প্রতি বিশেষ অমুরাগ দেখিয়েছিলেন বলে ত্রান্ধণগণ তাঁর উপর অত্যন্ত ক্রন্ধ হয়। ওধ তাই নম, পাঁচশো ব্রাহ্মণ বন্ধ করে হর্ষবর্ধনের নির্মিত একটি সংখারামে আগুন লাগিয়ে দেয় এবং রাজাকে হতা। করতেও চেষ্টা করে। চৈনিক পরিব্রাক্তক হিউএছসাঙ এই ঘটনার প্রাক্তাক্ষদর্শী সাক্ষা, তাঁর গ্রন্থে এর বে বিস্তৃত বিৰৱণ পাওৱা বায়⁸ ভাব সভাতা অস্বীকার করার কোনো কারণ নেই। কুমারিলভট্ট ও শঙ্করাচার্যের বৌদ্ধবিরোধী প্রচারকার্যের ইতিহাসও সর্বজনবিদিত। যাহোক, অজাতশক্তর আমল থেকে শঙ্করাচার্বের সমর পর্বস্ত এই যে ধারাবাহিক বৌদ্ধবিরোধী মনোভাব, অশোকের রাজত্বালে ভা অবিভয়ান বা নিজিও ছিল একথা মনে করার কোনো কারণ নেই।

১ Mookerji, Hindu Caralization পু ২৬৪ ৷

^{₹ 3,9 330-381}

ও দ্বাজেক্রলাল দিজ-প্রশীত Sanskrit Buddhist Literature of Nepal পু ১২১ জইবা।

s Beal, Si-yu-ki 34 46 7 33a-33 /

আমবা দেখেছি ভাগৰত পুরাণে বৌদ্দের স্বৃহিষ্ বা অস্ব বলে নিন্দা করা হয়েছে। মার্কণ্ডের পুরাণে (৮৮Ie) মৌর্বংশকেই অহুর আখ্যা দেওরা হয়েছে। মহাভারতের আদিপরে (৬৭।১৩-১৪) অশোককে এক মহাস্থরের অবতার বলে বর্ণনা করা হয়েছে। বৌদ্দের এই যে স্থ্রছিষ্ বা অমুর বলে অভিহিত করা হয়েছে তার কারণ তাঁরা ব্রাহ্মণামুমোদিত দেবপূজার সমর্থক ছিলেন না। অশোক কিন্তু বৌদ্ধর্ম অবলম্বনের পরেও স্বীয় 'দেবানং পির' উপাবি পরিত্যাগ কবেননি। 'অশোকেব শিলালিপিতে কোথাও দেবগণের প্রতি ভক্তিপ্রদর্শনেব উপদেশ না থাকণেও এবং বিশেষভাবে অত্রাহ্মণাদের জক্ত রচিত করেকটি লিপিতে (যেমন বৌদ্ধসংখের উদ্দেশ্যে রচিত ভাব্রু ফলকলিপিতে এবং আজীবিক সন্ন্যাসীদের জন্মে রচিত তিনটি গুলালিপিতে) ওই উপাধি ব্যবহাব না করলেও অধিকাংশ স্থলেই ওই উপাধির উল্লেখ দেখা যার। সিংহলের বৌদ্ধ রাজা তিস্স এবং অশোকের পৌত্র দশর্থও ওই উপাধি ব্যবহাব করতেন। কিন্তু দেবপূজাবিরোধী বৌদ্ধরাজার 'দেবানাং প্রিয়ঃ' উপাধি ত্রাক্ষণদের নিশ্চরই ভালো লাগেনি। দেজন্মে তাঁরা 'আফ্রোশ'বশত বিজ্ঞপ করে 'দেবানাং প্রিয়ঃ' কথার অর্থ করলেন 'মূর্থ'। "ষষ্ঠ্যা আক্রোদে" অর্থাৎ আক্রোদ বোঝাতে হলে ষষ্ঠা বিভক্তির শোপ হবে না, পাণিনিব্যাকরণের অনুক্সমাস-প্রকরণের এই স্তত্তের (৬।৩।২১) কাত্যায়নক্কত 'দেবানাং প্রিয় ইতি চ মুখে'—এই বার্তিক থেকে উক্ত দিদ্ধান্তের যাথার্থ্য প্রতিপন্ন হবে। হতে পারে এই বৈদ্বাকরণিক অর্থান্তরসাধন পরবর্তী কালের, অর্থাৎ আশোকের मुमकारीन नव । किन्न बारकामछी यत्रि 'स्ववाना' खिब्न'त्वत्र व्यामण त्थरकहे চলে না আসত তাহলে পরবর্তী কালেও ওরকম অর্থবিক্ষতি হতে পারত না। কাত্যায়ন সম্ভবত অশোকের সমকাশীন কিংবা তাঁর অন্ন পরবর্তী ছিলেন।

